ভাকাতের হাতে

অচিন্ত্যকুমার সেনগুন্ত

প্রাপ্ত প্রভাগ ভবন

এ ৬৫, কলেন্দ্র খ্রীট মার্কেট •কলকাডা-১২

পুনমু দ্রণ ক্রৈয় ১৩৬২

প্রকাশিকা শুক্লা দে শ্রী প্রকাশ ভর্বন এ-৬৫ কলেজ খ্রীট মার্কেট কলকাতা-১২

প্রচ্ছদ শিল্পী পূর্ণজ্যোতি ভেট্টাচার্য

মৃত্রক
স্থানকুমার ঘোষ
মনোরম প্রিণ্টার্স
৪০এ মহেন্দু গোস্বামী লেন
কলকাতা-৬

কুশলকুমারকে দিলাম

ডাকাতের হাতে

বৈশার্থ মাস—প্রায় সন্ধ্যাকাল। ধলেশ্বরী নদীর উপর দিয়া একথানি নৌকা চলিতেছে।

নৌকা চলিয়াছে তালতলা হইতে কমলাঘাটায়।

কমলাঘাটা হইতে ছোট-ছোট ত্বইটা থাল পার হইরা, পাটক্ষেতের মধ্য দিয়া পথ ভাঙিয়া, তিন-চারটি বাঁশের নড়বড়ে দাঁকোর উপর তুলিতে তুলিতে তবে মুন্সিগঞ্জে পৌছান যাইবে। অনিল ইহারই মধ্যে ভারী ব্যম্ভ হইয়া উঠিয়াছে।

বুলুর কিন্তু ভারি ফুর্তি। সে বাবার সঙ্গে ছই-এর উপর বসিয়া নদীর জল দেখিতেছে। ঠিক মাথার উপর দিয়া এক ঝাঁক গাঙ-শালিক উড়িয়া গেল। কে যেন কতগুলি শাদা সিন্ধ-এর পাংলা কমাল হাওয়ায় উড়াইয়া দিয়াছে। বুলু হাতভালি দিয়া বলিয়া উঠিল-শ্বাঃ, কী স্থলর বাবা। মাঝিকে বলে' ধরে' দাও না কতগুলো। দাদা, ভার এয়ার-গানটা ছোঁড়না একবার।

নৌকার দোলানিতে অনিল অত্যন্ত কাব্ হইয়া পড়িয়াছে। পেটের মধ্যে নাড়িভ্ঁড়িগুলি কেঁচোর মত পাক থাইতেছিল। সেনীচেই পাটাতনের উপত্রে মায়ের কোলে মাথা রাথিয়া চোধ বৃদ্ধিয়া শুইয়া আছে। ভাঙায় পৌছিতে পারিলে সে বাঁচে।

তাহার চুলে আঙুল বুলাইতে-বুলাইতে মা কহিলেন—এই সামান্ত নদীতেই তুই এমন কাবু হয়ে পড়লি—তুই না বড় হয়ে বিলেড যাবি? সে ড'প্রকাণ্ড সমুদ্র—তিমি-মাছের হা-র মত এক-একটা চেউ।

অনিল কহিল—আমি জাহাজে করে' বাবও না—আমি বাব এরোপ্পেন চড়ে'। ছোট্ট একটা তারা হয়ে হাওয়ায় ভেসে বাব। জল দেখলেই আমার গা-বমি করে।

वित्राष्ट्रे तम भाषित्क शंक पिन-जात कछक्न, माथि ?

লগি, ঠেলিতে-ঠেলিতে মাঝি কহিল—এই ঘণ্টাটাক্। মাইল ছবেক আর আছে। অনিল উঠিয়া বসিয়া কহিল—ঘন্টাটাক্ ? এরোপ্লেন চড়ে' একু ঘন্টায় তুশো মাইল স্বচ্ছন্দে চলে' যেতে পারতাম, মা।

নদী বলিতে অনিল গোটা পাঁচ-ছয় গোলদী ঘির ধোগফল ব্ঝিত, কিন্তু তাহা যে আঁকিয়া-বাঁকিয়া ঢেউ তুলিয়া গর্জন করিয়া এত জায়গা ঘূরিয়াঘূরিয়া বহিয়া চলিয়াছে তাহা সে কলিকাতার বাসার বন্দী কুঠুরীতে বসিয়া
আন্দাজ করিতে পারে নাই। ধান-গাছকে সে তাহাদের বাভির সামনেকার
দেবদাক্ষ-গাছেরই সগোত্র ভাবিত, জলের উপর কচুরি-পানার ভূপ দেখিয়া
সে ভাবিয়াছিল, কে যেন সব্জ মথমলের বনাতে দিব্যি ফরাস বিছাইয়া
রাখিয়াছে—নদীর পাঁরের ছোট খডের ঘর ছাভিয়া যে সব ছেলে-মেয়ের
দল পাডে দাঁডাইয়া অকারণে বুলু ও তাহাকে মুখ ভেঙচায় তাহাদের দেখিয়া
অনিলের ছঃথের শেষ নাই—উহারা এমন নির্বোধ যে কী করিয়া ট্রাম-গাড়ী
চলে, রাজার উপরে দোতলা বাড়ির মত বাস যাওয়া-আসা করে, কলের
ফুটার মধ্যে একটা আনি ফেলিলে দেখিতে-দেখিতে কেমন করিয়া প্লাটফর্মটিকিট বাহির হইয়া আসে, তাহার পংকটের কলম দোয়াতে না ভূষাইয়াও
কেমন অনর্গল লিথিয়া যাইতে পারে—এই সব বেচারীয়া কিছুই জানে না।
উহাদের দিকে তাকাইলে অনিলের মায়া হয়।

মা'র দক্ষে সে মায়ের মামাবাভি চলিয়াছে। তালতলার বাজারের কাছে কোথায় নাকি তার ঠাকুরদার বাবার একথানি বাভি ছিল, দে-বাভি করে উড়িয়া গিয়াছে তাহার হিসাব নাই। দেই শুলু ভিটেটা দেখিবার জল্প বাবার হঠাৎ একদিন দথ হইল। অনিল ও বুলু এই স্বযোগে গ্রাম দেখিতে বাহির হইয়াছে। তালতলায় তুই দিন কাটাইবার পর মা-ও ছাড়িলেন না—তাহাকে তাহার মামাবাড়ি মুসিগঞ্জ ঘুরাইয়া আনিতে হইবে। আজ তুপুরে খাওয়াদাওয়া সারিয়া তাহারা নৌকা নিয়াছে। কিন্তু মুন্সিগঞ্জ আদে না।

যথেই হইন্তান্ত — এখন কলিকাতায় ফিরিয়া গেলে উবে অনিলের ঘুম আদিবে, ক্ষা হইবে। এই তিন চারদিনে খালি ঘোলাটে জল আর লমা- লম্বা পাটের জাটা দেখিয়া তাহার চক্ষ্ ক্ষা হইয়া গেল। আবার পাটের ক্ষেতে গ্রামের ছেলে-মেয়েরা দল বাঁধিয়া লুকোচুরি খেলিতেছে। ভাবিতে অনিলের গা ভয়ে ছমছম করিয়া উঠে। ক্ষেত ত'নয়—প্রকাণ্ড বন্। উহার

মধ্যে তাহাকে ছাড়িয়া দিলে এ জন্মেও সে বাহির হইতে পারিবে না। আর, কী বিশ্রী এই নদীটা—শেষ হইবার নাম নাই। নৌকাটিকে নিয়া যেন লোফালুফি থেলিতেছে—একবার একটু বে-কায়দায় পাইলেই যেন গিলিয়া বদিবে।

জনিলের মনের ভাব টের পাইয়া রাক্ষ্মী নদীটা যেন থিল থিল করিয়া হাসিয়া উঠিল।

দরকার নাই.— গ্রাম দেখিবার সথ তাহার মিটিয়াছে। বাঞ্ছি ফিরিয়া তাহার পড়ার ঘরের টেবিলের ধারে মাথা গুঁজিয়া আর-আর দিনের মত লুকাইয়া একটু ঘুমাইতে পারিলে সে কত আরাম পাইত! বুলুটার জ্বন্থ নোকায় বেড়ানর বিক্লম্বে কিছুই বলিবার জো নাই। বোকা মেয়েটার এত ফুর্তি হইয়াছে যে তাহার মুথ বন্ধ করে কাহার সাধ্য। নদী দেখিয়া তাহার ভয় করিতেছে গুনিলে বুলু মুথ বাঁকাইয়া নিশ্চয়ই তাহাকে ঠাটা করিবে। গা পাতিয়া দে-ঠাটা সে সহ্ব করিতে পারিবে না। একে বুলু তার ছোট, তায় কিনা মেয়ে। নৌকায় তাহার দক্ষে মারামারি করিবারও উপায় নাই। পা পিছলাইয়া পড়িয়া গেজেই সর্বনাশ। উহার ষা ইছছা তা বলুক!

সব চেয়ে মজা হয় যদি থানিকক্ষণ চোথ বুজিয়া থাকিয়া পরে চোথ মেল্লিয়াই সে দেখিতে পায় এই নদী-মাঠ-ক্ষেত্ত-বন—সমস্ত কথন থিয়েটারের 'সিন্'-এর মত অদৃভ হইয়া গিয়াছে—সে তাহার পড়ার ঘরের টেবিলের উপুর ম্যাপ বিছাইয়া মনে-মনে দেশ-ভ্রমণে বাহির হইয়া পড়িয়ীছে। সে-মন এরোল্লেনের চেয়েও জ্রুত্থামী। এক মিনিটে সে বিলাভ হইতে স্বচ্ছনেদ ঘুরিয়া আদিতে পারে। একটি আধলাও খরচ হইবে না।

কিন্ত মা বলিয়াছেন—তার মামাবাড়িতে অনিলের সমবয়সী অনেক ছেলেণিলে আছে। একমাত্র সেই তাহার আকর্ষণ। কলিকাতার গল্প বলিয়া তাহাদের তাক্ লাগাইয়া দিবে এই ভরদায়ই সে যা-একটু মজা পাইতেছিল। তাহার গ্রিপ্-ডাম্বেল, এয়ার-গান, ছবির বই, নতুন ফ্যাশনের কুক-থোলা কোট, ফাউন্টেন পেন্, শুড়-তোলা নাগরা জুতা—সব দেখিয়াই তাহারা হা হইয়া যাইবে। কিন্ত রাভ করিয়া দেখানে পৌছিলে এতসব তক্ষ্নি তক্ষ্নি দেখান যাইবে না। ছেলেগুলি ততক্ষণে নিশ্চয়ই বিছানায় লশ্বা হইয়া য্মাইয়া পড়িয়াছে।

অনিল আবার বলিল — আর কত দ্র, মাঝি ? একটু জোরে বাও না। উপর হইতে ব্লু বলিল— ওপরে উঠে আয় দাদা, কেমন ইন্দর হাওয়া দিয়েছে এখন।

প্রথমে ঝির-ঝির করিয়া হাওয়া দিয়াছিল, এখন দেখিতে-দেখিতে সমস্থ আকাশ কালো করিয়া ঝড় উঠিয়া গেল। আলিবার আগে এতটুকু খবর পর্বন্ধ দিল না। এতক্ষণ আকাশের কালো-কালো বিকটাকার দৈত্যগুলি যেন লোহার শিকলে বাঁধা ছিল, হঠাৎ ছাড়া পাইয়া একত্রে হুড়মুড় করিয়া জেল-ভাঙা কয়েদির মত বাহির হইয়া পড়িয়াছে। সারা আকাশে তাহাদের তুমুল জয়ধ্বনি ভক্ষ হইয়া গিয়াছে। নেকড়ে বাঘের মত ধারাল নধ ও দাঁত দিয়া ভাহারা যেন এখুনি আকাশটাকে ছিঁড়িয়া কুটি-কুটি করিয়া ফেলিবে।

বাবার হাত ধরিয়া ভয়ে ম্থধানা এতটুকু করিয়া বুলু ছইয়ের তলায় নামিয়া আসিল।

দৈত্যগুলি জলেও দাপাদাপি শুক্ষ করিয়াছে। নদীটা তাহাদের নাগরদোলা, চারিদিকে ফুটন্ত কেনা ছিটাইয়াল তাহারা হোলি খেলিতেছে। শৃষ্ট
মাঠ ভ্রিয়া হরস্ত ঝড় এঞ্জিনের বাঁশির মত দ্র দ্রান্তরে ছুটিয়া চলিরাছে—
কোথায় একটা-কি গাছের ঝুঁটি ধরিয়া দৈত্যরা তাহাকে সজোরে নাড়া
দিতেই সেট! মড়মড় করিয়া ভাঙিয়া পড়িল। বিহ্যতের সলে-সঙ্গেই মেঘগর্জন। দৈত্যগুলি যেন ছুরির ফলার মত ঝকঝকে দাঁত বাহির করিয়া
ছন্ধার দিয়া উঠিল। এখুনিই শমন্ত পৃথিবীকে তাহারা রসাতলে পাঠাইবে—
ভাহাদের হাতে কাহারো আজ নিস্তার নাই। ঘর-বাড়ি উড়াইয়া, গাছপাহাড় উল্টাইয়া, নৌকা-জাহাজ ভ্রাইয়া সব তাহারা এক্কিয়া করিয়া দিবে
—দেখি, কে তাহাদের ধরিয়া রাখে!

নৌকাটি দৈত্যগুলির চড়-চাপড় খাইয়া ক্রমাগত ডিগবান্ধি খাইতেছে। অনিল ও বুলুক্ক বাবা অমরেশবাবু অসহায় স্বরে বলিয়া উঠিলেন—শীগ্সির পাড়ে নৌকো লাগাও মাঝি। এই ঝড় মাথায় করে' যেয়ে আর কাল নেই।

মাঝিদের এতটুকুও ভর নাই—একজন ত' গলুই-এর উপর বিসিয়া পরম নিশ্চিন্ত মনে তামাক খাইতেছে। সদার-মাঝি বলিল—কী ভর বারু। কত ঝড় মাথার উপর দিয়ে এল-গেল—এই নৌকোর স্থামান্ত একখানি তব্দা

ডাকাতের হাতে

পর্যন্ত খোরা যায় নি। ঐ ত' কমলাঘাটা এসে পড়েছে। বলিয়া সে অক্স পারে একটা মিট্মিটে আলোর দিকে নির্দেশ করিল।

অমরেশবাবু বলিলেন—এই ঝড়ের মধ্যে এখন আবার পাড়ি দেবে নাকি ? সর্দার-মাঝি জোরে-জোরে বৈঠা টানিতে-টানিতে কহিল—কভক্ষণ আর লাগবে ? ঐ আলো দেখছেন না ? এই এসে পডলাম। কিচ্ছু ভয় করবেন না। এই করে' আমরা ধাই—বৈঠা টেনে-টেনে হাতে কড়া পড়ে' গেল—

বলিতে-বলিতে নৌকা কিনার ছাড়িয়া প্রায় মাঝ-নদ্বীতে আদিয়া পড়িল।
সঙ্গে-সঙ্গে মৃধলধারে বৃষ্টি শুরু হইয়া গেল—নদীর উপরে নদ্বী। লক্ষ-লক্ষ
ছিদ্রে আকাশের ট্যাকটি ঝাঁঝরা হইয়া গিয়াছে—দৈত্যগুলি মহা আহ্লাদে
অট্টহান্ত, করিতে-করিতে স্থান করিতেছে। এইবার তাহারা নৌকাটাকে
নিয়া 'রাগ্রি' থেলিতে শুরু করিল।

অনিল ও বুলুর মা চেঁচাইয়া উঠিলেন—শীগ্গির নৌকো ভেডাও, মাঝি।
তুমি সবাইকে ভুবিয়ে মারবে নাকি?

মাঝি আরো জ্বোরে নৌকা চালাইতে-চালাইতে কহিল—কোথায় নৌকো লাগবে ? দেখছেন না এখানটায় খালি কাশের জ্ব্বল—তার ধারে মড়া প্রোড়াবার শ্বশান। ছেলে-মেয়ে নিয়ে কোথায় এখানে নামবেন শুনি ?

অনিল থাড়া হইয়া উঠিল। ভয়াবহ বিপদের সামনে পড়িয়া তাহার তুচ্ছ মাথা-ধরা কথন ছাড়িয়া গিয়াছে। সে মাঝির কথা শুনিয়া ধমক দিয়া উঠিল—হোক্ শালান। তুমি ওথানেই আমাদের নামিয়ে দেবে। চল শীগ্রির, ফেরাওংনীকো। ঝড় থামলে পর ফের রওনা হওয়া যাবে।

মাঝি তবুও কথা শুনিতেছে না দেখিয়া বুলু বলিল—তোর এয়ার-গানটা বার করে' ছোঁড় না লক্ষীছাড়ার কপালে—

মাঝি হো-হো করিয়া হাদিয়া উঠিল। দৈত্যের মতই চেঁহারা, স্ফীত পেশীগুলি রৃষ্টি পড়িয়া বিহাতের আলোতে ঝিকমিক করিতেছে।

অনিলদের মা এইবার দপ্তরমত মিনতি করিয়া কহিলেন—না-হয় কমলাঘাটা পৌছতে তু'ঘন্টা দেরি হবে মাঝি, তোমাকে বেশি করে' বক্শিস দেৰ—জলের হাঁটে ভিজে সব এক্সা হয়ে গেল যে— সর্দার-মাঝিও স্থর নামাইয়া কহিল—কেন মিছে ভয় করছেন। এই পৌছে গেলাম বলে'। এ এমন কী ঝড! ভেতরে সবাই জভো হয়ে বস্থন না। ঐ ত' আলো এসে পডলো।

কাকুতি-মিনতিতেও মাঝিদেব নিরম্ভ কবা গেল না। অমরেশবার্ অস্থির হইয়া উঠিলেন। ঝড সমানে গর্জন করিয়া চলিয়াছে। য়তদূব চোথ য়ায় আগে-পিপ্টে ভীষণ অন্ধকাব। দূবে আলো একটা দেখা য়ায় বটে—এই অন্ধকাবে ঐ আলোটুকুই একমাত্র আশা—অসহায়ের সাস্থনা।

একটা ঢেউযেব বাডি খাইবা নৌকা প্রায় উল্টাইয়া গিয়াছিল—বুলু আব
অনিল একসঙ্গে টেচাইয়া উঠিল ৷ অমবেশবাবু বৃষ্টিব মধ্যেই বাহিবে আদিয়া
চীংকাব কবিয়া কহিলেন—তোমাব মতলবধানা কী ৷ কেন তুমি পাডে না
নিয়ে মাশ্র-নদীতে নৌকে। আনলে ৷

বুলু কহিল—মাবো না ব্যাটাকে। হাতেব লাঠিগাছটা ব্যাটাব মাথায় বসিষে দাও না আচ্ছা কবে'।

অনিল বোনেব চুল টানিযা দিযা কহিল—চুপ কব্ বুলু সব তাতে তুই কেন আসিস ফোপবদালালি কবতে ? মাঝিকে মাবলে নৌকো কে বাইবে শুনি ?

মাঝি আবাব হো হো কবিয়া হাসিয়া উঠিল।

কথার কোন উত্তব না পাইয়া অমবেশবাবু থাপ্পা হইযা উঠিলেন। কিন্তু রাগিয়াই বা তিনি কী কবিতে পাবেন ? এই উদ্দাম ঝড বৃষ্টির রাত্রে সম্পূর্ণ নদীর উপব কে তাঁহাকে আশ্রষ' দিবে ? চীৎকাব করিলেও কেহ শুমিতে পাইবে না । ধাবে-পাবে কোথাও কোনো জনপ্রাণীর আভাস মাই—এই অবশ্রভাবী মৃত্যুব সন্মুখে তাহাদের মত সধ করিয়া কেহ ক্থনও ভাসিয়া পডিয়াছে বলিয়া মনে হইল না।

নৌকা হঠাৎ কাৎ হইয়া পডিল। সর্পার-মাঝি মুক্কবিবুয়ানা করিয়া বিলল
—বোধ হয় আর বাঁচিয়ে রাখতে পারলাম না, বাবু—

তুম্ব কালার রোল পডিয়া গেল। মা বুলুকে কোলের কাছে টানিয়া লইয়া আর্তকঠে ঈশবকে ডাকিতে বদিলেন। অমরেশবাবু হায়-হায় করিছে ডাকাতের হাতে করিতে তুই হাতে চুল ছিঁ ড়িতে লাগিলেন। স্মার অনিল জামার তুই পকেটে তুই হাত ডুবাইয়া দিয়া হতভদ্বের মত দাঁড়াইয়া রহিল—এমন দৃশু জীবনে সে আর দেখে নাই। এমন উন্মুক্ত ঝড় এমন বিশাল জল এমন ভীষণ আক্ষণার — তুই চক্ষু মেলিয়া তাহাই দে দেখিতে লাগিল।

নৌকা থানিক পরেই আবার সামলাইয়া উঠিল। মাঝিরা বেশ ওস্তাদ, সহজে হাল ছাড়িবার পাত্র নয়। অমরেশবাব্ নিশ্বাস ফেলিয়া কহিলেন—কোন রকমে পাড়ে নিয়ে ফেল মাঝি, যা আমাদের আছে সব তোমাদের দিয়ে দেব।

मनात्र-माञ्चि চাপা गलाय कश्लि—नि क्य ।

কিন্তু জল আর ফুরায় না। পাড যে কোথায় তাহার কোনো ঠিকানা নাই। কমলাঘাটা বলিয়া মে-আলোটা মাঝি আগে দেগাইয়া দিয়াছিল তাহা হঠাৎ অত্যন্ত কাছে আদিয়া পডিল।

কিন্তু ভাল করিয়া ঠাহর করিয়া দেখা গেল যে, কোথা হইতে একটা পাৎলা ছিপছিপে ডিঙি ঢেউ ঠেলিয়া কাছে আদিয়া ঠেকিয়াছে। কাঠের একটা বাত্মের মধ্যে একটা কুপি জ্বলিতেটো দূর হইতে এতক্ষণ ঐ আলোটাই দেখা যাইতেছিল!

খার একথানা নৌকা দেখিয়া অমরেশবাবুরা কিছু আশ্বন্থ ইইলেন। বিপদ যতই ভয়ন্বর হোক্, সেই বিপদে সন্ধী পাইলে মান্ত্যের থানিকটা আরামবোধ হয় • তাঁহাদের সাহায্যের জন্ম ভগবান হয় ত' কাহাকেও পাঠাইয়া দিয়াছেন।

আশ্চর্য, দেখিতে-দেখিতে এড় থামিয়া গেল। নদী অনেকটা শাস্ত হইয়াছে। বুলু কৃহিল—এত করে প্রার্থনা করলে ভগবান কি না ভনে পারেন ?

মা বুলিলেন--বলতে নেই ও-কথা। আরো ডাক তাঁকে।

— কিন্তু মা, সিন্ধ-এর দামী ফ্রাকটা একেবারে গেল। দেখ, চুলৈর রিবনটার কী হয়েছে। ভারী শীত করছে যে। এখন একটাও ভীকনো কাপড় পাব না। মুন্সিগঞ্জের ওরা সব কী ভাবছে?

নৌকা থামিল। সন্থ-আগত ডিঙি হইতে কে-একজন এই নৌকার মাঝিকে উদ্দেশ ক্রিয়া কহিল—তামাক আছে? এক ছিলিম দে না সেজে। শীতে কাঁপছি ঠক ঠক করে'— দর্ণার-মাঝি উত্তর দিলে—আছে বৈ কি ? কে, সনাতন না ? জায়।
সনাতন ডিঙি হইতে নৌকায় লাফাইয়া উঠিল। ছইয়ের ভিজেরে চাহিরা
কহিল—বা, বেশ ভাল সোয়ারিই পেয়েছিস দেখছি।

অমরেশবাবু অস্থির হইয়া কহিলেন—এইবেলা ঝড়-বৃষ্টি একটু থেমেছৈ— শীগ্গির বেয়ে চল, মাঝি। কথন আবার আহাশ ভেঙে পড়ে ঠিক নেই।

সনাতন ক্লক্ষরে কহিল—দাঁডান বাবু, একটু সবুর করুন। বন্ধু-লোক এসে তামাক থেতে চাইছে, তাকে তামাক না দিয়ে নৌকো বাইতে হবে! আবার! কল্কে বার কর্, স্পার।

স্পার-মাঝির নাম গণেশ। সে বুলুর মাকে বলিল—দয়া করে' একটু গা তুলুন দিকি—পাটাতন সরিয়ে মাল-মশলাগুলি বার করি একবার।

মা সরিয়া বসিলেন। এক ফালি তক্তা সরাইতেই তলায় কতগুলী ধারাল অন্ত্র অমরেশবাবুর চোথে পডিল। ভয়ে তিনি আঁৎকাইয়া উঠিলেন। কোন কথাই তাঁহার মুথে আসিল না।

বুলু ফ্রান্টা চিপিতে-চিপিতে কহিল—আমরা জলে ভিজ্বছি আর ওঁরা তামাক ফুঁকে চাঙা হচ্ছেন। পাডে গিয়ে তামাক খাওয়া চলত না ?

গণেশ সরাসরি বুলুর না'র কাছে আসিয়া হাত পাতিয়া কহিল—দিন—
বিজ থেমে গেছে—বক্শিস দিয়ে দিন এবার।

ভয়ে মা'র মুখ পাংশু হইয়া গেল। কহিলেন—এখুনিই বক্শিদ সী?
কমলাঘাটায় পৌছে দাও আর্গে। ন

গণেশ হাসিয়া বলিল—আর কমলাঘাটা! সমস্ত রাতু বাইলেও সেখানে আজ আর পৌছানো যাবে না। অত হালাম করে' কী.হবে ? সময় নেই আমাদের। দিন—গায়ের থেকে ভালয়-ভালয় গয়নাগুলো খুল্তে থাকুন। খুকি, তোমার ঐ হার-ছড়াটা আমাকে বক্শিস দেবে না ?

নৌকার মধ্যে আবার একটা হাহাকার পড়িয়া গেল। ব্ৰিড়ে আর কাহারও দেরি হইল না যে, তাহারা ভাকাতের হাতে পড়িয়াছে। নির্ধন বিক্র নদীতে—কোথায় কোন অপরিচিত জায়গায় তাহারা আসিয়া পড়িয়াছে কে জানে—এই অন্ধকার রাত্রে শেষকালে তাহাদের ভাকাভের হাভেই প্রার্থ হারাইতে হইবে!

ভাকাতের হাতে

গণেশ আবার কহিল—দেরি করার সময় নেই। দিয়ে দিন শীগ্গির। বাক্স-পাঁটারাগুলো ডিঙিটার তুলতে থাক্, সনাতন। বিছানাটা? ওটা নদীতে ভাসিয়ে দে।

সনাতন অক্ত একটা ছোকরার সাহায্যে ডিঙিটায় অমরেশবাব্দের সমস্ত মালপত্র তুলিয়া লইল। বিছানাটা ছই হাতে ফাঁড়িয়া তাহার মধ্যে কিছু মূল্যবান জিনিস আছে কি না দেখিয়া লইয়া জলে ফেলিয়া দিল। রুলু চেঁচাইয়া উঠিল—ওটার মধ্যে আমার যে স্কিপিং রোপ্টা ছিল, মা।

গণেশ বলিল—মিছিমিছি কেন দেরি করছেন ? শেষকালে যে গায়ে আমাদের হাত তুলতে হবে। বলিয়া গণেশ সত্য-সত্যই তাহার ডান হাতটা বুলুর মায়ের দিকে বাড়াইয়া দিল।

অমরেশবাবু তাঁহার লাঠিগাছটি তুলিয়া হাঁকিয়া উঠিলেন—প্রবন্ধার!

অমনি বজ্রের মত গণেশ অটুহাস্য করিয়া উঠিল। কহিল—ঐ একটা লাঠি নিয়ে কী আপনি ভয় দেখাছেন ? আপনার একটা মাত্র লাঠি—আর আমাদের নৌকোর তলায় রাম-দা, ক্ছুল, থস্তা—এমন-কি একটা পিন্তল পর্যস্ত আছে। কাউকে সহজে খুন করতে আমরা চাই না, কিন্তু একটু কিছু, বাধা দিলেই দা তুলে ঘাড় বাড়িয়ে বেমাল্ম কোপ দিয়ে বয়ব। আর এক কোপেই সাবাড়। বলিয়া আবার সে হাসিয়া উঠিল।

অমরেশবাবু চোথে-মুথে আর পথ দেথলেন না। হাতের লাঁঠিটা নিস্পন্দ হইয়া রহিল। করুণ আর্তকণ্ঠে কহিলেন—আমাদের তোমরা এমনি করেই মারবে নাকি?

গণেশ রাম-দাটা ততক্ষণে হাতে তুলিয়া লইয়াছে। ম্থভদি করিয়া কহিল—একেবারেই মারব না। গয়নাগুলো খুলে দিন, সামনের ঐ চরে আপনাদের পৌছে দেব। দেখতে পাচ্ছেন না ঐ চর ? এমনি ঝড়ে ডুবলেও ত' জিনিসপত্রগুলি "আপনাদের যেত। আর, শুভেলাভে চকৈ যে পৌছে দেব তার জ্বন্তে সামান্ত ঐ গয়নাগুলো আমাদের বক্শিস দেবেন না? তা কি হয়? দিন। ঝড় পড়ে' গেছে—এখুনিই চার-দিক থেকে কাতারেকাভারে নৌকো এনে পড়বে। দেরি করবেন না! বলিয়া গণেশ রাম-দাটা শৃত্তে একবার চালনা করিল।

অগত্যা ভয়ে কাঁপিতে কাঁপিতে মা গা হইতে গয়নাগুলি খুলিয়া দিতে লাগিলেন। কানের ছল ছুইটি পর্যন্ত গণেশের চোধ এড়াইল না।

গয়নাগুলি কোঁচড ভরিষা তুলিয়া লইয়া গণেশ এইবার বুল্র দিকে অপ্রসর হইল। বুল্ ভয় পাইয়া বাবাকে জডাইয়া ধরিল। গণেশ কহিল—-কিছু ভয় নেই, খুকি। তোমাকে আমি মারব না। তোমার গলা থেকে হার-ছডাটা খুলে দিলেই আমি খুসি। বিষের সময় কত হাব পাবে।

तूलू माथा नाष्टिया कहिल-कक्थरना रमव ना।

গণেশ কহিল—না দিলেই ত' বিপদ। তোমাব বাবার মৃ্ত্টা আলাদা হরে যাবে।

म। वनत्नम-- निर्य (न वून् ।

সনাতন বলিল—তোমাব বাবা প্রাণে বাঁচলে কত হার গড়িযে দিতে পারবেন। তোমার মা দেখ ত' কত ভাল—চাওযা-মাত্ত দিয়ে দিলেন। কথা শোন থুকি, নইলে জলেব মধ্যে তোমাকে ছুঁডে ফেলে দেব কিন্তু।

বুলু কিছুতেই হাব দিবে না। সে মুথ ঝাম্টাইয়া বলিয়া উঠিল—পথে আসতে এত করে' ওঁদের গুষ্টি-শুদ্ধ চিঁডের মোয়া, ভাবের জল থাওয়ান হ'ল জার এথন কিনা উল্টে গ্রনা চাইতে এসেছেন!

গণেশ হাসিয়া বলিল—দেই জন্মেই ত' নৌকোটা তথন নদীতে ছ্বিয়ে দিই নি। পরের উপকার কিছু-কিছু আমরাও করতে জানি, খ্কুমুনি। এখন একবার এস ত' এদিকে।

বুলু বাবাকে আরো জোরে আঁকিড।ইয়া ধরিল। গণেশ হঠাৎ বাঁ ছাতে বুলুর গলা টিপিয়া ধরিল, নির্মম কণ্ঠে কহিল—হার না ছাডলে গলা টিপে মেরে ফেলব, বলছি।

বুলু প্রাণপণে চীৎকার করিয়া উঠিল। সঙ্গে-সঙ্গে মা-ও। স্থমরেশবাকু ধমক দিয়া উঠিলেন—ছাড গলা। হার খুলে দিচ্ছি।

গণেশ তব্ও গলা ছাডিল না, বুলুও সেই উদ্ধত হাতটাকে আঁচড়াইয়া কামডাইয়া রক্তাক্ত করিয়া দিতেছে। মা গণেশের পাগ্নে লুটাইয়া পড়িয়া কাদিতেছেন। গণেশ বলিতেছে—হার না ছাড়লে এই দা জোমার মাখায় পড়বে।

ভাকাতের হাতে

মৃষ্ট্রতে দিখিদিকজ্ঞানশৃত্ত হইয়া অনিল বাবার হাত হইতে ছড়িটা তুলিয়া লইয়া তাহার মোটা মাথাটি দিয়া গণেশের মাথায় ভীষণ জ্বোরে এক ঘা বসাইয়া দিল। অমনি চোথের পলকে সনাতন তাহাকে ঠেলা মারিয়া নদীর মধ্যে ফেলিয়া দিল।

মা অবুঝের মত চীৎকার করিয়া উঠিলেন। বুলু এইবার অনায়াদে হার ছাড়িয়া দিল। অমরেশবাবু ছেলেকে উদ্ধার করিবাব জন্ম জলে ঝাঁপাইতে যাইতেছিলেন, গণেশ বাধা দিয়া কহিল—আপনাকে আর কট্ট করতে হবে না। যা হরল্লে, ছোঁড়াটাকে ডিঙিতে তুলে নে।

সনাতন বলিল—যা বলেছিস্। আসামের চা-বাগানে ছোঁডাটাকে চালান দিলেও ত' হ'পয়সা হ'তে পারে। বলিয়া কোনদিকৈ দৃকপাত না করিয়া সে-ও জলে ঝাঁপাইয়া পড়িল।

আর এই মেয়েটাকেই বা ছাড়ি কেন ? বলিয়া সঙ্গের আর এক মাঝি—
নাম হরলাল—সহসা বুলুকে পাজা-কোলে করিয়া সামনের ডিঙিটার উপর
লাফাইয়া পড়িল। বুলুকে সেইথানে রাথিয়া আবার আসিয়া সে নৌকার বৈঠা
ধরিয়াছে।

বুলু অন্ধকার বিদীর্ণ করিয়া চীৎকার করিয়া উঠিল। সেই চীৎকারের প্রতিধ্বনি মিলিল মা ও বাবার সম্মিলিত আর্তকণ্ঠে। আর কোথাও কাহারো এতটুকু সাড়া মিলিল না।

নদী তথনো উত্তাল, শোঁ শোঁ করিয়া জোরে হাওয়া বহিতেছে—যেন কোন সস্তানহারা জননী তার হারান সন্তানকে খুঁজিয়া ফ্রিডেছে— আবাঁশ পিচ-এর মত আবার কালী করিয়া আসিল। আর দেখিতে দেখিতে অ্মরেশবাব্ ও তাঁর স্ত্রীর চোথের সম্মুখ দিয়া পাংলা ছিপছিপে ডিঙিটা তাঁহাদের সমস্ত সম্পত্তি লইয়া উধাও হইয়া গেল।

শুধু বাক্স-প্যাট্কা নয়—তাঁদের তুইটি মাত্র সন্তান—অনিক আর বুলু। টাকা-কড়ি গয়না-পত্র সমস্ত উজাড় করিয়া দিয়াও তাহাদের ফিরিয়া পাওয়া গেল না।

—মাঝি, এদের নিয়ে গিয়ে তুমি কি করবে ? ওরা তোমার কাছে কী দোষ করেছে ? তৃই হাতে কপালে আঘাত করিতে-করিতে মা মূর্ছিত হুইয়া পড়িলেন। অমেরেশবাব্র শোক করিবার সময় নাই। তিনি আঁজলা ভরিয়া জল জুলিয়া স্বীর কপালে-ম্থে ছিটাইতে লাগিলেন।

গণেশ খুব জোরে বৈঠা টানিতে লাগিল। সামনেই নতুন একটা চর
জাগিয়াছে, দেখিতে-দেখিতে নৌকা আসিয়া সেখানে ঠেকিল। গণেশ
বলিল—নামূন এবার নৌকো থেকে। ডাঙায় উঠে যত পারুন শ্বীকে
সেবা করুন বসে বসে ।

অমরেশবাব্ মিনতি করিয়া কছিলেন—ছেলে-মেয়ের শোকে অজ্ঞান হয়ে পডেছেন—কী করে নামাব ?

গণেশ কহিল—বেশ, আমি পাবের দিকটা ধরছি, আপনি মাথার দিকটা ধকন। এখুনি চোধ চাইলেন বলে'।

ধরাধরি করিয়া বুলুর মাকে নামান হইল।

গণেশ কহিল—এই লঠনটা রাথুন। পকেটে দেশলাই আছে আপনার ? নেই ? তবে নিন্ আমারটা। রৃষ্টিতে কিছু আর ওর আছে নাকি ? বলিয়া জনেক কষ্টে দে একটা কাঠি ধরাইল।

षमात्रभवाव विलियन-कौ कत्रव प्रभाव निरंग ?

কী করব দেশলাই নিষে! গণেশ মুখভঙ্গি করিয়া উঠিল, তাও আমাকে বলেঁ' দিতে হ'বে নাকি? কী বৃদ্ধি আপনার! নইলে কি কমলাঘাটা আগতে আউটসাহি আদেন? নতুন মাহুষ সঙ্গে একটা চেনা লোক নিয়ে আগতে নেই? যাক, লঠনটা জালুন। না, তাও আমাকে জেলে দিতে হ'বে?

অমরেশবারু ফ্যালফ্যাল করিয়া তাকাইয়া রহিলেন।

গণেশ বলিল—লণ্ঠনটা জেলে হাতে করে' শুন্তো নাড়তে থাকুন।
ঐ রকম নাড়তে থাকলে নৌকোর মাঝি কেউ বুঝতে পার্রবে যে ভীষণ
কোন বিপদে পিডেছেন। সাহায্য করতে আসতে পার্রে। নিন্, আমার
সময় নেই। ডিঙিটা গিয়ে ধরতে হ'বে।

অমরেশবাবু লঠন হাতে লইয়া মিনতি করিয়া কছিলেন—কিন্তু ওদের ওরা নিয়ে গেল কেন? ওদের তুমি ফিরিয়ে দিয়ে যাও, তোমাকে আরো অনেক টাকা দেব—যা তুমি চাও।

ভাকাতের হাতে

গণৈশ ততক্ষণে তার নৌকাতে গিয়া বদিয়াছে। বৈঠায় টান মারিয়া কহিল—টাকার কথা বলবেন না, হয়ত' রাত বেশী হ'লে আবার একবার ডাকাতি করতে আসব। এখন স্ত্রীকে কোন রকমে ভাল করে' তুলুন।

মৃছার মধ্যেই মা গোঙাইয়া উঠিলেন—ওদের তুমি ফিরিয়ে দিয়ে যাও মাঝি।

গণেশ বৈঠা টানিতে টানিতে কহিল—বাড়ী ফিরে যদি পুলিশে না ধবর দেন ত' ছেলে-মেয়ে আপনাদের একদিন কিরে আসতেও পারে। আর যদি দেখি পেছনে আমাদের পুলিশ লেগেছে তা হ'লে ওদের কাটাম্ত্ ছটো একদিন আপনাদের বাড়ীতে গিয়ে উপহার দিয়ে আসব। মনে থাকে বন—বলিয়া নৌকা লইয়া সে অন্ধকারে মিলাইয়া গেল।

আকাশে আবার হর্ণোগের ন্তন আয়োজন শুরু হইয়াছে। অমরেশ-বাবু লঠন তুলিয়া শৃত্যে হলাইছে লাগিলেন। কিন্তু কাহাকেও কোথাও দেখা গেল না।

় শুধুনদী ও মাঠ ভেদ করিয়া ছুইটি অসহায় শিশুর ক্ষীণ স্বর তাঁহার কানে বাজিতে লাগিল।

সাঁ সাঁ করিয়া নৌক। চালাইয়া গণেশ °ডিঙিটা ধরিয়া কেলিল। বলিল— আটকাজুরির খালের মধ্যে দিয়ে পালাতে হ'বে। থোলা নদীতে বেশীক্ষণ আর থাকা নয় এখন '।° কোথা দিয়ে কে এসে পড়ে' কিছু ঠিক নেই।

খালের .ম্থে ডিভি ঠেলিয়া সনাতন কহিল—প্রকাণ্ড দাঁও মারা গেছে আজ। ..

• হরলাল কহিল—ট্রান্ধ-বাক্স ত' সমস্তই—এমন কি ছটো জ্যান্ত প্রাণী পর্যন্ত শিকার করা গেছে। বলিয়া সে একবার অনিলের দিকে তাকাইল, কহিল—কি বাছাধন, আর আসবে ডাকাতের সঙ্গে লড়াই করতে ?

পাল টাঙ্কাইবার মোটা একটা কাছি দিয়া সনাতন অনিলের হাত-পা কোমর-গলা খুব আঁট করিয়া ক্ষিয়া বাধিয়া তাহাকে এক কোণে ফেলিয়া রাধিয়াছে। পরণের জামা-কাপড ছেঁডা, থোলা নদীর উপর শীতে হি-হি
করিতে করিতে দে হাঁটু ছুইটিকে বুকের মধ্যে গুটাইয়া একটা পুটুলির
মত গোল হইয়া পডিয়া রহিল। একটা কথা বলিতে যাইবে কি জমনি
মাথার উপর ডাগুার বাডি মারিয়া মাথাটা তাহার গুঁডা করিয়া দিবে
বলিয়া সনাতন শাসাইয়াছে। চীৎকাব করিয়া কোন লাভ নাই।

গণেশ বলিল—কিন্ত ঐ মেয়েটাকে তুধু-তুধু তুলে আনলি কেন? ওকে আবার কোন কাব্দে লাগবে? তোদের যেমন সব বৃদ্ধি!

দনাতন বলিল—হোঁডোটা কাজে লাগলে ও-ই বা এমন কি ফ্যালনা হবে? কৈছ্-পেশোয়ারির কাছে বিক্রি করে' দিলে মোটা পয়দা পাওয়া যাবে। ভালভলা হাটের ফজলকে দেই মনে নেই ভোর? ঝুলির মধ্যে দেখি ভার পাঁচ মাদের একটা মেয়ে। কোথা থেকে হাত সাফাই করে' এনেছে। বললে, দাম পাবে নাকি পঁচিশ টাকা।

হরলাল বলিল—পাঁচ মাদের মেয়ের দাম পাঁচশ টাকা হ'লে আট বছরের মেয়ের দাম কম করে' দুশো টাকা হবে। ফজলকে বললেই দে রাজি হয়ে যাবে। সে আমাকে ত' বলছিলও দেদিন—দু' একটা জ্যান্ত জিনিস আনতে পারিস না আমার জতো? এই ব্যবসাই বা মন্দ কি, গণেশ!

বুলুর হাত-পা খোলা, ডিভিটার উপর বিদিয়া এতক্ষণ সে মা মা বলিয়া তারস্বরে চেঁচাইতেছিল, কিন্তু হরলালের এক প্রবল চড় খাইয়া তাহাকে কায়া থামাইতে হইয়াছে। ভয়ার্ত চক্ষু মেলিয়া সে মাঝিদের বিশাল চেহারার দিকে একবার তাকায়, আর মা'র কথা মনে করিয়া এক-একবার ফুঁপাইয়া উঠে। কোথায় তাহারা চলিয়াছে—মা-বাবা কোথায় পড়িয়া রহিলেন, কী কুক্ষণেই তাঁহারা গ্রাম দেখিতে কলিকাতা ছাড়িয়াছিল! ভগবানকে ডাকিবার কথা বুলুর আর একবারও মনে হইল না। এত ডাকিবার পর তিনি কি না ডাকাত হইয়া তাহাদের সমস্ত-কিছু লুট করিয়া নিলেন!

গণেশ বুলুর দিকে তাকাইল—অন্ধকারে দে-মুথের স্বাভাদে কি একটা অস্পষ্ট শ্বতি তাহার বুকের মধ্যে আলোড়িত হইয়া উঠিল। বছর পাঁচেক আগে এ-অঞ্চলে যে ভীষণ বন্ধা হইয়া গিয়াছিল তাহাতে ভাহার ঘর-বাড়ি পোয়াল-গরু সমস্ত কিছু জলস্রোতে ভাদিয়া গিয়াছিল—সঙ্গে-সঙ্গে তাহার স্থা ও বুকে তাহার তিন বহুরের কচি মেয়ে টগর। জোয়ান গণেশ ভাদিতে-ভাদিতে একটা গাছের উপর আশ্রন লইয়া রক্ষা পাইয়াছিল বটে, কিন্তু বিশাল ফেনিল জলরাশির মধ্যে তাহার স্ত্রী ও মেয়ের চিহ্নটুকুও কোথাও আর খুঁজিয়া পায় নাই। ভাগ্য তাহাকে যে নির্মম আঘাত দিয়া পথে বদাইয়াছে গণেশ ঠিক তাহার প্রতিশোধ নিতেই হাতে থড়া বয়ম সড়কি পিন্তল বর্শা নিয়া ভাকাত সাজিয়াছে। চোথে তাহার জল নাই, মনে মমতার এতটুকু বাষ্পা নাই—সে বজ্রের মত কঠিন! কিন্তু মাক্সহারা ব্লুর মিলন ম্থখানির দিকে চাহিয়া এতদিন বাদে বুকটা তাহার ছাৎ করিয়া উঠিল। হাতের বৈঠা হঠাৎ শিথিল হইয়া পড়িল।

গণেশ কহিল—না, হাতে ধরে' মেয়ে আমি কাউকে বেচতে পারব না কক্থনো।

সন।তন বলিল—তবে কী করবি এ মেয়ে নিয়ে ?

গণেশ গঞ্জীর হইয়া বনিল—তাই ত' ভাবছি। কেন যে ৩ধু-৩ধু এই হালাম বাধালি?

বুলু তথন নদীর জলে পা ডুবাইরা বিদিয়াছে। অন্ধকারে তার বড় বড় চন্দু ছইটি মণির প্রদীপের মত উজ্জ্বল হইয়া উঠিল। সে কছিল—আমাকে তার চেয়ে মা'র কাছে রেখে এদ না। হার ত' আমার কেড়েই রেখেছ, আমাকে ধরে' নিয়ে গিয়ে কি করবে ?

ইরলাল দাঁত বাহির করিয়া বলিল—তোমাকে কেটে-কুটে কালিয়া রেঁধে খাব, এবার।

পা দিয়া জল ছিটাইতে ছিটাইতে বুলু কহিল—দে ত' অনেক দেরি।
তার আগে আমাকে কিছু থেতে দাও না। সেই কোন্ ছপুরু চারটি ভাত

বেধেয়ে বেরিয়েছিলাম। চিঁড়ের মোয়াগুলো ত' তোমর।ই দব দাবাড় করলে।
এখন কিনা আমার মাংদ থেতে চাও! আর আমার বুঝি থিদে পায় নি।

বুলুর কথা শুনিয়া মাঝিরা হঠাৎ ভর হইয়া গেল। নদী ছাড়িয়া নৌকা তুইটি তথন আটকাজুরির থালে পড়িয়াছে। থালটা সংকীর্ণ বটেঁ, কিন্তু শানানো ছুরির ফলার মত ধারাল স্রোত। তুই পাড়ে ঘন বন—অন্ধকার আকাশের

সঙ্গে কোলাকুলি করিয়া আছে। এই বিশাল অরণ্যের কারাগার হইতে হাওমা বেন বাহিরে আসিবার পথ পাইতেছে না, দিকে-দিকে অন্ধ আর্তনাদ করিতেছে। বুলুর গায়ে কাঁটা দিয়া উঠিল। ডাকিল—দাদা!

অনিল সাডা দিল না। মড়ার মত পড়িয়া রহিল।

বুলু কহিল—দাদাকেও থেতে দাও চারটি। আমাদের এত সব জিনিপ নিয়ে গেলে, আর হ'টি ভাত থেতে দেবে না ? এও কি হয় ?

গণেশ বাঁ হাতে তার কপালের ঘাম মৃছিতে লাগিল। মন তাঁহার চঞ্চল হইয়া উঠিয়াছে। যতই দে ভাবে শিশুর এই প্রলাপে দে কান পাতিবে না, ততই তার মন উদাস হইয়া উঠিতে থাকে। কি যে করিবে কিছুই ঠিক করিতে পারে না।

হরলাল বলিল—পোনার থালায় করে' তোমাদের ছ'জনকে রাজভোগ থেতে দেব, চল না।

হরলাল যে ঠাট্টা করিতেছে তা বলু ব্ঝিল, বলিল—তবে আমাদের ত্থলকে উপোস করিয়ে রাখবে ? তোমরা সবাই মিলে ফুর্তি করে' খাবেদাবে, আর আমাদের দেখে তোমাদের মায়া হবে না ?

সনাতন ছঁকা সাজাইয়া টান দিতেছিল। মুখ তুলিয়া কহিল—মায়া না হাজী! বল্লাম না ছ'জনকে কেটে-কুটে কালিয়া বানাব।

বুলু কহিল—মাপ্তবের মাংস বুঝি মাপ্তবে কথন খায় ? এমন কথা বৃইয়ে ত' কোনদিন পুড়ি নি।

গণেশ আগ্রহের সঙ্গে কহিল—তুমি আবার বই ণড়তে পার "নাকি খুকি, তাহলে ?

্মাথার গ'পে-সঙ্গে ঘাড়ের উপর হইতে বব্ড্-করা চুল ছালাইয়া, বুলু কহিল—আহুজ্ হাঁা, দন্তরমত সেভেন্থ্ ক্লাশ—বাবা নিছিমিছি এক ক্লাশ নীচে ভতি করে' দিলেন। তা, তোমরা যদি আমাকে ছেড়ে দাও-শ্আমি এবার ঠিক ভবল প্রমোশন্নেব।

माबिरमत काशादा मृत्थ कान कथा जानिन ना।

বুলু ঘাড় হৈলাইয়া কহিল—গুধু বই পড়া-ই নয়—আমি আবার এশ্রাজ বাজাতে পারি। জান দা বৃঝি ? রোজ গুক্রবার আমাদের গানের ক্লাশ। ডাকাতের হাতে ঐ বে কাঠের বাক্সটা নিয়ে যাচ্ছ, ওটার মধ্যেই ত' আমার এপ্রাজ—দাদার এয়ার-গান—সব আছে। চাবি ত' আর মা'র আঁচল থেকে বৃদ্ধি করে নিয়ে আস নি—নইলে বাক্সটা খুলে তোমাদের ত্টো গং শুনিয়ে দিতাম।

গণেশ অনেক ডাকাতি করিয়াছে, খুন জথম করিতে কোনদিনই তার হাত কাঁপে নাই, দাপা-লড়াইয়ে দে একজন দেরা ডাকসাইটে গুণ্ডা—তাহার দক্ষ্য-জীবনে এমন উৎপাত জুটে নাই কথন। আজ তাহার নিজেকে কেমন যেন অবসন্ন বোধ হইল। চোথ ছ'টি ছলছল করিয়া উঠিল। সে হঠাৎ হাতের বৈঠাটা ঠেলিয়া দিয়া কহিল—চাড় দিয়ে ৰাজ্মের ডালাটা খুলে ফেলতে কতক্ষণ? এমাজ তুমি বাজাবে খুকি?

বুলু মুথ বাকাইয়া কহিল—আহা, কী আন্দার তোমার ! মা-বাবাকে এই জল-কাদার মধ্যে কোথায় কোন্ জনলে রেথে এলে, দড়ি দিয়ে দাদার হাত-পা বেঁধে রেথেছ, আমাকে কিছু থেতে দিছে না—আর আমি কি না বদে'-বদে' তোমাদের এপ্রাঞ্জ বাজিয়ে শোনাব !

সনাতন ছঁকায় টান মারিয়া কহিল—কথায় দেখছি ধুরন্ধর! সহরের মেয়ে কিনা।

বুলু জল নিয়া থেলা করিতে করিতে বলিল—তোমাদের বাড়ি আর
ক্তদ্র ?

গণেশ বলিল—আরো মাইল ছয়েক। ,জলে পা ছুবিয়ে বদ'না খুকি, পড়ে' যাবে।

ैবুলু কহিল—•বাড়ি নিমে গিয়ে মাংস কেটে কালিয়া করে' ধাবে, তার আবার অন্ত দর্ম কিসের ? হোক্ না অন্তথ। অন্তথ করলে দেখব কেমন কেটে ফেলতে পার। তথন নিজেরাই ভাক্তার আনতে ছুটোছুটি করবে। মাকে কাছেনা প্রেলে আমি ভালও হ'ব না। দেখবে তথুনু মঞা! ঠিক হবে। থাকবই ত' পা ভুবিয়ে।

গণেশ হাত বাড়াইয়া বলিল—আমার কাছে এসে বস'।

বুলু চোথ বড় করিয়া বলিল—ও বাবা, তোমার যেমন গোল-গোল চোথ, খ্যাংরার মত গোঁফ, কেলেক্টি চেহারা—সামনে গিছে বসি, আর তুমি আমাকে মুখে পুরে আঁত গিলে ফেল আর কি!

গণেশ হাসিয়া বলিল—না, না, তোমার কিছু ভয় নেই। আমাদৈর বাড়ি চল, তোমাকে কত জিনিস থেতে দেব, দেখ। জামরুল, বাতাবি লেবু, ছানা, সরভাজা—কত কি!

—ছাই। ওতে পেট ভরবে নাকি ? ভাত দেবে না ? ইলিশ-মাছ ভাঙ্গা দেবে না ?

--তাও দেব।

ঠোঁট উল্টাইয়া বুলু কহিল—ভারি দেবেন! সমস্ত টাকা-কড়ি গন্ধনাগাটি কেড়ে নিয়ে একথানা ইলিশ মাছ ভাজা দেবেন। দাদাকেও দেবে ত'? ঠিক? গণেশ ঘাড় হেলাইয়া বলিল—দাদাকেও।

বুলু জোর গলায় কহিল—তবে ওকে অমনি বেঁধে রেখেছ কেন ? ওর লাগে না বুঝি ? তোমাকে যদি পুলিশে অমনি বেঁধে রাখে ?

গণেশ বলিল—ও তবে শুধু-শুধু আমার মাথায় লাঠির বাডি মারলে কেন? দেখ দিকি এখানটা আমার কেমনু ফুলে' আছে।

বুলু নুথ ভ্যাওচাইয়া কহিল—গুণু-শুণু বই কি। উনি আমার গলা টিপে ধরে' হার ছিনিয়ে নিতে চাইবেন, আর ও তোমাকে রসগোলা থেতে দেবে! তোমার মাথা ত' একটা লোহার কড়া, ওটায় লাঠি মারবে লাঠিই ভাওবে। আর দেথ দিনি গলাটা আমার কেমন থিম্ছে দিয়েছ! কি ভীষণ আলা করছে দেখ ত'! হুটুমি করলে, মাষ্টাররা পর্যন্ত গায়ে হাত তোলে না, আর তুমি কি না নোখ দিয়ে রক্ত বার করে' দিলে!

গণেশ विलल-जूमि ज्द शत्र इहिए मिला ना किन?

— দিয়েছি ত'। তবে এখন আবার আমার হার ফিরিয়ে দাও। আমাকেই ত'ধরে' নিয়ে থাচ্ছ, গলায় আমার হার থাকলে এখন ক্ষতি কি ? আমি ত' আর পালাচ্ছিনে।

ট্যাক হইতে দোনার সক্ষ হার-ছড়া বাহির করিয়া হাসিমুথে গণেশ বলিল—এন এন থুকুমনি, কাছে সরে' এন। পরিয়ে দি।

এক মৃহুর্ত বুলু চুপ করিয়া কি ভাবিল। তারপর কহিল---আংগ তবে দাদার বাঁধন খুলে দাও, তবে হার পরব।

গণেশ हकूम कविन--- पिष्ठी थुरम रम, हवनाम ।

ভাকাভের হাতে

হরলাল দভির গিঁট খুলিতে খুলিতে কহিল—মেয়েটার কথায় মন যে তোর ভিজে গেল, গণ্শা। কি করবি তুই ওদের নিয়ে ?

গণেশের হঠাৎ যেন চেতনা হটল। সে এতক্ষণ আত্মবিশ্বত হইয়া মুশ্বের মত মেয়েটার দক্ষে আলাপ করিয়া যাইতেছিল। হরলালের কথা শুনিয়া সে থাড়া হইয়া উঠিয়া বদিল। সত্যই, উহাদের নিয়া সে কী করিবে? ছেলেটিকে অনায়াসে সে চা-বাগানে চালান দিতে পারিবে, কিন্তু মেয়েটিকে সে কোথায় পার করিবে শুনি? বলা কহা নাই, হরলাল যে মেয়েটিকেও আনিয়া নৌকায় তুলিবে গণেশ ভাহা স্বপ্নেও ভাবে নাই। এমন মেয়েকে বেচিবার মতলব হরলালের মনে কি করিয়া আদিল? ঘাড় পাতিয়া মিছিমিছি এই ঝিছ সেনিতে গেল কেন?

তাহা ভাবিয়া এখন ফল হইবে না। যা হোক্ একটা ব্যবস্থা কিছু করিতেই হইবে। গণেশ ব্লুর ম্থের দিকে আর একবার তাকাইল। কিন্তু ব্লুর সরল, নির্ভয় ও বিশ্বাসপরায়ল চোথ তুইটির পানে তাকাইয়া তাহার বৃদ্ধি ঘুলাইয়া উঠিল। এই মেয়েকে সে কোথায় লইয়া যাইবে, কাহার কাছে আশ্রয় দিবে, মেয়েটি কোনদিন বিদায় লইয়া চলিয়া যাইতে চাহিলে সহজে সে তাহাকে ছাড়িয়াই বা দিতে পারিবে কি না!

- জ্ঞানিল বাধন ছাড়া পাইয়া তব্জার উপর উঠিয়া বিদল । শরীরের মাংসপেশীগুলিতে নিদারুল বাথা করিতেছে, পিশাসায় গলা কাঠ হইয়া আছে, কিছে ভয়ে দে একটা কথা বলিতে পারিক না। এতক্ষণ দে তদ্রাচ্ছয় হইয়া পড়িয়াছিল, বুলু য়ে ইহার মধ্যে ভাকাতদের সঙ্গে ভাব করিয়া ফৈলিয়াছে তাহা দে টের পায় নাই। তাহাকে উঠিতে দেখিয়া বুলু তাহার কাছে সরিমা আসিয়া সহজ স্বরে কহিল—তোর খ্ব লেগেছে দাদা ? কোথায় ? বল্না, জামি হাত বুলিয়ে দুক্ছি।
- শাছে ভাকাতরা এই অসোজন্তর জন্ত হকার দিয়া উঠে, সেই ভয়ে কুঞ্জিত হইয়া অনিল সরিয়া গেল। বুলু বলিল—বল্না, কোথায় লেগেছে, হাত বুলিয়ে দিলে ভাকাতরা কিছু বলবে না, দাদা। বলবে নাকি তোমরা ? দাদা এখানে শুক্, আমি ওর গায়ে হাত বুলিয়ে দি। বৃষ্টি ত' এখন থেমে গেছে— ঐ মাছরটা পেতে দাও না।

গণেশ তক্ষ্নি মাত্র পাতিয়া দিল। বলিল—শোও খোকা।

বুলু কহিল—দেখলি কেমন ওরা ভাল লোক। বাড়ি নিয়ে গিয়ে আমাদের পেট ভরে' কত খেতে দেবে বলেছে, গদীর ওপর নরম বিছানা করে' দেবে, পডবার জভো আলো দেবে—দেবে না মাঝি? মাকে চিঠি লিখবার্ম জভো টিকিট কিনে দেবে ত'?—দেখলি, সব দেবে। খুব ভাল ওরা। এবার শো। সেই বমির ভাবটা সেরে গেছে ত' এখন ?

অনিল তব্ও বিমৃঢ়ের মত শৃল্যে চাহিয়া রহিল। বুলুর এই অনর্গল কথায়
ভাকাতরা একট্ও প্রতিবাদ করিতেছে না, বরং তাহাকে যেন প্রশ্রম দিতেছে।
উহাদের মৃথে আগেকার সেই নিষ্ঠ্র কাঠিল এখন নাই, কেমন যেন একটা
প্রসমভাব। বুলুর কথা শুনিয়া মৃচকি-মৃচকি হাসিতেছে, এমন একটা পরিবর্জন
কি করিয়া ঘটিতে পারে অনিল ভাবিতে না পারিয়া ভার হইয়া রহিল। হয়ত'
এই ক্রিমি ভালমান্ধির পিছনে কোন ক্রব মতলব আছে। নিশ্চয়ই।
উহারা ত'ছেলেথেল। করিবার জন্ম উহাদের ধরিয়া আনে নাই।

বুলু গলা উচু করিয়া কহিল—দাদাকে যে ধরে' নিয়ে যাচ্ছ, তোমাদ্ধেঁ ওথানে ইশ্বল আছে? কোথায় তবে ওকে পড়াবে শুনি? আমি মেয়ে— না হয় বাড়িতে বদে' পড়লাম, কিন্তু দাদা নতুন য়ালজেবা শিগেছে— তৈমিরা শেখাতে পারবে না হাতী! আট-আটে কত হয় বল দিকি? বলিয়া, বুলু বিল্-বিল্ করিয়া হাসিয়া উঠিল।

গণেশ আর স্থির হইয়া বসিয়া থাকিতে পারিল নার সে হঠাৎ চ্যাই হইয়া কহিল—তোরা ছেলেটাকে নিয়ে এগো, আমি খুকিকে তার মায়ের কাছে রেখে আসছি। ওরা নিশ্চয়ই এখন সেইখান খেকে নড়ে নিয় ভাকাতে-নোকা ছাডা ও-তল্লাট কেউ মাডায় না—

সনাতন অবাক হইয়া কহিল-তুই পাগল হলি নাকি, গণেশ ?

হরলাল বলিল—এখন আন্তে-আন্তে অনেক নৌকো বেক্ছে—কে জানে খবর পেরে রিভার-পুলিশের দল হয় ত' হানা দিতে বেরিয়ে পড়েছে চারদির্ক্তে ধরা পড়ে' তুই ত' ভুববিই, দল-কে-দল লোপাট হয়ে বাবে। ঐ মেরেটাই ডাকাতের হাতে

জন্মে ভাবিদ কেন? সামনের অমাবস্থা-রাত্রে চণ্ডীর মন্দিরে যে একটা নর-বলি দিতে হ'বে, মনে নেই।

চুল হইতে পায়ের নথের ভগা পর্যন্ত গণেশের কাঁটা দিয়া উঠিল। উহাদের কথা উপেক্ষা করিয়া সে বুলুকে কহিল—যাবে খুকি, মায়ের কাছে ফিরে যাবে তুমি ?

বুলু খুসিতে লাফ।ইরা উঠিল—দাদা ? দাদাকেও আমাদের সঙ্গে নেবে ? গণেশ বলিল—না। ওসব কেন ? ও নয়—তুমি একলা চল। তোমাকে আমাদের দরকার নেই। তোমাকে কোথায় রাখব, কে তোমাকে দেখবে ?

বুলু বলিল—দাদাকেই বা কে দেখবে গুনি ? মা সঙ্গে না থাকলে কে ওর জামায় বোতাম, জুতোয় কালি লাগিয়ে দেবে গুনি ? দাদাকে না নিলে কক্খন আমি যাব না—না, কক্খন না। আমি কাছে না থাকলে কে ওর গায়ে হাত বুলিয়ে দেবে ? আমি চলে গৈলে ও কাঁদবে না একা-একা ?

বুলু অনিলের গা ঘেঁ সিয়া সরিয়া বিসল, ফের কহিল—আমাদের ত্থ জনকেই মা-বাবার কাছে রেথে এস। হার আবার তোমাকে ফিরিয়ে দিছি। তোমার ঠিকানা দাও মাঝি, বড হ্যে আমি যথন লেডি-ডাক্তার হ'ব তথন তোমাকে আরো ত্'ছড়া হার পাঠিয়ে দেব। মৃক্তোর নেক্লেস। তোমার মেয়েকে পরতে দিয়ো। কেমন ?

গণেশ তুই হাত বাড়াইয়া দিয়া ডাকিল—তোমাদের ত্'জনকেই ফিরিয়ে দিয়ে আদি।

দনাতন গর্জিয়া উঠিল—তুই কেপলি নাকি ? আবার য়্যাদ্যুর পাড়ি দেওয়া ? মায়া যে আব ধরে না দেখছি।

গণেশ বলিল -- की कत्रव তবে ওদের নিয়ে?

হরলাল কহিল—তার চেয়ে ছুঁড়িটাকে জলের মধ্যে ফেলে দে না। মাক ভেনে ফেথানে খুসি। ছোঁড়াটার জন্মে ভাবনা কি? কচি মুণ্ডুর রুক্ত পেলে মা-কালী খুসি হ'বেন।

ঠিক—মেয়েটাকে দে জলের মধ্যেই ফেলিয়া দিবে। তাহা হইলেই এক নিমিষে সমস্ত চিন্তা-ভাবনার সমাধান হইয়া যাইবে। একটা এক-ফোঁটা পুঁচকে মেয়ের মিষ্টি কথা শুনিয়া দে গলিয়া যাইতে বদিয়াছে। ইহার চেয়ে কত নৃশংস কাজ সে করিয়াছে—সেবার ট্রেনে ডাকান্তি করিতে যাইয়া কোন্
মা'র কোল হইতে ঘুমস্ত ছেলে ছিনাইয়া লইয়া জানলা দিয়া বাহিরে ছুঁড়িয়া
দিরাছিল, বাহির হইতে দরজা বন্ধ করিয়া কত বাড়ি সে পুড়াইয়া দিরাছে—
ভিতরে মিলিত শিশুকণ্ঠের কাতর আর্তনাদেও সে বিচলিত হয় নাই—আর
আজ কোথাকার কে একটা একরত্তি মেয়েকে জলে ঠেলিয়া ফেলিতে তার হাত
উঠিবে না!

মেয়েটিকে দূর না করিয়া না দিলেও বা তার পথ কোথায় ? উহাকে সারা জীবন তাহার ঘাড়ে করিয়া বেডাইতে হইবে নাকি ? মায়ায় পড়িয়া শেষকালে ডাকাতি ছাড়িয়া সে সন্মাসী সাজুক আর কি ! একটা তুচ্ছ মেয়ের কাছে কথনই গণেশ হার মানিবে না।

একবার করুণ স্বরে চীংকার করিয়া উঠিবে, হয় ত' টেউয়ের উপর ক্ষিক্তি হ'টি কোমল মুঠি তুলিয়া একবার মাকে আহ্বান করিবে—কিন্তু অতল জল ছাড়া কেহই তাহাকে আশ্রয় দিতে আদিবে না—তার পর দব চুপচাপ, আকাশ ভরিয়া মেঘের তেমনি গুরুগুরু, বন কাঁপাইয়া হাওয়ার তেমনি শোঁ। শোঁ আওয়ান্ধ। এক মুহুর্তে দব শেষ হইয়া যাইবে।

গণেশ ভাল করিয়া কোমর বাঁধিল। বলিষ্ঠ দেহের পেশীঞ্চলি ক্ষীত হৈয়া উঠিল, চক্ষু হ'টা আগুনের গোলার মত ঠিক্রাইয়া পড়িতেছে।

বুলু তাঁড়াতাড়ি ডিঙির ধারে সরিয়া তেমনি পা দিয়া জল ছিটাইতে ছিটাইতে কহিল—আমাকে জলে ফেলে দেবে, মাঝি ? আর দাদা ?

গণেশ ক্ষণেকের জন্ম থামিল। অনিলও তাড়াতাড়ি ধারে সরিস্থা কাইল—আমিও তা হলে ঝাঁপিয়ে পড়ব।

গণেশ গৃজিয়া উঠিল—ধর ছোঁড়াকে। ওটাকে চণ্ডীর কাছে দিতে হ'বে, আর মেয়েটাকে লাখি মেরে দেব জলে ঠেলে। জয় মা চণ্ডীকে। বলিয়া
গণেশ নৌকা হইতে ডিঙিটার উপর বাঘের মত লাফাইয়া পড়িল।

হরলাল হাতের কাছে পাইয়া অনিলকে সাপটাইয়া ধরিল, কহিল— কোথায় ঝাঁপ দেবে বাছাধন ? জলে নয় চাঁদ, মা-কালীর কাঠগড়ায়।

— ताथ अठोटक गक करत' धरत'। शतनम इकात पिया छित्रिन।
तुलू कारना कारना शनाय किशन—हंगा, मानाटक दुकरन मिरमा ना। माना

ভাকাতের হাতে

च হ'লে এরোপ্লেনে চড়ে বিলেতে যাবে—কত দেশ ঘুরে এসে মাকে গগ শোনাবে— একে ফেলে দিয়ো না, মাঝি। পরে অঞ্চ-ভরভর ব্যথিত চোধ দু'টি গণেশের মৃথের পানে তুলিয়া সে অাবার বলিল—দাদা বড়ত কাঁদছে, ওকে আমি একটু ব্ঝিয়ে বলি। আর একটুথানি দাঁড়াও না—একটুথানি। তুমি এত ভাল। জল ত' আর ফুরিয়ে যাচছে না।

গণেশ বিশাল দেহ মেলিয়া পথ আটকাইয়া দাঁডাইয়াছিল, স্নালগোছে সিরিয়া দাঁড়াইল। বুলু অনিলের কাছে সরিয়া গিয়া তাহার হাত ধরিয়া কহিল—তুই কাঁদছিদ কেন দাদা। আমাকে জলে ফেলে দিলে ঠিক ভাসতেভাসতে আমি চরে গিয়ে ঠেকব—ধেগানে মা-বাবা লগ্ঠন জালিয়ে আমাদের জন্তে ব্দেশ আছেন। তোকে ফেলে দেয়নি শুনে তারা কত স্থা হবৈন বল্ ত'?

হরলালের কর্মণ মৃষ্টি থেকে ছাড়া পাইবার জন্ম অনিল নিজল চেষ্টা
করিতেন্তে আর মর্যভেদী কাতর স্বরে বলিতেন্তে—না, আমাকে বুলুর সঙ্গে জলে
ঠিলে দাও। ওর সঙ্গে ভাগতে-ভাগতে আমিও যাব মা'র কাছে। আমিও।

হরলাল ভাহাকে শক্ত করিয়া তক্তার সঙ্গে চাপিয়া ধরিয়া কহিল—থাম্ শুয়োর। একগুঁরে কোথাকার।

বুলু কাঁদিয়া ফেলিয়া কহিল—দাদাকে মারছ কেনু? আমি চলে' গেলে দাদাকে তোমরা মেরো না, মাঝি। ওকে ইস্কুলে ভর্তি করে' দিয়ো। দেখো ঠিকুও ফার্ট হবে। বাড়ি নিয়ে গিয়ে ওকে থেতে দিতে ভুল না যেন।

পরে গলার হার-ছড়া খুলিয়া ফের বুলু থলিল—নাও। ও-নিয়ে আর আমি কি করব ?

সনাতন হাত বাড়াইয়া কাড়িয়া লইল। গণেশ গজিয়া উঠিল—না, থাক গলায় হার। থবর্নার, ছুঁসনে সনাতন।

বুল্ কহিল—তার চেয়ে ট্রান্ধ থেকে আমার শুকনো একটা ফ্রাক বার করে'
দাও না মাঝি। বৃষ্টিতে একদম ভিজে গেছে। আমার ভারি শীত
করছে থৈ। জ্বল লাগলে আরো শীত করবে। কাঠের বাক্সটার মত ট্রাক্টাও
খুলে ফ্রেল না।

গণেশ নিঝুমের মত দাঁড়াইয়া আছে।

—দাও না। টাকে মা'র অনেক স্নো-পমেটমও দেখতে পাবে। যাবার

ডাকাডের হাতে

আগে তা-ও একটু মেথে যাই না। কেন আর দেরি করছ? দাদা যে থানি কাদছে—

গণেশের কঠিন অঙ্গপ্রতাঙ্গগুলি ক্রমে-ক্রমে শিথিল হইয়া আদিতে লার্নিল,
মুর্ছিতের মত দে ধৃপ করিয়া বদিয়া পড়িয়া ছই ব্যগ্র হাতে বুলুকে জড়াইয়া
ধরিল, ধরা গলায় কহিল—চল খুকুমণি, তোমাকে স্থলর করে' সাঞ্জাব, চল।

ঝাঁঝাক গলায় হরলাল কহিল—আবার তুই গলে গেলি নাকি ?

সে কথায় কান না দিয়া গণেশ বুলুকে আরো কাছে আকর্ষণ করিয়া কহিল—জল থেকে পা তোল—মা'র ট্রাঙ্কে তোমার জুতো নেই ?

বুলু ঘাড় ফিরাইয়া গণেশের চোথে জল চিকচিক করিতে দেখিয়া অবাক হইয়া গেল। কহিল—দাদাকে আগে ও ছাডুক, তবে পা তুলব।

গণেশের কঠোর চাহনির ইঞ্চিত পাইয়া হরলাল অনিলকে ছাড়িয়া দিল।

সনাতন বলিল—ই্যা, মিছিমিছি জলে ফেলে দিয়ে লাভ কি? ফজলুর হাতে ছেড়ে দিলে বরং কিছু ঘরে আসবে।

গণেশ ব্লুর চুলে হাত ব্লাইতে ব্লাইতে সায় দিয়া কহিল—

ই্যা, তাই
ভাল । তাই ভাল, না খুকুমণি ?

বুলু হাসিয়া বলিল—ফজলু? কে সে? খুব ফজলি আম থেতে, দেবে.
বুঝি আমানের? বাঃ, তবে ত' ভালই হ'বে।

অনেক খাল-নদী পার হইয়া কোথা দিয়া কোথায় আদিয়া যে নৌকা লাগিল
আনিলের বুঝিবার সাধ্য ছিল না। পাড় হইতেই জ্লুল শুরু হইয়াছে—
দে অরণ্য যেমন গভীর ও ঘন, অন্ধলারও তেমনি। ছই চোধের পাতা শক্ত
করিয়া আঁটিয়া ধরিয়া যদি ভাবা যায় ইহজীবনে চোথ আর খুলিবে না—এই
আন্ধলারই ক্টিরকালের জন্ম অবিনশ্বর হইয়া থাকিবে—তেমনি অসহায়ের মত
অনিল দেই দিগন্তব্যাপী অন্ধলারের দিকে তাকাইয়া হাঁপাইয়া উঠিল।

গণেশ আগে নামিল। কহিল—এবার থানিকটা হাটতে হবে খুকি।
বুলু উঠিয়া দাঁড়াইয়া কহিল—এই অললের মধ্যে দিয়ে? বল কি? কুমীর
ছেড়ে বাঘে এবার থেতে আহ্বক আর-কি!

ডাকাতের হাতে

গণেশু কহিল—না, না, তোমাকে আমি কাঁধে করে' নিয়ে যাব, এস। গণেশের হাত ধরিয়া বুলু নামিয়া আদিল। কহিল—আর দাদা ?

— ও ওদের সঙ্গে আস্বে'ধন। আমি এগোই, সনাতন। গিয়ে মাধব আর গুণীকে পাঠিয়ে দিচ্ছি। তোরা জিনিসগুলো তোল—এর পর আজকে আর বেরুবার কাজ নেই।

বুলু মাথা নাডিয়া কহিল—না, দাদাকেও কাধে না নিলে আমি যাব না তোমার সঙ্গে।

গণেশ কহিল—ই্যা, দাদাকেও নেবে বৈকি। দাদাকেও কাথে তুলে নিস, স্নাতন।

সনাতন মাল-পত্রগুলি গুছাইতে-গুছাইতে কহিল—হাা, হাওয়া-গাড়ি করে' নেবে ! পরে অনিলের পিঠে পা দিয়া জোরে এক ঠোক্কর মারিয়া কহিল—নে ছোঁড়া, আমাদের সঙ্গে জিনিসগুলো নামা। আবার আরেকটা লাখি মারিয়া কহিল—লাখি খেয়ে শিরদাড়া মজবৃত কর, আমাদের সঙ্গে মোট বইতে হ'বে।

বুলু ভয়ে আর্তনাদ করিয়া উঠিতেই গণেশ তাহাকে এক ঝট্কায় কাঁধের উপর তুলিয়া লইয়া অন্ধকার জগলের মধ্যে অদুশু হইসা গেল।

অনিল চেঁচাইয়া উঠিল —বুলু ়া

°নিস্তব্ধ অরণ্যে তাহার কোন প্রতিধানি মিলিল না। চোথের সন্মুথে বিরাটকার অচল পর্বতের মত কঠিন অ্ব্বকার প্রকাণ্ড একটা হাঁ মেলিয়া দাঁড়াইয়া আছে।

কতক্ষণ পরেই তইটি ছেলে আদিয়া হাজির হইল। সনাতন কহিল— এসেছিস, মাধব ? বাদলা পেয়ে একচোট ঘ্মিয়ে নিচ্ছিলি বুঝি ? পাড়ে বসে পাহারা দিতে পারিস না ?

ছেলে ছইটি নৌকার কাছে আসিতেই অনিল দেখিল ইংলাদের বয়স আপেক্ষাকৃত কিছু কম। ইহাদের দেখিয়া তত ভয় করে না। ডাকাতিতে পাকিয়া ইহারা এখনও তত ঝুনা হয় নাই, মুখের ভাবে কোথায় যেন একটু কমনীয়তা কাছে।

উহারা আদিতেই, অনিলের মনে হইল বুলু তাহা হইলে নির্বিশ্বে গিয়া

পৌছিয়াছে। দর্দার মাঝির কাছে থবর না পাইলে তাহারা জাদিল কি করিয়া?

মোট-ঘাট সব নামান হইল। হাতে একটা জ্বলস্ত মশাল লইয়া স্নাতন পথ দেখাইয়া আগে আগে চলিয়াছে। অনিলের মাথায়ও একটা স্থাটকেস্ চাপান হইরাছে। তাহাদের জিনিস কিনা, তাহাকেই ডাকাতের বাড়িতে নিরাপদে পৌছাইয়া দিতে হইবে।

হরলাল বলিল—সব চেয়ে হাল্কা বাক্সটা তোকে দিলাম, তাই কিনা তুই বইতে পারছিদ্ না ? ঘাড়টা যে একেবারে হুম্ডে পড়েছে। সোজা কর মাথা, বলিয়া তাহার কাঁধের উপর এক রদ্ধা বসাইয়া দিল। ফের কহিল—এত ননীর দেহ করে' থাফলে চলবে না বাপধন, ঘাড়ের ওপর থাড়া চালিয়ে দেব বলছি।

ছই হাত তুলিয়া মাথার উপরে স্থাটকেশের ভালাটা অনিল নাগাল পায় না, তবু হাঁপাইতে-হাঁপাইতে সকলের পিছে-পিছে অতিকষ্টে সে চলিয়াছে। ছই হাত তার জোড়া—গাল বাহিয়া যে অজ্ঞ্ডধারে চোথের জল গড়াইয়া পড়িতেছে তাহা মুছিবার পর্যন্ত তাহার উপায় নাই।

চলিতে-চলিতে ইচ্ছা করিয়াই গুপী থানিয়া পড়িল। অনিল কাছে আসিতেই গুপী কহিল—বইতে পার্ছিস না? এই নে, আমি নীচু ইচ্ছি— আমার মাথায় ট্রান্কটার ওপর তুলে দিতে পার্বি? দেথিস।

অনিল ইতম্ভত করিতেছিল, হঠাং মাধব তাহা দেখিতে পাইয়া কহিল— বলে' দেব, গুপী। তুই ওকে ওর সাজা নিতে দিচ্ছিস না—

গুপীর মাথাটা আর নীচু করা হইল না। কথাটা কর্তাদের কানে উঠিলে তাহার কী বে হুর্গতি হইবে তাহা কতকটা সে আন্দাব্ধ করিতে পারে। কাহারও প্রতি দয়া দেখানর মত পাপ ইহাদের কাছে কিছু নাই। একবার চৌম্নির মেলায় ভাকাতি করিতে গুপী ইহাদের সঙ্গে, গিয়াছিল। মেলা তথন সেদিনের মত চুকিয়া গিয়াছে। একটা দোকানীর ঘরে ফুকিয়া বাক্ম ছিনাইয়া আনিবার সময় দোকানী হই সবল হাতে হরলালের কোমরটা চাপিয়া ধরিয়াছিল—কাছে ছিল গুপী। দোকানের মাচার উপর দোকানীর ছোট কয় একটা ছেলে কাথা মৃড়ি দিয়া ঘুমাইতেছিল—প্রচণ্ড গোলমালে খুম ভাঙিয়া যাইতে সে তথন করুল স্বরে 'মা মা' বলিয়া কাদিতেছে। মা ভাহার

ভাগেই মরিয়া গিয়াছিল—মা-হারা কয় ছেলেটিকে সঙ্গে লইয়াই দোকানী হাটে আদিয়াছে। তাহাকে বাড়িতে সে কোথায়ই বা রাখিয়া আদিত! দোকানী হরলালকে এমন বে-কায়দায় ধরিয়া ফেলিয়াছিল য়ে, হাতের বর্শাটা সে কিছুতেই চালাইতে পারিতেছিল না। যতই সে ধ্বস্থাধ্বন্তি করে, দোকানী ততই প্রাণপণে চীৎকার করে, শিশুর তারশ্বরেরও আর বিরাম নাই। গণেশরা অগ্রত্র ব্যস্ত—হাতের কাছে গুপীই একমাত্র সম্বল। তথন সে ইহার চেয়ে আরো ছোট—এই সে দিতীয়বার ডাকাতি করিতে আদিয়াছে। হরলাল বেগতিক দেখিয়া গুপীকে উদ্দেশ্য করিয়া চেঁচাইয়া উঠিল—শীগ্রির ঐ ছেলেটার গলাটা টিপে ধর, গুপী। ছারপোকার মত টিপে মেরে ফালি শীগ্রির।

হরলালের আশা ছিল, তুর্বল ছেলেটাকে গুপীর নির্মাণ্ডই হাতের তলায় মরিতে উন্থত দেখিলে বাপের আক্রমণের ভিদিটা কিছু শিখিল হুইবে এবং এই ফাঁকে সেঁএকটু আলগা পাইলেই অতি সহজেই বর্শাটার চমংকার প্রয়োগ-নৈপুণ্য দেখাইয়া দিতে পারিবে। কিন্তু গুপী কিছুতেই সেই ছেলেটার বিছানার দিকে পা বাড়াইতে পারিল না।

ক্ষুকঠে হরলাল আবার চেঁচাইয়া উঠিল—ঐ ইটটা তুলে ছেলেটার মাথাটাতে বার কতক ঘা মার শীগ্গির। নইলে আমার সঙ্গে-সঙ্গে তোরও মুখুটা খনে' পড়বে, গুপী।

্রপ্তপী তবুও বিধা করিতে লাগিল। ঝড়ো পাথীর মত অসহায় একটা ছেলে রোগশ্যায় পড়িয়া মা'র জন্ম কাৎরাইতেছে, ঐ ভারি ইটটা তুলিয়া তাহার মাথায় দে কি করিয়া মারিবে ?

হরলাল অন্থনম কুরিতে লাগিল—পায়ে পড়ি, গুপী। সেই সোনার হাত-ঘড়িটা তোকে আমি দিয়ে দেব। উঃ, কামড়ে আমার ঘাড়ের মাংস ছিঁড়ে নিল —শীগ্রির মার ইটটা, বুকের ওপর হাঁটু গেড়ে বসে' থেঁৎলে দে ব্যাটাকে—

ষন্ত্রচালিতের মত গুপী ইটটা তুলিয়া লইল। চোথের পল্ক-পড়িতে না শিড়িতেই তুমূল কাণ্ড হইয়া গেল। দে-কথা মনে করিতে এখন গুপীর মাথার চূল আতক্ষে থাড়া হইয়া উঠে। পৃথিবীতে যা' কিছু বলিতে দোকানীর ঐ একটি মাত্র সন্তান—মৃত্যু চোরের মত নিঃশর্ষে নিতে না আসিয়া এমনি ভয়ন্তর উন্মন্ত দস্থার বেশে কি না তাহাকে চূর্ণ-বিচূর্ণ করিয়া দিয়া যাইবে—

কথাটা একবার আয়ত্ত করিতেই দোকানী ছেলেকে বাঁচাইবার অন্থ বুঝি ভূল করিয়াই হোক গুপীর দিকে ফিরিয়া দাঁড়াইয়াছিল। কিন্তু গুপীর হাতের ইটটা হাত বাড়াইয়া কাড়িয়া নিবার আগেই হরলালের বর্শা আসিয়া ভাহার পেটের মধ্যে সজোরে বিদ্ধ হইল। সে কী রক্তবন্থা! যেন তরল আগুনের শ্রোত বহিয়া চলিয়াছে। বর্শাটা দোকানীর পেটের মধ্যে চুকিয়া পিঠের কোণ দিরা বাহির হইয়া পড়িয়াছে, তাহা খুলিয়া আনিবার সময় হরলাল এক হেঁচকা টান মারিয়া পেটটাকে ফাড়িয়া ফেলিল। গলায় যত জোর ছিল মুমুর্ছ ছেলেটা চেঁচাইয়া উঠিল—বাবা রে! সেই বীভৎস দৃশ্যের সামনে গুপী চক্ষ্ বুজিয়া কাঁপিতেছে—হরলাল সহসা তাহাকে কাঁধের উপর ভূলিয়া নিয়াই খোলা মাঠের মধ্যে দিয়া চোঁচা দৌড় মারিল। কোন দিকে একবার চাহিয়া দেখিল না।

খালি শৃত্ত মাঠ ভরিয়া দেই মুমূর্ ছেলেটির কাতর আর্তনাদ বাজিতেছে। সে-আর্তনাদ গুপীর বুকের মধ্যে বর্শার বিবাক্ত ফলার মতই বিধিয়া রহিল।

কিন্তু বাড়ি আসিয়া হরলালের হাতে গুপীর লাশ্বনার আর শেষ বহিল না।

সে কেন তাহার কথার অবাধ্য হইরাছে, বলা-মাত্রই কেন সে হাতের ধারাল

নথ দিয়া ছেলেটার টুঁটিটা ক্ষত-বিক্ষত করিয়া দেয় নাই, ইট তুলিতে কেন সে

ত্ই মিনিট দেরি করিল, দেরি করিল ত' ছুঁড়িলনা কেন, ছেলেটা ক্ষয় ও মর
মর বলিয়াই তাহার অভায় মায়া কবিতে হইবে নাকি—এই অপরাধে হরলাল

গুপীকে সমস্ত রাত্রি একটা শিরীষ গাছের ভালের সঙ্গে দড়ি দিয়া বাঁধিয়া

ঝুলাইয়া রাখিয়াছিল। তার পরে চালাও বেত। তাহাতেও নিভার ছিল না
পায়ে বিছুটি ঘসিয়া দিল, কাঠ-পিঁপড়ার দক্ষল আনিয়া চুলের মধ্যে ছাড়িয়া

দিল—চরিয়া থাইতে। সকালবেলা তাহাকে যথন নামান হইল ত্রুন

গুপী ফুলিয়া একটা ঢাক হইয়াছে—সেই টিমটিমে গুপীকে চিনিবে কাহার সাধ্য়।

সেই নাজের কথা এখনও তার মনে আছে। না, পর্বের জন্ম অকারণে মারা দেখাইয়া লাভ নাই। গুপী মাধবের সঙ্গে বড় বড় পা ফেলিয়া আঁগাইয়; চলিল। থাকুক ও পিছে পড়িয়া। কামড়াক না সাপে, কি যার আসে উহাদের! এই পড়িল ব্ঝি হোঁচট থাইয়া। মঞ্চক মুখ থ্বড়াইয়া ইটের পাঁজার উপর—উহাদের কি ? উহারা ফিরিয়াও তাকুাইবে না। গাছের শিকড়ে হোঁচট খাইয়া পড়ি-পড়ি করিয়াও অনিল মাথার মোটটা কোন রকমে দামলাইল। উহারা অনেক দ্রে আগাইয়া গিয়াছে। ঘূটঘুটে অন্ধকারে কোথায় যে পথ, কিছুই তার ঠাহর হয় না। দ্র হইতে মশালের আলোটা ক্ষীণ দেখা যায়, কিন্তু কোন পথে যে তাহাকে সঙ্কেত করিতেছে কেবলিবে! মাধব আর গুপী তাহার সঙ্গে রহিল না কেন ?

ভাগ্যিদ তাহারা দক্ষে নাই। বিহাতের মত একটা চিন্তা তাহার মাথার মধ্যে জ্বলিয়া উঠিল। স্থাটকেদটা মাটির উপর নামাইয়া রাথিয়া এই আক্ষলারে অক্স কোথাও সরিয়া পড়িলে কেমন হয়! কথাটা মনে করিতেই ভয়ে তাহার গায়ের স্বায়ু শিরা ঝিম-ঝিম করিতে লাগিল। কিন্তু কোথায় দে যাইকে—কোন দিকে পলাইবে? অজানা পথ ঘাটে, স্ফীভেগ্ন অক্ষকারু, পিছনে নদী, এখনও ঋড় শুমরাইতেছে—পলাইয়াই বা তাহার আশ্রয় মিলিবে কোথায়? হউক্, তরু এমন স্থযোগ দে ছাড়িবে না। কাছাকাছি লুকাইয়া থাকিয়া তাহার এই মনোভাব কেহ টের পাইল কি না দেথিবার জন্ম অনিল চারিদিকে তাকাইতে লাগিল।

কিন্তু বুলু—বুলুর কি হইবে ? অনিলের প্রতি প্রতিশোধ নিবার জন্ম যদি তাহাকে উহারা কাটিয়া ফেলে।

• इहां प्रे द्वानिएक स्मिनिया अक्ना स्म की कविया भनाहेत्व ?

যা থাকে অদৃষ্টে—অনিল চেঁচাইয়া উঠিল—তোমরা দাঁড়াও। অন্ধকারে একা আমি চলব কী করে'?

खेशी मां जारेया शिक्त ।

মরিতে হয় দুই ভাইবোনে গলাগলি করিয়া একসঙ্গে মরিবে কিন্তু কেহ কাহাকে ফেলিয়া পলাইয়া বাঁচিবে না।

গুপী বলিল—স্মাটকেদটা এবার আমার মাথার ওপর তুলে দু । মাধোটা অনেক এগিয়ে গেছে, জানতে পারবে না। কিছু ভয় নেই তোর।

মাথা হইতে ভারটা নামিয়া যাইতেই অনিল অনেকটা চাঙ্গা হইল। হাত-পা খোলা পাইয়া বনের মধ্য দিয়া উধ্ব খাসে পলাইয়া যাইতে আবার তাহার সাধ হইল—মাথায় প্রকাণ্ড ঐ বোঝা লইয়া গুপী তাহার পিছনে ছুটিতেও পারিবে না, বোঝাগুলি নামাইয়া রাখিতে-রাখিতে দে তথন কোন ঝোপের আড়ালে স্বচ্ছন্দে গা ঢাকা দিতে পারিবে—কিন্তু ছোট বোনটির ফুর্দশার কথা মনে করিতেই গা তাহার আবার অবশ হইয়া আদিল।

অনিল ভাবিয়াছিল ডাকাতরা না জানি কত বড়লোক, কিন্তু আদিয়া দেখিল উঠানের ছই পাশে ছইখানি মাত্র থড়ের ঘর—কোণে একটা আটচালার কতকগুলি গরু বাঁধা। উহারা দিনেরবেলায় ক্ষেত চবে, সন্ধ্যা হইলে নৌকা লইয়া বাহির হয়—শাত্রী পারাপার করিবার অছিলায় তাহাদের পরপারে পাঠাইবার বন্দোবস্তু করে।

বাহিরে এমনি নিরীহ হইয়া থাকিয়া তাহারা দবার চোথে ধূলা দেয়।

বাড়ি আসিয়া দেখে বুলু ফ্রক বদলাইয়া সগ্য-পাতা বিছানার এক ধারে বিসিয়া আছে। গণেশ তাহার সামনে এক থালা থাবার লইয়া মিনতি করিয়া তাহাকে থাইতে সাধিতেছে—আর দাদা না আসিলে কথনই এইসব মুখে তুলিবে না বলিয়া সেই যে বুলু ঘাড় বাঁকাইয়াছে তাহা সোজা করে কাহার সাধ্য!

গণেশ রলিল—এই ত' তোমার দাদা এসেছে। নাও, থাও এবার।
দাদাকে ফ্ছ দেহে ফিরিতে দেখিয়া খুসিতে বুলুর চোথ ছাপাইয়া উঠিল।
কহিল—আমার মত দাদারও তেমনি হাত-মৃথ ধুইয়ে কাপড় ছাড়িয়ে দাও—
তবে আমুরা থাব।

এই দব আথ খুটেপনা হরলালের সহিতেছিল না। বুলুর একগোছা চুলে দে এক খেচকা টান মারিয়া কহিল—খাবি, না কি ? এখুনি থেতে হবে সব। নইলে এ—ক চড়ে দাঁত বত্রিশটা গুঁড়ো করে' ফেলব।

গণেশ ক্রেপিয়া উঠিল—থবরদার, ওর গায়ে হাত তুলতে পাবি না বলছি।
হরলালকে এই কথা বলিয়া নিরম্ভ করিতে গিয়া গণেশের লজ্জার শেষ বহিল না। কোথাকার কে-একটা মেয়ের জন্ম সে কি না দলের লোকের সলে ঝগড়া করিতেছে!

হরলাল কৃথিয়া উঠিল—চড় কি, দা দিয়ে ছুঁড়িকে টুকরো-টুকরো করে? ফেলব না আমি—

ডাকাতের হাতে

গণেশু আর কোন কথা না বলিয়া অনিলের হাত-পা ধুইবার জোগাড় করিতে বাহির হইয়া গেল। মেলাই ঝঞাটে পড়া গেছে যা হোক।

থাওয়া-দাওয়া সারিয়া ত্ই ভাই-বোন শুইয়াছে। কিন্তু কাহারও চোথে ঘুম আসিতেছে না, দরজাটা পিছন হইতে তালা লাগান। বাঁলের শিক দিয়া পশ্চিম দিকে জানালা একটা থোলা আছে বটে।

বাহিরে উঠানে লুট-করা রাজ্যের জিনিসপত্র টাল করিয়া ফেলিয়া ডাকাতদের মধ্যে ভাগ-বথরা চলিতেছিল। ঘরের ভিতরে উহাদের কথা কহিবার পর্যন্ত জো নাই—একটি শব্দ হইলেই হরলাল তাড়িয়া আন্দে—কথা কইবি ত' ঘরে আগুন লাগিয়ে দেব বলছি।

কাহার কী অংশ, কোথায় কী বিক্রী করিতে হইবে—সব ঠিক হইয়া গেল। এখন ঐ তুইটা ছেলে-মেয়ে নিয়া কী করা যায় তাহারই পরামর্শ।

দনাতন বলিল—গুপীর মত ছেলেটাকে শিথিয়ে-পড়িয়ে দলে ভর্তি করে' নিলে কেমন হয় ?

গণেশ বলিল—শত হলেও ভদ্দর লোকের ছৈলে ত', চট্ করে' ডাকাত সাজতে পারবে না, অনেক কাঠ-থড় পোড়াতে হ'বে।

'হরলালও সায় দিল—ততদিন ওটাকে পুয়রে কে? আর এদিকে
পুছনে পুলিশ লেগে সব ভেস্তে দিক আর কি! ছোঁড়ার আখ্রীয় স্বজনরাও
য়ৢয়ৢয়িন আর নাকে তেল দিয়ে মুম মারবে না। একটা পথ তারা দেখবেই।

গণেশ বলিল—হাঁা, ঠিক রলেছিস, ওতে বিপদ আছে। সোজাস্থলি কিছুএকটা বিহিত করে' ফেলতে হ'বে। ওকে দলে ভিড়িয়ে নিলেও বা কী এমন
স্থাবিধেটা হ'বে জনি—লোকের অভাবে কোন্ কাজটাই বা আমাদের পড়ে'
আছে। নিশ্চিন্তে এই যে এত বড় একটা ডাকাতি করে' এলাম—ক'টা
লোক লাগল ? হরলাল ত' সারাক্ষণ থালি তামাকই টান্লে।

্সনাতন বলিল—তবে অন্ত কিছু উপায় ত' ঠিক করতে হ'বে । ধরে' যথন আনাই হ'ল, তথন মিছিমিছি ত' আর ছেড়ে দেওয়া চলে না। কাজে একটা লাগাতেই হ'বে—

মুথের কথা লুফিয়া নিয়া হরলাল কহিল—যে কাজে পয়সা আসে। উঠানের কথা-বার্তা ঘরের ভিতর থেকে ছই ভাই-বোন স্পষ্ট শুনিতেছে। অচেনা বিছানায় শুইয়া কাহারও চোথে ঘুম আদিতেছে না—অথচ কড়া ছকুম, টু শক্টি করা যাইবে না। ভয়ে ঘনতর হইয়া ছই ভাই-বোন পাশাপাশি শুইয়া আছে, আর পরস্পরের নিখাদ শুনিতেছে। অনিলের হাতের মুঠার মধ্যে বুলুর একখানি হাত—দে-হাতথানি পায়রার পাথার মত নয়য়য়, ছর্বলতায় ও ভয়ে দে হাত ঘামে ভিজিয়া উঠিয়াছে। তাহাদের সম্বন্ধে চরম কী ব্যবস্থা হয় শুনিবার ভয়ে বুলু দাদার বুকের কাছে শাম্কের মত শুটাইয়া আদিল।

অনিল পশ্চিম দিকের খোলা জানালা দিয়া বাহিরের দিকে চাহিল—ধৃ-ধৃ
মাঠের উপর অন্ধকার আকাশ—কোথায় তাহার শুরু, কোথায়ই বা তাহার শেষ
—চক্ষ্ মেলিয়া অনিল তাহার কিছুই ক্ল-কিনারা করিতে পারিল না। বুলুর
চুলে হাত বুলাইতে বুলাইতে দে ভাবিতে লাগিল—ছোট বোনটিকে যদি
বাঁচাইতেই না পারে, তবে দে দাদা হইয়াছিল কেন ?

ভাকাতের পরামর্শ চলিয়াছে।

. গণেশ কহিল—হাঁা, নগ্দা কিছু লাভ না হ'লে চলবে কেন ? আমি বলি কি, ওটাকে আসামের চা-বাগানে চালিয়ে দিয়ে আসি। হাতে-হাতে রোজগার। শিলচরে কুনির সর্দার তান্কুর সঙ্গে ত' আমার সেই কথা। দৈই। ভেবেই ত' ছোঁডাটাকে জলে পড়ে' মরতে দিলাম না।

সনাতন লাফাইয়া উঠিল। কহিল—তুই ত' সেখানে কতবার গেছিস্ওঁ। দিয়ে আয় ওটাকে তান্কুর হাতে—পাবি কত, শুনি ?

গণেশ ধলিল—যা পাওয়া যায়; মাগ্গি গণ্ডার বাজারে তাই লাভ।
সনাতন খুদি হইয়া বলিল—এদিকে ছুঁড়িটাকে আমরঃ কালীর মন্দিরে
বলি দিই।
.

ঘরের মধ্যে বুলু দাদাকে ছই হাতে জড়াইয়া ধরিল।

কথা কওঁরী বারণ, তর বুলুর কানের কাছে মুখ আনিয়া মুমুর্র মত ক্ষীণ কণ্ঠে অনিল কহিল—তোর কিছু ভয় নেই, আমি আছি কি করতে! আহি তোর দাদা না? আমিই তোকে বাঁচাব।

তবু, বুলু কি, করিয়া আখন্ত হয় ? বুলুকে না-হয় দাদা বাঁচাইল, কিন্তু দাদাকে কে বাঁচায় ?

मामाक वृदक मूथ नुकारेशा वृत् क्ँ भारेशा छेठिल।

অনিল বুলুর কানের কাছে আবার মৃথ আনিয়া অসহায় অফুটস্বরে কহিল— বাঁচাতে যদি না-ই পারি, তবে একদঙ্গেই আমরা মরব। একলা একজন বাড়ি ফিরে গেলে মা যথন আর একজনের কথা জিগ্গেদ করবেন, তথন—

কথা আর শেষ হইল না, অনিলও কাঁদিয়া উঠিল। কিন্তু কাঁদিলে পাছে বুলু আরও অন্থির হইয়া পড়ে সেই ভরে কারা দমন করিয়া সে কহিল—ছ'জনে গলাগলি করে' মরলে আর কষ্ট কাঁ! একজনকে চোথের সামনে মরতে দেখলেই ত'কষ্ট। মরার পর আমরা ঐ ছটি পাশাপাশি তারা হুয়ে আকাশে জেগে থাকব। চেয়ে ছাথ বুলু।

বুলু তার ছল্ছলে ছইটি চোধ তুলিয়া জানালার বাহিরে প্রকাণ্ড আকাশের পানে তাকাইল। দ্লান কঠে কহিল—কিন্তু ঐ তারা ছটো যে আমরা, তা মা কি করে' চিনতে পারবেন? হাতছানি দিয়ে ডাকলে ত' ওরা আকাশ থেকে নেমে আসবে না। ওরা অনেক দুরে দাদা, অত দুরে গিয়ে মাকে ছেডে থাকব কি করে?

বুলু আবার কাঁদিতে লাগিল।

অনিল বলিল—চুপ কর বুল্। ওরা শুনতে পাবে। ততকুণ মনে-মনে মৃদ্ধালীকে ডাকি আর—মনে-মনে ডাকলেও ত' তিনি শুনতে পান।

বৃলু রাগ করিয়া কহিল—এ পেত্বীকে আমি কিছুতেই ডাকতে পারব না। যে-রাক্সি ছোট-ছোট ছেলেপিংলর রক্ত থেংত চায়, তাকে ডাকতে তোর লজা করে না, দাদা?

অনিল তবু বিশুমাত বিচলিত না হইয়া অবুঝ বোনটির চুলে হাত বুলাইতে থাকে। প্রাণপুনে চক্ষু বুজিয়া সে কালীকে ডাকিতে চেটা করে, কিন্তু কি বলিয়া যে ডাকিবে কিছুই বুঝিতে পারে না। কেবল মনে হয় বিপুল অন্ধকারের সমৃদ্র তাহাদের গ্রাস করিবার জন্ত দিকে দিকে বালি-বালি ঢেউ তুলিয়া ছুটিয়া আসিতেছে।

সনাতনের প্রস্তাব শুনিয়া ডাকাতরা অনেকক্ষণ কেহ কথা কহিল না। এ-যাবং কালী-মন্দিরে কোন কিশোরীকে বলি দেওয়া হয় নাই। বলিটা অবশ্র বাংসরিক নিত্যকর্ম দ্বিল—বৈশাধী অমাবস্তা তিথিতে একটা কচি নরমুগু না পাইলে দিরিদায়িনী কালী কটে হইয়া প্রদাদ দানে কুঠিত থাকিবেন—
ভাকাতদের মনে এমনি একটা প্রবল বিশ্বাস ছিল। তাই অমাবস্থার আগের
রাত্রে যেথান থেকে হউক্ তারা একটি শিশু মা'র কোল হইতে ছিনাইয়া
আনিত—কিন্তু তাই বলিয়া অমন স্থলর একটি মেয়ে—দিন্ধ-এর মত পাংলা
চক্চকে যার চুল, মুথের কথাগুলি যার মধুতে মাথা, লগু-কোঁটা যুঁই ফুলটির
উপর ভোরবেলার শিশির জমিয়া আছে এমন যার চোথের জলে ভেজা স্থলর
মুধ্থানি—তাহাকে গাঁড়া দিয়া না-কালীর কাছে ব্য করিতে হইবে এই কথাটা
শুনিয়া প্রথমটা স্বাই আতঙ্কে কেমন শুর হইয়া গিয়াছে। মুগে কাহারও
কথা সরিতেছে না।

সনাতন কথা কহিল। গোঁফের প্রাস্তটা চুম্রাইয়া সে কহিল—কথাটা জনে ভারা এত ঘাবড়ে গেলি কেন, বল দিকি। মা এবার মেয়ের মৃঞ্ চান—
আমাকে কাল রাতে স্পষ্ট স্থা দেখিয়েছেন। মেয়ের রক্ত নাকি বেশি নির্মল—
মা এবারে একটু ম্থ ফেরাবেন, বললেন। শেষকালে কোথায় মেয়ের সোঁজে
নদী চষে' ফিরব—হাতে যথন একটা এসে পড়েছে, তথন এটাকে জিইয়ে
রাথতে হ'বে।

মাধব মুক্ষবিব্যানা করিয়া বলিল—কে জানে, এ-ই হয় ত' মা-কালী পাঁঠিয়ে দিয়েছেন।

হরলাল কহিল-তাই হ'বে।

কিছ গণেশের বুক কাঁপিয়া, হাতে-পায়ে ঝিঁ-ঝিঁ ধরিয়া, চোথে-মুধে অন্ধলার করিয়া দহসা কেমন যেন করিয়া উঠিল কে বুঝিবে। সে কথাটা শুনিয়া গোড়া হইতেই একেবারে পাথর হইয়া গিয়াছে, প্রভাবটা প্রথন প্রায় সাব্যশু হয় দেখিয়া সে আর চুপ করিয়া থাকিতে পারিল না। উঠিয়া দাঁড়াইয়া কহিল—তোরা বলিস কি, সনাতন ? ঐ মেয়ের ঘাড়ে তোরা খাঁড়া বসাবি ?

সনাতন জ্বোর গলায় কহিল—ই্যা, দোষটা কোথায় ?

—না, খবরদার, ও-কথা ভোরা মৃথেও আনতে পারবি ম।।

সনাতনও উঠিয়া দাঁড়াইল। জিজ্ঞাসা করিল—তবে এই মেয়ে নিয়ে তুই করবি কি ?

গণেশ কহিল—বুলুকে আমি নিজের কাছে রেখে দেব। তারপর তদ্মর ডাকাতের হাতে হইয়া আপন মনে কহিতে লাগিল—ওকে আমি বড় করব, রাজার ঘরে বিয়ে দেব, হাতীর হাওদায় চড়ে' বাজনা বাজিয়ে রাজপুত্র আদবে—আমার ধন দৌলত দব কিছু দিয়ে ওর জন্মে প্রকাণ্ড এক দীঘি কাটিয়ে মাঝখানে খেতপাথবের বাড়ি বানিয়ে দেব। দীঘির জলে ময়্রপ্দ্রী নৌকো চালিয়ে ও রাজপুত্রের দঙ্গে হাওয়া খাবে।

কথা শুনিয়া স্বাই হো-হো করিয়া হাসিয়া উঠিল। সে-হাসি এমনি প্রচণ্ড যে, ঘরের ভিতর বুলুর মনে হইল যেন কাহার ছিন্নন্ত লইযা হাজার-হাজার শেয়াল মহোলাসে কাড়াকাড়ি লাগাইয়াছে। সে ঝাদাকে চাপিয়া ধরিয়া কহিল—কী হ'বে, দাদা ?

অনিল চাপা স্বরে কহিল—কিছু ভয় নেই, বুলু। ওরা তোর বিয়ে দেবে। বিষয়টা যে এমন ভয়ত্বর একটা জিনিস, বুলু এই প্রথম শুনিল।

বাহিরে হাসি আর থামিতে চায় না। হরলাল মাটিতে প্রায় গড়াইয়া কহিল—তুই পাগল হলি নাকি, গণ্শা? দীঘি কাটিয়ে বাড়ি করে' দিবি? মাহ্ম করে' বিয়ে দিবি ওকে? তবে ওর বাপ বেচারাই বা দোষ করল কী! বাবা, এত ঠাট্টাও জানিস তুই—পেটের নাড়িভুঁড়ি ছিঁড়ে গেল!

সত্যই, গণেশ ঠাট্টা করিতেছিল নাকি! এমন কথা গাঁজার দম না দিয়া সে বলিল কি করিয়া? তাহার কথা শুনিয়া দকলে সমস্বরে হাসিয়া উঠিল দেখিয়া এখন তাহার ভারি লজ্জা করিতে লাখিল। ইহার চেয়ে দে চিমটা ও ক্মগুলু লইয়া সন্মানী সাজিয়া গৈলেই ত'পারে।

গণেশ আম্তা-আম্তা করিয়া কহিল—কিন্তু মা'র মন্দিরে ওকে বলি আমি কিছুতেই দিতে পারব না।

সনাতন কহিল--বললেই ত' হ'ল না-মা'র আদেশ যে!

—হোক্ মা'র আংদেশ! আমার ঘাড়ের ওপরই বরং খাঁছুা ুবদাদ, কিন্তু ্বুলুকৈ আমি কাউকে ছুঁতে দেব না।

সনাতন কহিল—বলি যদি না-ই হয়, মেফেটা কৈজুর কাছে বেচে দিলেই ত'লেঠা চুকে যায়। মেয়ে আর একটা কেড়ে আনতে কতক্ষণ! মাধো আর গোপীই তা' পারবে—কি রে, পারবি নে ?

মাধব প্যাট-প্যার্ট করিয়া চাহিয়া বলিল-ক'টা চাই ?

তার কাঁধ চাপড়াইয়া সনাতন বলিল-এই ত' মরদের মত কথা !

গণেশ বুল্দের ঘরের দিকে আগাইয়া আদিতে লাগিল। ফৈজুর কাছে বেচিয়া দিতে দে আর আপত্তি করিবে না! কোথাকার কে মেয়ে—তাহার জন্ম কিদের মায়া! তাহার জন্ম দে কিনা দলের লোকের দঙ্গে ঝগড়া বাধাইবার উপক্রম করিয়াছে! ভাবিতে নিজেরই তাহার লজ্জা করে।

তবু মেয়েটি এতক্ষণে ঘুমাইয়া পড়িল কিনা জানিবার জন্ম গণেশ আর কথা না কহিয়া উহাদের ঘরের দিকে আগাইতে লাগিল। পশ্চিমের খোলা জানালা দিয়া মুখ বাড়াইয়া গণেশ কহিল—ঘুমিয়েছ, খুকি ?

আন্ধকারে জানালার বাহিরে বীভংস মুখটা প্রথমে বুলুরই চোখে পড়িল। দে ভয় পাইয়া দাদাকে আঁকড়াইয়া ধরিরা কহিল-—এই দাদা, কে এল ছাখ ——এ জানলার ধারে—

গণেশ মোলায়েম গলায় কহিল—আমি, আমি গণেশ—ভয় নেই তোমার, যুম আসছে না, বুলু ?

বুলু ধমক দিয়া উঠিল—খুব ঘুম আদছে। তুমি যাও এথান থেকে— নিব্দে গিয়ে ঘুমোও গে এবার।

কতক্ষণ পরে চোধ 'চাহিয়া গণেশকে আর জানালায় দেখা গোল না! ভাকাতদের গোলমাল তথন থামিয়া গিয়াছে। সমস্ত মাঠ ও আকাশ ভরিহা অপরিসীম স্তরতা। সেই স্তরতা ভাঙিয়া কথা কহিতে পর্যন্ত ভয় করে।

বুলুর কানের কাছে মৃথ আনিয়া অনিল কহিল—এথান থেকে পালাবি ? গাছের উপর-ভালের পাতার মত বুলুর শরীর কাঁপিয়া উঠিল। অনিলের বুকের মধ্যে মৃথ গুঁজিয়া কহিল—পালাবি, দাদা ? কিন্তু কি করে' পালাবি ? ভীষণ অন্ধকার যে।

অনিল কহিল—অন্ধকারেই ত' হ্ববিধে, সহজে কেউ টের পাবে না। আননে বুলু বিছানার উপর উঠিয়া বিদল। উচ্ছল কঠে কহিল, তবে এধুনি চল দাদা, আর দেরি নয়।

অনিল তাড়াত।ড়ি তাহার মৃথ চাপিয়া ধরিয়া কহিল— আছে! হয় ত' ওরা এখন উঠোনে পায়চারি করছে। এই মতলব একবার শুনতে পেলে ওরা আমাদের আর আন্ত রাধবে না।

বুলু নিত্তেজ হইয়া আদিল। মিয়মানের মত বালিশে মাথা রাথিয়া সে কহিল—তবে কী করে' পালাবি ? দরজাও ত' বন্ধ।

অনিল কহিল—পালাব জানলার মধ্যে দিয়ে। জানলাটা উচু—তাতে কি? আমি তোকে কাঁধে তুলে নিয়ে দাঁড়াব, তুই আন্তে-আন্তে মাথা গলিয়ে দিয়ে ওপারে লাফিয়ে পড়বি, পারবি নে ?

বুলু জানালার দিকে চাহিয়া সামাত একটু-কি হিদাব করিয়া কঁহিল—খুব পারব; কিন্তু তুই ?

—আমার জন্মে ভাবিদ নে—

বুলু মুখ ভার করিয়া কহিল—না, ভাববে না! আমাকে ওপারে একা নামিয়ে দিয়ে তুই যদি আর নামতে না পারিস? তখন কী হ'বে?

অনিল উদাণীনের মত কহিল-—ও আর এমন উঁচু কি ? বৈড়া ধরেই ত' অনারাসে উঠতে পারব। জায়গায় জায়গায় পা রাথবার জন্তে দস্তরমত ফাঁক আছে। পাইপ বেয়ে একবার তেতলার ছাতে উঠেছিলাম বল কুড়োতে—তোর মনে নেই ? ভুলে গেছিস্?

বুলুর উৎসাহ আর ধরে না, অনিলের গায়ে ঠেলা দিতে-দিতে কহিল—তবে উঠে পড়্ শীগ্ গির—এখুনি পালাই। কিন্তু তারপক কোন্ দিকে যাবি, শুনি ? এই অন্ধকার মাঠের মধ্যে পথ খুঁজে পাবি ?

অনিল কহিল-একবার কোন রকমে বের হই ত'।

তুই হাতে কপালের উপর হইতে চুলগুলি মাথার তুই দিকে ঠেলিয়া দিয়া বুলু কহিল—আর তা' হ'লে দেরি নয়, দাদা—

বুলু তক্তপোক হইতে নামিতে যাইতেছিল, তাহাকে বাধা দিয়া অনিল কহিল—আরও থানিকটা সময় যাক, ওদের ঘুমটা আরও একটু পাকুক। পালাবার আওয়াজ পেয়ে জেগে উঠলে আর আমাদের রক্ষে নেই!

র্লু শুইয়া পড়িল—দাদার বৃকের কাছে সরিয়া আসিয়। কহিল—ধরা বৈদি পড়ি, ভা'হ'লে কী হ'বে? ঘ'জনকে জ্যান্ত প্ঁতেই ফেলবে হয় ত' ভাকাতগুলো।

অনিল শাসনের স্থরে কহিল—এখন চুপ করে' একটু ঘুমো, দিকি।
—ঘুমোব কি দাদা ? পালাবি নে ?

আরও ঘণ্টা তুই বাদে। মেঘ ডাকছে—খুব জোরে বৃষ্টি আদবে দে**ধছি।**বৃষ্টি এলেই মজা হয় এবার।

व्लू जान्धर्य रहेशा कहिन-वृष्टि এलে পালাবি कि करत'?

—বৃষ্টিতেই ত' পালাবার স্থবিধে। একে অন্ধকার রাত, তায় বৃষ্টি—ওরা আমাদের খুঁজেই পাবে না। আমরা মাঠ ধরে' হাটতে হাটতে কোথাও না কোথাও ট্রেন-লাইন পেয়ে যাব।

বুলুর সমস্ত শরীর নিমিষে প্রজাপতির পাথার মত হাল্কা হইয়া গেল।
দাদার গলা তুই হাতে জড়াইয়া ধরিয়া সে কহিল—তবে আত্মক বৃষ্টি—ঝড়ের
সঙ্গে-সঙ্গে আমরাও ছুট্ব মাঠ-বন ডিঙিয়ে—ট্রেন-লাইন ধরে' সোজা কলকাতা।
ষ্টেশনে পেঁট্ছেই নেব একটা ট্যাক্মি, কী মজা!

শাসনের স্থরে অনিল কহিল—অত চ্যাচাস্নে, গুনতে পাবে। হয় ত' বেড়ায় ওরা কান পেতে আছে।

তাড়াতাড়ি জিভ কাটিয়া বুলু কহিল—না, এই আমি চুপ করলাম, দাদা। কিন্তু ট্রেনে উঠতে গেলে আমাদের টিকিট লাগবে না? আচ্ছা—এই, এইবার আমি ঠিক চোথ বুজেছি—হু'ঘণ্টা পর আমাকে জাগিয়ে দিস কিন্তু। কি মজা, আবার বৃষ্টি আগছে। ব

চোথ বৃজিয়া বুলু মনে-মনে চলন্ত ট্রেনের ছবি আঁকিতে লাগিল। ঝুলান ঘন্টার গায়ে কুলি বাড়ি দিতেছে—এক, তুই, তিন—ইঞ্জিনটা এই ফুঁ দিল—গাড়িতে টান পড়িয়াছে। তারপর, চোথের সামনে দিয়া অন্ধকার আকাশে অগণন তারার ফুলঝুরি! কোথাও এতটুকু মেঘ নাই—যেন মা শিয়রে বিদিয়া গুন্থন্ করিয়া গান করিতেছেন—দেই গানের এক-একটা শেল উপরে উঠিয়া তারা হইয়া যাইতেছে।

তারপর চারিদিক ঠাণ্ডা করিয়া অনর্গল ধারায় বৃষ্টি নামিয়া আসিল।

তুই ঘণ্টা কথন কাটিয়া গিরাছে। বুলুর ঘুম আর কেহ ভাঙাইলুনা। আকাশের মেঘ দেখিতে-দেখিতে মা'র কথামনে করিয়া অনিলও কথন অজানিতে ঘুমাইয়া পড়িয়াছে—তাহাকেই বা কে জাগাইয়া দিবে ?

স্বপ্নে বুলু তৃথন বাড়ির চারের টেবিলের ধারে বেভের চেয়ার টানিয়া পা ঝুলাইয়া বিদিয়া টোট ধাইতেছে—মা কত সব থাবারের জায়োজন করিয়াছেন,

সব সে দাদার দিকে ঠেলিয়া দিতেছে—থিদে মা, দাদারই বেশি পেয়েছে আমার চেয়ে, আমাকে পিঠে করে' কত নদী সাঁত্রে, কত পাহাড় টপ্কে, কত বন-বাদাড় পেরিয়েও এল—জান না মা, পথের সন্মুথে প্রকাণ্ড একটা বাঘ এসে পড়ল—কি তার চোধ, কি-বা তার থাবা—

চিড়িয়াথানার থাঁচা ভাঙিয়া বাঘ একটা সত্য-সত্যই যেন চায়ের টেবিলের উপর লাফাইয়া পড়িয়া সব কাপ-প্লেট ভাঙিয়া চুরমার করিয়া দিল।

বুলুর ঘুম ভাঙিয়া গেল। চোথ চাহিয়া দেখিল, বিছানার সামনে গণেশ চোথ বড় করিয়া তাহার পানে চাহিয়া মুচকি-মুচকি হামিতেছে।

দাদা ?—বুলু ধড়মড় করিয়া উঠিল। না, দাদা তাহার পাশেই শুইয়া ঘুমাইতেছে।

দাদা কি তাহাকে ফেলিয়া রাখিয়া একা চলিয়া যাইতে পারে ?

বুলু ও অনিলের চোথে সব কিছু কি-রকম অঙুত লাগিতেছে। কলিকাতায় আকাশ কেমন সন্ধার্ণ, ধোঁয়ায় বিবর্ণ, মান আর—আর এগানকার আকাশের সীমা 'হুই চোথে খুজিয়া পাওয়া যায় না। পৃথিবটটা যে কত বড়—এমনি একটা অস্পষ্ট অন্থভূতি হুইটি কিশোর ভাই-বোনকে আছেন্ন করিয়া ফেলিল। যে করিয়াই হউক, এই বন্দীদশা হইতে মুক্ত হুইয়া অন্ত কোথাও—অন্ত কোন পথের সন্ধানে যাত্রা করিতেই হুইবে এমনি একটা চেতনা সমন্ধক্ষণ তাহাদের নাড়া দিতে লাগিল।

দকালবেলায়ই, ভাকাতেরা মাঝি দাজিয়া ভাড়া থাটতে বাহির হইয়াছে। গণেশ প্রথমটা যাইবে না ভাবিয়াছিল, কিন্তু দামান্ত একটা মেয়ের জন্ত সে তার দৈনন্দিন কাজে অবহেলা করিবে ভাবিতে তাহাকে কে যেন চাবুক মারিল। গুপীও,মাধবকে বলিয়া গেল উহাদের উপর কড়া নজর রাখিতে আর বলিয়া গেল মেন বাড়ির উঠান হইতে উহারা এক পা না নড়ে।

উহারা চলিয়া গেলে অনিল গুপীকে জ্বিজ্ঞাসা করিল—অমাবস্থার আর কত দেরি ?

গুপী কহিল-পরশু দাত।

মৃথ কাঁচুমাচু করিয়া বুলু বলিল—আমাকে সেদিন কালীর ম্ন্দিরে বুলি দেবে তোমরা ?

মাধব আগাইয়া আদিয়া কহিল—তাই ত' ঠিক হ'ল।

সজল চোঝে বুলু কহিল—তোমাদের একটুও কষ্ট হ'বে না ? তোমাদের ছোট বোন নেই ?

গুপীর মনটা ছলিয়া উঠিল, আখাদ দিয়া কহিল—আমরা অন্ত ব্যবস্থা করে' ফেলব—তার জন্তে তোমায় ভাবতে হ'বে না।

অনিল কহিল—সে ত' পরগুর কথা—তার দেরি আছে। আয় বুলু, এখন একটু বেড়াই। কেমন স্থলর জায়গা। ওটা কী পাথী, ভাই ?

দাদার গলার স্বরে কেমন একটা নিশ্চিন্ত ভাব, বুলু তাহাতে সাহসের আভাদ পাইরা মনে-মনে খুদি হইয়া উঠিল। মাধব কহিল—কিন্তু উঠোনের থেকে পা বাড়াতে পারবে না—

অনিল কহিল—কোথায়ই বা আমরা যাব। পালাবার ত' আমাদের পথ নেই—পথ-ঘাট কে দেখিয়ে দেবে, বল ?

গুপী বলিল-একটু এদিক-ওদিক ঘুরিয়ে আনলে ক্ষতি কী!

মাধব চক্ষু পাকাইরা বলিল—সদারের কানে উঠলে তোর গায়ে আর চামড়া থাকবে না, গুপী!

বুলু কহিল—আমরা যদি পালিয়ে যাই তবেই না গুপীর দোষ হ'বে। একটু বেড়িয়ে ফিরে এলেই ত' হ'ল! কলকাতার খাঁচায় থাকি আমরা, এমন মাঠ আর হাওয়া কোনদিন দেখিও নি।

মাধব আবার শাসাইল-এ কিন্তু ভাল হচ্ছে না, গুপী!

বুলু গুপীর হাত ধরিয়া টানিতে-টানিতে কহিল—তুমি ওর কথায় ভয় পেয়ো না। আমরা ত' ফিরেই আসচি। সদার ভোমাকে কিচ্ছু বলবে না। আমিই বরং ওর নামে পঁচিণ কথা লাগিয়ে দেব, দেগ।

গুপীর সংশ-সংশ তুই ভাই-বোন উঠান ছাড়িয়া বনের মধ্যে প্রবেশ করিব। গাছে-গাছে অসংখ্য পাঝী, লতায়-লতায় অসংখ্য ফুল—শব্দে গব্দে সমন্ত বন স্পন্তিত হইভেছে—দিনেও অন্ধলার এই বনে চারিদিক হইতে তরক ফুলিয়াছে—নদীর ঘাট হইতে এই বনের পথ ধরিয়াই স্পহারা আসিয়াছিল বলিয়া

ভাহারই সন্ধান নিতে অনিল গুপীকে এখানে টানিয়া আনিয়াছিল। কিন্তু গুপী বেশি দ্ব আগাইতে চায় না, বলিল—চল, ঐ ফাঁকা মাঠে বেড়িয়ে আদি।

পশ্চিমে) বন শৃত্য মাঠে রূপান্তরিত হইয়া গিয়াছে—তাহার উপর আসিয়া অনিলের মন ধাবমান পাথীর প্রসারিত ডানার মত ব্যাকুল হইয়া উঠিল। জিজ্ঞাসা করিল—ইয়া গুপী, ধারে-পারে এথান দিয়ে কোথাও টেন চলে না?

— ট্রেন ? গুপী বলিল—চারদিকে এর নদী, কোণা দিয়েও বেফবার উপায় নেই—

অনিল গুপীর মুথের দিকে তাক।ইল, হয় ত' তাহার মনের কথা ইহার কাছে ধরু। পড়িয়া গেছে, তাই দে ব্যস্ত হইয়া কহিল—না না, এ জায়গা মন্দ কি এমন! কাছে নদী থাকলে ত'লোকের স্বাস্থ্য ভাল হয় শুনেছি।

কিন্তু নদীর নাম শুনিয়া, গর্জমান তরঙ্গ-বিক্ষুদ্ধ নদীর কল্পনা করিয়া আনিলের মন ম্বড়িয়া পড়িল। তুই চোথ প্রসারিত করিয়া ধরিয়াও কোথাও তীরের সামান্তম সঙ্কেত খুঁজিয়া পাইল না। তুরু সে সাহস করিয়া প্রশ্ন করিলা—এর চারদিকেই নদী—তা'কেমন করে' হ'তে পারে! এ ত' আর দ্বীপ নয়!

গুপী বলিল—উত্তরের মাঠ দিয়ে নাক-বরাবর মাইল পাঁচ-ছয় হাঁটলে একটি ভদ্দরলোকের গাঁ পাওয়ায়ায় বটে। ঐ যে তাল গাছ দেখছ—এ যে—

অনিল আর বুলু সতৃষ্ণ ব্যাকুল দৃষ্টিতে সেই উত্তরের মাঠের দিকৈ চাহিয়া রহিল। দ্বে ক্ষেক্টি বড়-বড় তাল গাছ দেখা, যায় বটে—তাহার পিছন হইতে আকাশ উকি দিয়া বেন হাতছানি দিয়া উহাদের ডাকিতেছে!

এক জায়গা হইতে রওনা হইয়া পৃথিবী প্রদক্ষিণ করিয়া আবার সেই জায়গাটিতেই পৌছান যায়—মাইল পাচ-ছয় আর এমন কী পৃথ! কিন্তু বুলু কি এতদুর হাটিতে পারিবে?

মাঠের মধ্যে এ-পাশে ও-পাশে ছই-একটি লোক দেখা যাইতে লাগিল।
শুপী বাস্ত হইয়া কহিল—আর যায় না থোকাবাবু, এবার ফের'।

একজন লোক একেবারে কাছে আসিয়া পড়িয়াছে। ভয়ে গুপীর ম্থ ডাকাতের হাতে শুকাইয়া গেল—পুলিশের লোক হয় ত' ছদ্মবেশে আসিয়া পুড়িয়াছে! পলাইবারও পথ পাইবে না। কিন্তু না, লোকটি অন্তদিকে চলিয়া গেল। অনিল তাহাকে ডাকিতে গিয়া ডাকিতে পারিল না।

গুপী ধমক দিয়া উঠিল—শীগ্গির ফের' বলছি—পা চালিয়ে। !

যাক্, বাড়ির কাছে আদিয়া পডিয়াছে। বুলু বলিল—তোমার ঐ তালগাছের কাছে যেতে ইচ্ছে করে না ভাই ? এথানে কী করতে আছ ? বাড়িতে তোমার মা নেই ?

গুপী বুলুর স্নেহ-কোমল মুথথানির দিকে চাহিয়া কহিল—কেউ নেই।
তাই এথানে পড়ে' আছি।

উঠানে নামিয়াই গণেশ হাক দিল-বুলু!

ভাক শুনিয়াই বুলু তাহার ঘাড়ের উপর ছোট-ছোট চুলগুলি হুলাইতে-হুলাইতে ছুটিয়া আসিল, গণেশকে জড়াইয়া ধরিয়া কহিল—দেখবে এস, আমরা ক্যারম থেলছি। ঘুটিগুলো একটাও হারায়নি—তুমি থেলবে আমাদের সঙ্গে? এস না, বেশ ত'; তোমার ফাইন লাগবে না।

গণেশ বুলুর চুলগুলি কপালের উপর হইতে কানের পিঠের কাছে তুলিয়া দিতে-দিতে কহিল—তোমার জন্মে কত কচি আম পেড়ে এনেছি, ফুটি, তরমুজ, —ইলিশমাছ ভাজা খাবে না ?

বুলু আনন্দে লাফাইয়া উঠিল। কহিল—তোমাদের এথানে গোলাপ জামের গাছ নেই ? কলকাতায় এক কুড়ির দাম হু আনা! খাওনি কোনদিন ?

- आइ देविक। त्र ठिक नहीत्र शाष्ट्र। **आरंग वहानि दक्**म ?
- —আমাকে নিয়ে যাও না সেথানে। আমি ঠিক গাছে উঠতে পারব।
 আমি ত' কেমন হান্ধা, একেবারে উচু ভালে চড়ব, দেখ। তুমি ত' পড়ে'ই
 যাবে উঠলে পরে।

বুলুর নিঃসন্দেহ ও নির্ভয় মুখখানির দিকে চাছিয়া থাকিতে-থাকিতে গণেশ কহিল—বিকেলে তোমাকে ঠিক এনে দেব—এক ঝুড়িঃ কত তুমি খেতে পার দেখব'খন!

— এখুনিই নিয়ে যাও না। বেশ ত' গুপীকে আমার সঙ্গে পাঠিয়ে দাও— পথ দেখিয়ে দেবে। দাদাও কিন্তু গোলাপ-জাম খেতে ভালবাদে—ও-ও খাবে। গুপীকে তুমি একবার বল না। আমরা ত' আর পালিয়ে যাচ্ছি না?

— আমাকে ছেড়ে কোথায় পালাবে? বলিয়া গণেশ হুই ব্যাকুল হাতে বুলুকে কোলে তুলিয়া লইল। খাঁচায় আবদ্ধ পাথীয় মত অসহায় কৰুণ চোথে বুলু চারিদিকে চাহিতে লাগিল—চারিদিক এত বড় ফাঁকা, অথচ পাখা মেলিবার তাহার এতটুকু জায়গা নাই!

গণেশ বুলুকে কোলে তুলিয়া আদর করিতেছে দেখিয়া হরলাল আর সনাতন ছইজনে থুব হাসাহাসি করিতে লাগিল। হ্রলাল বলিল—আর বেশি সময় নেই, গণেশ। মোটে পরশু রাত। মনে থাকে যেন।

সেই কথা সম্পূর্ণ উপেক্ষা করিয়া গণেশ বুলুকে পরিপাটি করিয়া ফল খাওয়াইতে বদিল। কিন্তু মেয়েটি এমন নাছোডাবান্দা যে দাদাকে না হইলে কোন কিছুতেই তাহার হাত উঠিবে না। অগত্যা অনিলকেও ডাকিতে হইল। অনিলের জন্ম গণেশের এতটুকু মায়া নাই—তাহার কেবলই মনে হয় ঐ ছেলেটা অত্যাচারীর মত বুলুর স্নেহে আদিয়া ভাগ বসাইতেছে।

শমন্ত দিনে গৃই ভাই-বোন কোথাও এতটুকু ছাড়া পাইল না। বন্ধ ঘরের মধ্যে বসিয়া থোলা জানালা দিয়া চারিটি সত্ত্ব চক্ষ্ণ বহু দ্বে পাঠাইয়া দিল—দেই চক্ষ্ণ বন নদী পার হইয়া তাহাদের কলিকাতার বাসায় গিয়া বসিয়াছে। ছুটির দিনে সেই তাহাদের দোতলায় খেতপাথরের ঠাণ্ডা বারান্দাটি, গলিতে, কাঠি-বরফওঁয়ালা ফিরি করিয়া চলিয়াছে; স্থুলের টাঙ্ক ফেলিয়া তাহারা তুইজনে সিঁড়ি দিয়া তরতর করিয়া নামিয়া গেল। অনিলের বরফটা লাল, বুলুরটা সব্জ। সব তাহাদের চোথে ভাসিতেছে। বেলা পড়িয়া আসিলে মা নীচে নামিয়া ষ্টোভ ধরাইলেন—চায়ের সঙ্গে, পাপর-ভাজা খাইতে-খাইতে তাহারা তুইজনে বায়স্কোপে যাইবার কথা তুলিল—ক্ষাব্ পোলার্ডের গোঁফ দেখিয়া তাহারা সেদিন কী হাসিয়াছিল, এত ধ্বজাধ্বত্তি করিয়াও হারল্ড্ লয়েজএর চশমা ভাঙে না, চার্লির আদৎ ফোটাইতে কিছ এক ফোটা গোঁফ নাই! —কত সব কথা! মা তবু আপত্তি করিডেছিলেন। এমন সময় কোট হুইতে বাবা ফিরিলেন, পকেটে হাতে রাথিয়া বলিলেন—

আজ কত পেয়েছি বল দেখি ? অনিল আর বুলু লাফাইয়া উঠিল। অনিল বলিল—দশ। বুলু বলিল—পঁচিশ। বাবা হাসিম্থে বলিলেন—কেউ পারলিনে—ছাবিশে টাকা। বুলু বাবার পকেট ধরিয়া মাতামাতি শুরু করিল: ঠিক হয়েছে—আমি বলেছি, বাবা। বাবা জিজ্ঞাসা করিলেন—কী করে' ঠিক হ'ল ? তুই ত' বললি পঁচিশ ? বুলু বলিল—বা, ও-টাকাটা দিয়ে যে আমি আর দাদা বায়স্কোপ দেখব। তা হ'লে পঁচিশ হ'ল না ? এই করিয়া তাহাদের বায়স্কোপ যাওয়া মঞ্জুর হইয়া গেল। স্পষ্ট ছবির মত তাহাদের চোথে ভাসিতেছে যেন সমস্ত কিছু।

কিন্তু এই দিগন্তবিস্তীর্ণ স্থনতার কত দূরে সেই চলমান, মুখর, কোলাহল-চঞ্চল কলিকাতা কে তাহার হিসাব করিবে।

রাত্রিতে শুইবার সময় বুলু গণেশকে কহিল—তুমিও আমাদের ঘরে শোও এসে, সদার।

গণেশ হাসিয়া বলিল—কেন, ভয় করে বুঝি ? কিসের ভয় ?

বুলু কহিল—না, জোয়ান কেউ ঘরে না থাকলে যদি তোমাদের সেই

'ফৈছু মিঞা আমাকে চুরি করে' নেয়। দাদা ত' ভীষণ ভীতু। বলিয়া সে

অনিলের পানে চাহিয়া হাসিল। অনিল মুখ গন্তীর করিয়া রহিল। তাহার

শিখান কথা বুলু ঠিকমত বলিতে পারিতেছে না।

গণেশ্ বলিল—আমি থাকতে কার সাধ্য তোমাকে চুরি করে' নেয় ?

—সেই জ্বন্তে ও' তোমাকে গুতে বলছি। দূরে থাকলে ত' আমার কালাও শুনতে পাবে না, তা' ছাড়া মুথে কাপড় গুঁজে দিলেই ত' পরিষার!

অগত্যা গণেশকে তাহাদের ঘরের মেঝেয় মাত্র পান্ডিয়া শুইতে হইল। ঘরে গণেশ নিজে শুইল বলিয়া দরজায় আর তালা লাগান হইল না।

গণেশের সঙ্গে থানিকক্ষণ গল্প-গুজব করিয়া বুলু ও অনিল ঘুমাইবার ভান করিয়া চুপ করিয়া গেল। গণেশের নাক রীতিমত গর্জন গুরু করিয়াছে। ভক্ষ তাহাদের বরং বাড়িয়া গিয়াছে বটে, কিন্তু দরজাটা যে বাহির হইতে বন্ধ কনা হয় নাই তাহাতেই তাহাদের বুকের ভার নামিয়া গিয়াছিল। বুলু কথনই জানালা টপকাইতে পারিত না। পা পিছলাইয়া একবার খোঁড়া হইলেই সব সাফ্ ইইয়া যাইত।

ছই জাই-বোন নিখাস বন্ধ করিয়া মুহূর্ত গুণিতে লাগিল। অনিল বুলুকে বুকের একান্ত কাছে টানিয়া খুব আন্তে-আন্তে কহিল—তুই আগে উঠে দরজা খুলে বেরো। যদি শব্দ শুনে ও জেগে ওঠে, হাগি-মুথে বলবি ঘরে ভীষণ গরম, ঘুম আসছে।না; চল, বাইরে একটু বেড়াই। গরমের রাতে কল্কাতার ছাতেই আমাদের শোয়া অভ্যাস্—বুঝলি ?

বুলু বুঝিয়াছে। সে উঠিল। অনিল আবার ফিশ্-ফিশ্ করিয়া কহিল— হাা, হাটু দিয়ে দরজার একটা পাল্লা চেপে ধরলেই থিলটা শব্দ না করে' উঠে আসবে। দিনেরবেলায় আমি পরীক্ষা করে' দেখেছি। দর্জাটা খোলা রাথবি, আমিও থানিক বাদে বেরিয়ে পড়ব, দূরে ঐ শিরিষ গাছটার তলায় দাঁড়াস্।

বুলু বিরক্ত হইয়া বলিল—কতবার বলবি ?

অনিল কহিল—তবু আর একবার তোকে মনে করিয়ে দিলাম। তুই যেমন চঞ্চা। আন্তে যাস্—মা-কালী!

অনিল চক্ষু বুজিয়া পড়িয়া রহিল বটে, কিন্তু শরীরের প্রত্যেকটি রক্ত-বিন্দু সঞ্চাগ করিয়া দে বুলুর গতিবিধি দেখিতে লাগিল। পা টিপিয়া-টিপিয়া বুলু মাটিতে নামিয়াছে, ঘুমন্ত গণেশের দিকে বারে-বারে চাহিতে-চাহিতে দে দরকার কাছে আগাইল। গা পাতিয়া যথন দে দর্বজার একটা ধার চাপিয়া ধরিয়াছে—সাবাস্ বুলু—দেখিতে-দেখিতে অত্যন্ত আলগোছে খিলটা খুলিয়া আসিল। থিলটা আন্তে-আন্তে নামাইয়া রাখিয়া তাহার চেয়েও আল্তে-আন্তে সে দ্রজা খুলিল। ঘরে-বাহিরে জনতার সঙ্গে গভীর অন্ধকার। বুলুর পা কাঁপিল না, বাহিরের অন্ধকারে সে যেন স্পষ্ট তাহার মাকে দেখিতে পাইল। মা তাহার শিরিষ গাছের তলায় আদিয়া দাঁড়াইয়াছেন।

এই সেই শিরিষ গাছের তল।—দাদা তাহাকে আগেই দেখাইয়াছিল।
সেইখানে আসিয়া মা'র আর চিহ্নটুক্ও সে দেখিতে পাইল না। ু অন্ধানরে গা
তাহার পাথরের মত ঠাণ্ডা হইরা আসিল। বনের মধ্য দিয়া লতা-পাতায়
খাঁদ্ থাদ্ করিতে-করিতে একটা সাপ চলিয়া গেল হয় ত'—সারি-সারি গাছগুলি
ভ্তের মত এক ঠ্যাঙে দাঁড়াইয়া তাহাকে ম্থ ভ্যাঙচাইতেছে। দাদা
মা-কালীকে ডাকিতে বলিয়াছিল, কিন্তু যে-দেবী কচি শিশুর রক্ত খাইবার
জন্ম জিহ্বা মেলিয়াছেন ভাঁহাকে সে মরিয়া গেলেও ডাকিতে পারিবে না।

কিন্তু দাদাটা এখনও আসিতেছে না কেন? তাড়াতাড়ি আসিতে গিয়া সদার-মাঝির গা মাড়াইয়া দিয়াছে বুঝি? সে ভয়ে ভয়ে চোখ বুজিয়া এখানে আর কতক্ষণ দাঁড়াইয়া থাকিবে? আবার শুক্নো পাতায় কাহার পায়ের শব্দ হইল? টের পাইয়া গণেশই বুঝি নিজে বাহির হইয়া পড়িয়াছে! বুল্ চীৎকার করিতে যাইতেছিল, কিন্তু চোখ চাহিয়া দেখিল—দাদা!

-- দীর্ঘ দিন-রাত্রির অকৃল সম্দ্র-যাত্রার পর কলম্বাস্ যথন প্রথম তীররেখা দেখিয়াছিল, ঠিক তাহারই মত আনন্দে বুলু লাফাইয়া উঠিল।

व्यनिन তाहारक हेमात्राय विनन-भाना!

বুলু একটি মুহূর্তমাত্র দিধা করিল, তারপর দাদা শিরিষ গাছটার কাছে আসিয়া পে ছৈতেই গুইজনে বন ভেদ করিয়া উধ্ব খাসে ছুট দিল। গাছপালা ভাহাদের বাধা হইল না, অন্ধকার অনায়াসে তাহাদের পথ ছাড়িমা দিল। আকাশের তারাগুলি কর্ম সন্তানের শিয়রে মা'র নিষ্পালক চোখের মত তাহাদের ভাকিতে লাগিল—আয়, আয়, আয়!

কতক্ষণ যে তাহারা কোন্ পথে ছুটিয়াছে কিছুই থেয়াল নাই—কাঁটা-লভায়
আটকাইয়া পা তুইটা ছড়িয়া রক্ত বাহির হইয়া পেল, তব্ও থামিলে তাহাদের
চলিবে না। গুপী কোন দিকে যে নদীর পথ দেখাইয়া দিয়াছিল অক্ষকারে
তাহার কোন নির্দেশ পাওয়া গেল না—কেবল বনের সলে বন, অক্ষকারের
সদে অক্ষকার মিলিয়া-মিশিয়া সমস্ত পৃথিবী একাকার করিয়া দিয়াছে। তব্
কেবলই বুলুর মনে হয় আর ছ' কদম ছুটিয়া য়াইলেই নামনে কলিকাভার
রাস্তা মিলিয়া য়াইবে—এখন রাস্তা ভরিয়া গ্যাস জলিতেছে—ময়লা-গাড়িগুলি
শব্দ করিতে করিতে বাহির হইয়া পড়িয়াছে, তুই একটা বাসও যে না
পাওয়া যাইবে এমন নয়। কিন্তু কোথায় কলিকাভা! কোথায় বা মা
তাহাদের জন্ম বিছানা করিয়া বিদয়া আছেন! থালি বনের পর বন, আর
অক্ষকারের পর অক্ষকার! সেই অক্ষকার সমৃত্রের চেয়েও বিশাল, সেই বন
মৃত্যুর চেয়েও জপরিচিত। বুলু থামিয়া পড়িল; কাঁদিয়া কহিল—আর চলতে
পারছি না, দাদা।

অনিল ধমক দিয়া কহিল—চলতে না পারলে হ'বে কেন? ঐ ওরা যে এদে পডল তাডাতাডি।

দিখিদিক না তাকাইয়া বুলু আবার ছুটিল। সতাই, পিছনে যেন কাহারা আদিতেছে ; এই তাহাদের ধরিয়া ফেলিল বুঝি। প্রাণপণে যত তাহারা ছোটে, সেই সব পদশন ততই যেন আগাইয়া আদিতে থাকে। তাহারা সেই তালগাছের দিকে না গিয়া নদীতে আসিয়া নৌকা ধরিবার জন্ম এই বনের পথ নিল কেন? কোথায় যাইতে এই কোথায় আসিয়া পড়িল। চারিদিক হইতে শৃগাল ডাকিয়া উঠিয়াছে—যদি দল বাঁধিয়া আক্রমণ করিতে আসে! আসিবার সময় গণেশের বালিশ হাতড়াইয়া দেশলাইয়ের বাক্সটা বুদ্ধি করিয়া নিয়া আদিল না কেন? গণেশ হয় ত' তাহা হইলে থপ্ করিয়া ঘাড়টা ধরিয়া ফেলিত। যা হউক, তবু ত' তাহারা বাহির হইতে পারিয়াছে—ভাকাতদের রক্তবর্গ চক্ষ্ হইতে এই অন্ধকার বরং ভাল। এই অন্ধকার কোন সময় নিশ্বয় ফ্র্মা হইবে, কিন্তু ডাকাতদের মুঠি কথনও আল্গা হইতে না।

অনিলও আর চলিতে পারিতেছিল না। গাছের একটা গুঁড়ি ধরিয়া সে বিসিয়া পড়িল, কহিল—আয় বুলু, একটু স্থিরোই।

বুলু বসিয়া কহিল—পায়ে প্রকাণ্ড একটা কাঁটা ক্রিংধ গেছে, দাদা।

অনিল কহিল—আমারই কি বেঁধেনি নাকি? জুতো পায়ে তুঁ' বের হওয়া
চলত না। আর এখানে কে আমাদের জন্মে গাড়ি তৈরি রেখেছে?

বুলু মান মুথে কহিল—তা',ত' জানি। কিন্তু কোথায় আমরা যাচ্ছি ? কি উপায় হ'বে, দাদা ?

বুলুকে নিজের, কোলে শোয়াইয়া দিয়া অনিল কহিল—উপায় আর কী! প্রাণ ভরে' মা-কালীকে ডাক্ বুলু, তিনিই রক্ষা করবেন।

নিতান্ত নিক্ষপায় হইয়া বুলু দাদার কথামত মা-কালীকেই ডাকিতে লাগিল। পাছে,প্রাণ ভরিয়া ডাকা না হয় সেই ভয়ে বুলু উচ্চন্বরে মা-কালীর নাম ধরিয়া আর্তনাদ শুরু করিল। অনিল ধমক দিল—চ্যাচাচ্ছিদ কেন? মনে-মনে ডাকলেও তিনি শুনতে পান। পরে বুলুর পায়ে হাত বুলাইতে-বুলাইতে কহিল—একটু ফর্সা হ'লেই আবার আমরা বেরুব। পথ-ঘাটেরু-তথন একটা কিনারা পাওয়া যাবে। • নদী নিশ্চয়ই বেশি দূরে নয়। নৌকো করে'—

অনিল আর চলিতে পারে না—নৌকা করিয়া বুলুকে লইয়া সে মনে-মনে
নদী পাড়ি দিয়া চলিল। রূপালী নদীতে সোনার রোদ ঝিকমিক করিতেছে।
এবারের মাঝি বিনা-পর্যায় তাহাদের ষ্টীমার-ঘাটে পৌছাইয়া দিয়া আসিবে!

চোথ বড় করিয়া বুলু বলিল—নৌকো পেলে মাঝিকে আঠমার গলার হারটাই বক্শিস দিয়ে দেব।

হ্যা, এবার ষ্টীমারে উঠিতে পারিলে তাহাদের পায় কে !

কতক্ষণ পরে দেখা গেল লগ্ঠন-হাতে কে একজন বনের মধ্যে চুকিরা পড়িয়াছে। আলোটা তাহাদেরই দিকে আগাইয়া আসিতেছে দেখিয়া বুলু অনিলকে জড়াইয়া ধরিল, কাঁদো-কাঁদো হইয়া কহিল—ঐ ওরা এসে পড়ল, দাদা—কি হ'বে ?

শুকনো গলায় অনিল কহিল—ওদের কেউ নাও হ'তে পারে। মা-কালী, ও যেন অভা লোক হয়, ওকে তুমি অভা লোক করে' দাও।

লোকটার একটি বাছুর হারাইয়াছে। সারারাত ধরিয়া গদ্ধর ভাক শুনিয়া সে খুম হইতে উঠিয়া গোয়াল ঘরে আসিয়া দেখে বাছুরটি কোথায় নিক্ষদেশ হইয়া গিয়াছে। সেই বাছুর থোঁজ করিতেই সে লঠন নিয়া বাহির হইয়া পড়িয়াছিল। দূরে গাছের তলায় কি একটা পড়িয়া থাকিতে দেখিয়া সে সেই-দিকে পা চালাইল।

অনিল ও বুলু ততক্ষণে ভয়ে কাঠ হইয়া গিয়াছে।

লোকটা হাঁকিল-কে ওগানে ? কে ?

স্বর্টা ডাকাতদের বলিয়া মনে হইল না। অনিল কহিল—আমরা।

— আমরা কে রে? লোকটা কাছে আসিয়া দেখিন ছুইটি নিঃম্ব ছেলে-মেয়ে গাছের, তলায় বসিয়া আছে। সে উহাদের মুখের কাছে লঠন তুলিয়া জিজ্ঞাসা করিলু—কে তোমরা? কি করছ এখানে?

অনিল কহিল—আমরা নদীর ঘাটে যাব—পথ দেখিয়ে দিতে পার ?

- —আসছ কোখেকে ?
- —পথ ভুলে এইথানে এসে পডেছিলাম—এবারে ফিরে থেতে চাই ! তুমি আমাদের একটু,উপকার করবে না ?

বুলু কথা কাড়িয়া কহিল—তোমাকে বক্শিস দেব।

অনিল, তক্ষ্নি তাহাকে গোপনে এক চিমটি কাটিয়া দিল। ব্লুর তথন ছঁস হইল, সত্যই সে কথাটা বলিয়া ফেলিয়া ভাল করে নাই। এই লোকটাকেই যদি সে সোনার হার বক্শিস্ দিয়া দেয়, তবে মাঝি কিসের লোভে তাহাদের নৌকা করিয়া খীমার ধরাইয়া দিবে ?

কথাবার্তা শুনিয়া লোকটার সন্দেহ আরও বাডিয়া গেল। কহিল— এথানে পথ ভূলেই বা কি করে' এলে ? আমাকে সব কথা খুলে বর্ল, থোকা। তোমাদের কিচ্ছু ভয় নেই।

বুলু নির্ভরশীল চক্ষু তুলিয়া দাদার দিকে তাকাইয়া রহিল। ঢোক গেলা ছাড়া অনিল কিছুই বলিতে পারিল না।

লোকটি আবার কহিল—বিপদে যদি পড়ে' থাক, আমি নিশ্চয়ই তোমাদের উপকার করব। কিন্তু আগে তোমাদের পরিচয় দাও। ভদ্দরলোকের ছেলে বলেই ত'মনে হচ্ছে। কোথায় বাড়ি ? কী করে এথানে এলে ?

অনিল আমতা আমতা করিয়া কহিল—আমরা মুদ্দিগঞ্জে দাদামশায়ের বাড়ি যাচ্ছিলাম। নদীতে ঝড় উঠলে মাঝিরা ডাক।তি করে' আমাদের হ'জনকে এথানে নিয়ে এসেছে। মা-বাবাকে কোন্ একটা চরে ফেলে রেথে এসেছে। আমরা হ'জনে ফাঁকি দিয়ে পালিয়ে এসেছি—

ু লোকটা অবাক হইয়া কহিল—বল কী ?

অনিল বলিন—এখন আমরা ষ্টামার ধরতে চাই—কাঁটার থোঁচা থেয়ে গা আমাদের হক্তে ভেসে যাচ্ছে, ফ্লার আমরা চলতে পাছি না। আমাদের ষ্টামার ঘাটে পৌছে দিতে, পার ? আজ রাত্রেই— এক্স্নি ?

বুলু কাল্লায় গলিয়া গিয়া কহিল—আর দেখেছ, আমার এই পাটা! কিছু আর নেই। তেষ্টায় গলা বুজে আদৃছে—এক গ্লাস জল খাওয়াবে ?

জ্ঞলের বদলে বুলু আবার একটা চিমটি থাইল। আবার স্থেল ভুল কঁরিয়া বিসিয়াছে। এখন জল থাইতে গেলে ষ্টামার-ঘাটে পৌছিতে বৈ দৈরি হইয়া যাইবে। ততক্ষণে তাহারা যদি আসিয়া পড়ে!

লোকটা কহিল—এন আমার নঙ্গে। কাছেই আমার বাড়ি—জল থাওরাব, চল। বনের মধ্যে কি পড়ে' থাকে? দাপথোপের ভয় আছে যে! ওঠ। অনিল আপত্তি করিয়া কহিল—না, জলতেষ্টা আমাদের সত্যিই তত পায়নি। ওটুকু আমরা সইতে পারব। আমাদের একবার তুমি ষ্টীমার ঘাটে পৌছে দাও, দয়া করে'।

—দেব বৈ কি। নিশ্চরই দেব। আমার ওথানে গিয়ে জল-টল থেয়ে একটু চাঙ্গা হয়ে নাও—ওথানে যে আছ কারুর বাপের সাধ্য নেই টের পায়। যেথানে-যেথানে কেটেছে সব জায়গায় আমি ওষ্ধ লাগিয়ে বেঁধে দেব। আমার ওথানে ইচ্ছে করলে একটু ঘুমিয়েও নিতে পারবে। টাট্কা গরুর হুধ জাল দিয়ে দেব—সরু চিঁড়ে আর অমৃত-সাগর কলাও ঘরে আছে। চল, খুকি।

বুলু আনন্দে লাফাইয়া উঠিল। দাদা তাহার ব্যবহারে রাগ করিয়াই বুঝি মুখ ভার করিয়া তেমনি বদিয়া আছে।

লোকটা কহিল—এইখানে বসে' থাকলে লাভ কী ? ওরা এতক্ষণে
নিশ্চয়ই খ্ঁজতে বৈরিয়ে পড়েছে। চুপ করে' বসে' থাকবার পাত্র ত' ওরা
নয়। এই দিকেই বা কোন্ না কেউ এসে পড়বে। শীগ্গির চল বোকা,
আমিই বরং তোমাদের লুকিয়ে রাখতে পারব। ভারপর হুবিধে বুঝে ঠিক
একসময় খীমার-ঘাটে পৌছে দিয়ে আসব, হুড্হুড্ করে' বাড়ি চলে'
যাবে।

এ একটা যুক্তির কথা লটে। দাদাকে গা-ঝাড়া দিয়া উঠিতে দেখিয়া বুলুর চোথ খুনিতে উজ্জ্বল হইরা উঠিল। প্রাণ লইয়া পলাইবার সময় পা ছইটা বল্গাহীন ঘোড়ার মতই ছুটিয়া চলিয়াছিল, কিন্তু এখন মনে হইল ছই পায়ে কে যেন প্রকাণ্ড বেডি বাধিয়া দিরাছে—পা আর উঠিতে চার না। অতি কষ্টে খোড়াইতে থোঁড়াইতে লগনের আলো লক্ষ্য করিয়া ছইজনে নিঃশন্দে অগ্রসর হইতে লাগিল।

গহন অন্ধারের কিনারে এডক্ষণে বুঝি ক্ষীণ একটি আলোর রেখা দেখা গৈল। বুলু দাদার গা ঘেঁষিয়া চলিতে চলিতে কহিল—কালী বেশ ভাল দেবতা, না দাদা?

অনিল বলিল--নিশ্চয়। প্রাণ ভরে' ডাকলে সব দেবতাই সাড়া দেন।

—কী ভাকাটা ভাকলাম বল দিকি। সাড়া না দিয়ে পারে? তবে বোধহয় আমার রক্ত আর ও থাবে না, দাদা।

নিঃশব্দে বাকি পথটুকু পার হইয়া আলোর সঙ্গে-সংক উহারাও থামিল। ডাকাভের হাতে ঘন গাছপালার মাঝখানে ছোট কয়েকখানি পাতার কুঁড়ে ঘর। রাত্রে গরম বলিয়া একজন লোক উঠানে থাটিয়া পাতিয়া পরম আরামে ঘুমাইতেছে। বুলুদের পথ দেখাইয়া যে আনিতেছিল দে ডাকিল—রতন!

ভাক শুনিয়া রতন ধড়মড় করিয়া উঠিল। চোথ কচ্লাইয়া কহিল—কে, বংশী-দাদা না ? বাছুর পেলে ?

বংশী হানিয়া কহিল—তার চেয়ে ভাল জিনিস পেয়েছি, ছাখ্। আমাদের বাছুরটার মতই মা-হারা হয়ে পথে বেরিয়েছে। তুই এথন একবারটি যা ত' বাপু, এদের জন্তে গয়লা-বৌর থেকে কিছু পাটালি-গুড় আর পাতক্ষীর নিয়ে আয় দিকি। ভদ্দরলোকের ছেলেপিলে দব—অভুক্ত হয়ে ঘরে অতিথি হয়েছে—কীই বা এই অসময়ে সামনে দিই বল ত'!

বিশ্বরণ বংশী রতনকে কাছে ভাকিয়া কী-সব উপদেশ দিতে লাগিল। পরে বুলুদের দিকে তাকাইয়া কহিল—এদ আমার সঙ্গে এই ঘরে। একটু ঘুমিয়ে নেবে। বলিয়া রতনের উদ্দেশ্যে হাক পাড়িল—আসবার সময় নৌকো একটা বায়না করে' আসিন্—এদের আবার ইষ্টিশানে পৌছে দিতে হ'বে।

রভনের আর কোন সাড়াশন্দ পাওয়া গেল না বটে, কিন্তু বংশীর মিষ্টি
ব্যবহারে তুই ভাই-বোনের মন গলিয়া গেল। মা-কয়লী উহাদের পথ দেথাইয়া
নিতে নিজের অত্তর পাঠাইয়া দিয়াছেন। অনিল কহিল্—এথানকার
ষ্টীমার-ষ্টেশনের নাম কি ? ষ্টীমার লাগে কথন ?

—তা লাগতে এখন ঘট। ছারেক বাকি। তোমরা স্বচ্ছলে ঘূমিয়ে চারটি থেয়ে নিতে পারবে,। কোথায় তোমাদের লেগেছে, দেখি? বলিয়া আলোলইয়া বংশী উহাদের পায়ের উপর ঝুঁকিয়া পড়িল।

নিতান্ত লচ্ছিত হইরা অনিল কহিল—ও আর এমন কী লেগেছে ? তোমার ব্যস্ত হ'বে হ'বে না। থেলতে গিয়ে এমন কত আমার কেটে যায়।

বুলু গলা তুলিয়া কহিল-কত!

অনিল জিজ্ঞাপা করিল—ষ্টীমার-টেশনের নাম কি নারায়ণগঞ্জ ? না, এখানে চড়লে সেথানে আমাদের নামতে হ'বে ? একেবারে এথান থেকেই বরাবর নৌকো করে' নারায়ণগঞ্জ যাওয়া যায় না ?

বংশী বলিল—দে •তোমাদের ভাবতে হ'বে না। আমি ঠিক তোমাদের

পৌছে দেব। একবার আমার হাতে যথন এসে পড়েছ তথন আর তোমাদের ভয় নেই।

বুলু উৎফুল হইয়া কহিল—তবে যাবার সময় সেই চরটাও একবার ঘুরে যাব, কেমন? যদি মা-বাবা দেখানে থাকেন তাদেরকেও তুলে নেব সঙ্গে। কী মজাটাই যে হ'বে।

অনিল তাহাকে ধমক দিয়া কহিল—দূর বোকা! তাঁরা সেখানে এখনও বসে' আছেন নাকি ? কথন্ বাড়ি চলে' গেছেন—

- —বাড়ি চলে' গেলে বুঝি আমাদের খেঁচিজ লোকে পাঠাতেন না ?
- —পাঠাননি তুই কী করে' বুঝলি? এথানে পথ চিনে একদিনে চলে' আসা খুব বুঝি সোজা ভাবছিদ?
 - —তবু চরটা একবার ঘুরে যেতে দোষ কী!
 - —দেই চর কে বা'র করবে ? তুই পথ দেখিয়ে নিয়ে যেতে পারবি ?

সত্যিই, সে-কথা বুলু ভাবিয়া দেখে নাই। তবু না দমিয়া সে কহিল—বেশ ত', ওরা যদি সেই চরে না থাকেন, বাড়ি গিয়েই ত' দেখা হ'বে। বুঝলি দাদা, খুব হৈ-চৈ করে' বাড়ি চুকব না, পেয়ারা গাছের ভাল ধরে' পেছনের দেয়াল টপকে হ'জনে নেমে পড়ে' রোয়াকটিতে চুপটি করে' বঙ্গে' থাকব। গয়লা হুধ দিতে এসে যখন সদরের কড়া নাড়বে তখন দরজা খুলতে এসে মা'র চক্ষ্ দ্বির। আমরা মাকে প্রথম চিনতেই পারব না, না দাদা? ইয়া, এদিককার ট্রেন খুব ভোবেই ত' শেয়ালদা পৌছয়—না বংশী খুড়ো?

বংশী হো-হো করিয়া হাসিয়া উঠিল, কহিল—তুমি যথন বলবে দেই সময়ই ট্রেন ভোমাকে বাড়িতে পৌছে দিয়ে আদবে।

বুলু কহিল—তা' কা করে হয় ? ট্রেন তোমার কথা শোনবার জঞ্জে বদে' আছে ! ১

অনিল বলিল—ই্যা, ঢাকা-মেল থুব সকালে গিয়ে পৌছয়। কাল জামরা এমন সময় কী করছি বল ত'—

তক্তপোষের উপর বসিয়া বুলু জোরে জোরে পা ছলাইতে লাগিল— কাল যে তাহারা এমন সময় ঠিক কী করিবে, কী করিলে যে ঠিক তাহাদের মানাইবে, বুলু সহসা কিছু ভাবিয়া পাইল না।

বংশী তক্তপোষের উপর একটা ছেঁড়া সতরঞ্চি বিছাইতে-বিছাইতে কহিল—আমি ঘুটো বালিশ এনে দিচ্ছি, তোমরা একটু ঘুমিয়ে নাও! রতন ধাবার নিয়ে এলেই মৃথ হাত ধুয়ে ততক্ষণে থেতে লেগে যাবে। আমিও কোমরে গামছা বেঁধে তৈরি হয়ে নেব। বলিয়া সে বাহির হইয়া গেল।

গা ছড়াইবার এমন স্থোগ পাইরা ছই ভাই-বোন স্তরঞ্চির উপর নিশ্চিন্ত আরামে এলাইয়া পড়িল এবং দেখিতে-দেখিতে বুলুর ছই চোঁখ তন্ত্রায় আছের হইয়া আসিল। ঘুমাইলে অনিলের চলিবে না, কতক্ষণে ভোর হয় সেইজ্লু তাহার প্রতীক্ষা করিতে হইবে—ভোর হইলেই ঝির-ঝিরে হাওয়ায় রঙচঙে পাল ফুলাইয়া নৌকা ভাসিয়া চলিবে!

খানিকক্ষণ বাদে ঘরের পিছনে অনেকগুলি চাপা গলার স্বর ও ক্রত পায়ের শব্দ শুনিয়া অনিল থাড়া হইয়া উঠিল—বুলু কিন্তু তথনও পাতার আড়ালে কুঁড়িটির মত ঘুমাইতেছে। অনিল স্পষ্ট দেখিল কতকগুলি লোক সোজা এই বাড়িরই উঠানে চুকিয়া পড়িয়াছে—জাঁদরেল, জোয়ান সকলের চেহারা—সকলের আগে রতন, সে এইমাত্র তাহাদের জন্ত পাতক্ষীর আনিতে গয়লা-বৌর বাড়ি যাইবার নাম করিয়া বাহির হইয়াছিল। প্রথমটায় অনিল কিছুই বুঝিতে পারিল না।

ঠিক হরলালের গলা—-অনিলের চিনিতে আর দেরি ইইল না। কী যে করিবে, বুলুকে জাগাইবে কি না, কিছুই আয়ত্ব করিতে না পারিয়া অনিল তক্তপোষের তলায় গ্রিয়া লুকাইল। তক্তপোষের তলায় গিয়াই তাহার মনে হইল কাজটা নিতান্তই কাগুক্ষের, কিন্তু ঘরের মধ্যে ততক্ষণে হরলাল সদলবলে চুকিয়া পড়িয়াছে।

হরলাল বংশীর কাধ চাপড়াইয়া কহিল—ঠিক বন্ধুর কাজ ক্রেছ ভাই— ভোমাকে এর জঠৈ ঢের ইনাম দেওয়া যাবে। কৈ, ও ছটো কোথায় ? °

বৃংশী কহিল—ঐ তক্তপোষের ওপরে। বলিয়া লগ্ঠনের আঁলোতে পথ দেখাইয়া উহাদের ভিতরে নিয়া আদিল।

বংশী ঠিক উপযুক্ত বন্ধুরই কাজ করিয়াছে বটে। ছইটি নিরাশ্রয় পলাতক শিশুকে ডাকাতের হাতে আবার তুলিয়া দিয়াছে। নদীর রাস্তা দেখাইয়া দিলে বুলু তাহাকে বক্শিস্ দিবার লোভ দেখাইয়াছিল, বংশী মনে-মনে তখন হাসিয়াছিল মাত্র। বক্শিসের মাত্রাটা কোথায় গিয়া ঠেকিতে পারে ভাহাই জানিবার জন্ম সে রতনকে চুপি-চুপি ডাকাতের আজ্ঞায় পাঠাইয়াঁ দিয়াছে! ক্ষার্ড শিশু ছইটির জন্ম সে এতক্ষণ বলকতোলা টাট্কা ছধ ও সরু চিঁড়ের সঙ্গে অমৃতভোগ কলারই ফলার যোগাড় করিতেছিল বৈ কি! আর, ৄছইটি ভাই বোন এতক্ষণ মনের পাথা মেলিয়া প্রায় তাহাদের বাড়ি পৌছিয়া গিয়াছিল! পেয়ারা গাছের ডাল ধরিয়া দেয়াল টপকাইয়া তাহারা ছইজনে রোয়াকে বিপয়া দরজার কাছে মা'র আবির্ভাবের জন্ম প্রতীক্ষা করিতেছে।

বন্ধু না হইলে কেহ কি আর এমন করিয়া বাড়িতে আশ্রয় দের, পারের ঔষধ লাগাইবার জন্ম ব্যস্ত হইয়া উঠে!

সনাতন কথিয়া আসিয়া কহিল—মেয়েটা ত' শুয়ে আছে দেখছি— ছোঁড়াটা কোথায় গেল ?

বংশী শুন্তিত হইয়া কহিল—এই ঘরেই ত' ছিল। যাবে কোথায় ? বলিয়া সে নীচু হইল। তক্তপোষের তলার অন্ধকারে অনিল ঘুপটি মারিয়া বিসিয়া আছে। বংশী হাসিয়া কহিল—বাছাধন, একবার বেরিয়ে আফ্রন দয়া করে'।

হরলাল তাহাকে হিড় হিড় করিয়া টানিয়া বাহির করিল ও রাগে আছ হইরা দাঁতে মুথে মাথায় বুকে যেথানে যত পারিল বেদম ঘূষি মারিতে লাগিল। দেখাদেথি স্নাতন ঘুমন্ত বুলুর উপর তাহার ঝাল ঝাড়িতে উন্মত হইল।

গণেশ এতক্ষণে কথা কহিল—খবরদার, ওর গায়ে হাত তুলবি নে।
যত পারিদ, ছোঁড়াটাকে পেটু, কিন্তু ওর কাদ্ধ থেকে দরে' দাঁড়া।

সনাতন সরিয়া দাঁড়াইয়া কহিল—এমন বেরাদবির পরেও তুই ওদের শাসন করতে দিবি নে?

গণেশ বলিল—মারলেই বৃঝি খুব শাসন হ'ল ? ছেলেপুলের বাপ ত' কোনদিনই হ'স নি ?

সনাতন মুথ ভেঙ্চাইয়া কহিল—আর শাসন হয় আদর করলে। .ঠেসে আদর করেই ত' মেয়েটার সাহস বাড়িয়ে দিয়েছিস। দেব কালীর কাছে বলি দিয়ে—বলিয়া সনাতনও অনিলের পিঠে এক লাথি বসাইয়া দিল।

বংশীও সাহস পাইয়া তাহার কানটা মলিয়া দিয়া কহিল—ছোঁড়াটাকি
কম পাজী! বলে কি না ষ্টীমার-ষ্টেশনের নাম নারায়ণগঞ্জ।

চারিদিকের এই সমবেত প্রহারের ঝাপটায় হাড় ক'থানা একেবারে চুর্ণ হইয়া গেল—আর সে স্থন হইয়া দাঁড়াইতে পারিল না। তাহার তীক্ষ চীৎকারে এতক্ষণে বুলুর ঘুম ভাঙিয়াছে। গণেশ তাড়াতাড়ি তাহার মুথের উপর হইয়া পড়িয়া কহিল—কিছু ভয় নেই বুলু, এই যে আমি, এথানে।

বুলু অম্পষ্ট আলোতে গণেশকে ঠিক চিনিল, কিন্তু সহসা বিশ্বাস করিতে পারিল না। সে চোথ মেলিয়া স্বপ্প দেখিতেছে বৃঝি। সে আর দাদা না এতক্ষণ বাড়ি পৌছিয়া মা'র হাতের চা থাইতেছিল? কোথা দিয়া এ আবার কি হইয়া গেল? পাগলা কুকুরের মত উহারা দাদাকে টুকরা-টুকরা করিয়া ফেলিবে নাকি?

গণেশ कहिन---वाि शिरा पुम्रव हन, रून्।

হরলাল ক্ষেপিয়া কহিল—মেয়ে নিয়ে ঘুমিয়ে ত' তুইই এই কাগুটা বাধালি। আর আদরে কাজ নেই। হাটে গিয়ে ফৈজু মিয়াঁকে একটা থবর দিতে পারবি, বংশী? তার জন্মে মাল মজুত—খুব চড়া দামের জিনিস।

বংশী স্বচ্ছনে ঘাড় নাড়িয়া কহিল—আজই ত' হাট-বার। যাব নিশ্চয়। গণেশ জিজ্ঞাসা করিল—কোন জায়গায় ওদের তুই দেখা পেলি ?

— সেই পিপুল-গাছের গোড়ায়। বাছুর খুঁজতে • বেরিয়েছিলাম—

—বলিস কি রে ? হরলাল সবিশ্বয়ে কহিল — আর একটু এগোলেই ত'
নদী। নদী পেলেই ত' প্রায় সরে' পড়েছিল আর কি। বলিয়া অনিলের
গাল বাড়াইয়া সজোরে এক চড়•বসাইয়া দিল।

হরলাল চক্ষু পাকাইয়া কহিল—তোমারও ব্যবস্থা হচ্ছে, চল না।

অনিলের চলিবার আর শক্তি ছিল না, অগত্যা সনাতন তাহাকে কাঁথে তুলিয়া লইল। বুলু ত' গণেশেরই কাঁথে। কাঁথে উঠিয়াও অনিলের নিস্তার ছিল না—যাইবার আগে বংশী একবার মুখ ভেঙচাইয়া বলিল—কি যাত্ব, কলা থেলে কেমন ?

হরলাল একেবারে মরিয়া হইয়া উঠিল—অনিলের এই তঃসাঙ্সিক আচরণ সহজে সে হজ্জম করিতে পারিকে না। একটা কিছু প্রতিবিধান আজই করিতে হইবে। স্বয়ং গণেশের চোপে ধূলা দিয়া ইহারা বাহির হইয়া গেল, আর ইহাতে কি না ভাহার এক ফোটা রাগ নাই। বরং মেয়েটাকে যে ফিরিয়া পাওয়া গিয়াছে ভাইতেই দে খুদি ? মেয়ে নিয়া অত আবদার যেন দে আর না করে! ত্র'তিন দিনের মধ্যেই ফৈজু সাহেব আদিয়া পড়িবে।

গণেশকে ডাকিয়া লইয়া তিনজনে পরামর্শ করিতে লাগিল। ঠিক হইল যে, কাল রাত্রে অনিলকেই কালী-মন্দিরে বলি দেওয়া হইবে—গণেশের মূথের দিকে চাহিয়া বুলুর কথা আর কাহারও মূথেই আদিল না। তাহা ছাড়া ছেলেটকে বেশি দিন কাছে রাখাও নিরাপদ নয়—য়েমন সাহসী তেমনি বৃদ্ধিমান! ছুরির ধারাল ফলার মত চোথ ছুইটা চক্ চক্ করিতেছে—দৃষ্টির সারল্যের মাঝে কোথায় একটা তীক্ষ দীপ্তি ছিল। না, উহাকে আর আস্কারা দিয়া লাভ নাই। 'বম্ ভোলানাথ' বলিয়া কাল রাত্রেই উহাকে সাবাড় করিয়া ফেলা হউক।

আর বুলুকে অবশু ফৈজুর কাছে বিক্রা করা হইবে—রতন হাটে যাইয়া তাহাকে আজ থবর দিয়া আদিবে। যেদিন সে আসে—আর কথা নাই। কথাটা আগে হইতেই ঠিক হইয়া আছে বটে, তবু এইবার একেবারে পাকা করিয়া নেওরা গেল। মার টাল-মাটাল চলিবে না। তাহা ছাড়া মেয়েটা দস্তরমত গণেশের মন ভিজাইয়া দিয়াছে—এই অস্বাস্থ্যকর মনোভাব থেকে সদারকে মৃক্ত হইতে হইবে। অবশু মেয়েটাকে হরলাল নৌকার মধ্যে রাখিয়া আদিলেই পারিত, তবু আনিয়া যথন ফেলিয়াছে, তথন নিশ্চয় একটা গতি করিতে ইইবে। ছিনিনে যা' ছই পয়সা হাতে আসে—তাহাই লাভ!

-কী বল গণেশ ?

গণেশ রাজি না ইইয়া আর কী করিবে ? বুলুকে বেচিয়া যা' ত' পয়সা হাতে আসে, পৃথিবীতে তাহারই দাম ত' এতদিন তাহারও কাছে বেশি ছিল। আৰু আপত্তি করিলেই বা মানাইবে কেন ? কিন্তু ফৈজু কত দাম দিবে— এই রত্বের দামই বা সে ক্ষিবে কী করিয়া! অতশত বিচার করিয়া আর লাভ কি, ছর্দিনের বাজারে কাণাকড়ি যা পাওয়া যায় তাহাই লাভ! না, গণেশের মত, আছে বৈ কি। একটা কচি মেয়ের মুখ দেখিয়া তাহার নরম ইইলে কি চলে ? কত অমন কচি মেয়ের মাখা সে ঘুই পারে মাড়াইয়াছে।

গণেশ নিখাদ ফেলিয়া বলিল—তাই হোক্, মিছিমিছি তবে ছেলেটাকে আর বেঁধে রাথিদ্ কেন? কালই যথন ওর শেষ, তথন আজ অন্তত একটু হাত পা ছড়িয়ে ছুটোছুটি করুক। ছটো ভাল কিছু ওকে থেতে দে—এ জন্মের লীলা-থেলা ত' ওর ফুরোল!

হরলাল কহিল—তাতে আর আপত্তি কি ? কী বল্ সনাতন ? চক্রবদন আজ আর পালাতে পাচ্ছেন না, সারাক্ষণ কাচে-কাচে রাথব। •

হরলাল সনাতনকে লইয়া ঘরের পিছনে বাঁশ-ঝাডের মধ্যে গিয়া ঢুকিল। গেথানে মোটা একটা বাঁশের সঙ্গে শক্ত দড়ি দিয়া অনিলকে আষ্টে-পৃষ্ঠে বাঁধা হইয়াছে। বাঁধনের জায়গাগুলির পাশে-পাশে শরীরের মাংসগুলি ফুলিয়া উঠিয়াছে—সর্বাঙ্গে হঃসহ বেদনা, মাথা আর সে থাড়া রাখিতে পারিতেছে না। তব্ এত হঃখের মাঝেও এই ভাবিয়াই তাহার সবচেয়ে বেশি হঃখ হয় যে, ঐ পিপুল-গাছের তলায় না বিদিয়া সোজা আরও থানিকটা হাঁটিয়া গেলেই তাহারা ননী পাইত—হয় ত' এতক্ষণে তাহারা ষ্ঠীমারে উঠিয়া রেলিং ধরিয়া শাঁড়াইয়া তেউয়ের শক্ষ শুনিতেছে!

চোথের সামনে বিকটাকার হরলালকে দেখিয়া অনিলের সমস্ত শরীর ভয়ে ও বেদনায় হিম হইয়া গেল—হরলালের হাতে একটা ছুরি; হয় ত' তাহাকে এখন খণ্ড-বিখণ্ড করিয়া মাংসের টুকরাগুলি তাহার পোষা কুকুরটাকে খাইতে দিবে। কিন্তু সে কাছে আসিয়া কিনা ছুরি দিয়া দড়ির বাঁধনগুলি কাটিয়া দিতে লাগিল। অনিল যেন চোধের সামনে ম্যাজিক দেখিতেছে।

এদিকে গণেশ আসিয়া ব্লুকে বলিল—তোমার দাদার বাঁধন খুলবার ছকুম দিয়ে এলাম। আমাকে তুমি এখন কী দেবে বল দিকি, খুকি ?

বুলু খুসি হইয়া কহিল—সত্যি ছেড়ে দিয়েছ দাদাকে? তুমি খুব ভাল, সর্দার। কী আর তোমাকে দেব? বড় হয়ে যথন ডাক্তার হ'ব তথন তোমাকে—যা তুমি চাও—পাঠিয়ে দেব। কী তুমি চাও, বল দাঁ?

— ই্যা, কিন্তু কী করেই বা হ'ব? তোমরাই ত' হ'তে দেবে না—কাল রাত্রে ত' আমাকে মা-কালীর কাছে বলি দেবে। মা-কালী একটুও ভাল নর, দর্পার। এত করে' তাঁকে ভাকলাম, তবু তিনি হাত ধরে' আমাদের বাড়ি নিমে গেলেন না। আমি মরে' গেলে দাদাকে কিন্তু তুমি দেখ, এরোপ্লেনে চড়ে' বিলেত যাবার গুর ভারি সখ্। বিলেত থেকে ও প্রকাণ্ড ইঞ্জিনিয়ার হয়ে আদবে। ও হরি—তুমি বুঝি এরোপ্লেন চেন না!

ষতক্ষণ বুলু কথা বলে গণেশ মন্ত্রমুধ্ধের মত শোনে, বাধা দিতে মন উঠে না। বুলু থামিলে গণেশ বলিল—আমি বেঁচে থাকতে কারুর সাধ্যিনেই তোমাকে বলি দেয়!

—বল কী, সদার ? তুমি এত ভাল ? বলিয়া ব্লু ছই হাতে গণেশকে ব্যাধরিল।

শিশুর সেই কোমল স্পর্শে কঠিন পাথর নিমিষে মাথন হইয়া গেল। গণেশ কহিল-—এইবার তবে তুমি থাও। আর কতক্ষণ উপোধ করে' থাকবে? ঐ যে তোমার দাদা এদে পড়েছে। দেথ, আমার কথা সতিয় কি না।

শানিল বুলুর দিকে তাকাইতে পারিতেছে না, ছোট বোনটির কাছে সেকত যেন অপরাধী—কট্ট করিয়া বনের মধ্য দিয়া আর একটু অগ্রসর হইলেই ত' সে বুলুকে নিরাপদ আশ্রয় দিতে পারিত! বাব্গিরি করিয়া কেন সেতখন বিশ্রাম করিতে ব্দিল? অথচ খানিক আগে বুলু থামিতে চাহিলে সে-ই গলা বড় করিয়া তাহাকে ধমক দিয়াছে। চোখ ঠেলিয়া জল বাহির হইয়া আসিতেছে, অনিল প্রাণপণ শক্তিতে সে জলের স্রোত বন্ধ করিল। এখন কাঁদিলে বুলু অকারণে আরও অন্থির হইয়া পড়িকে। সে এখনও আশা হারার নাই—নিশাসের বাতাসের মত মা'র আশীর্বাদ তাহাকে বেষ্টন করিয়া আছে।

অনিলকে দেখিয়া বুলু কহিল—আয় দাদা, খাবি আয়। আর ওরা তোকে মারবে না—কেমন, ঠিক ত' দদার ? আমাকেও বলি দেবে না বলৈছে। দদার খুব ভাল ঘোক, দাদা।

গণেশ মেঝের উপর থাবারের থালা সাজাইয়া রাথিয়াছে। তাহার উপর রুঁকিবার আগে হঠাৎ বুলু কহিল—আমরা থাবনা ত'—কক্থনো খাবনা। বুলুর কথা শুনিয়া অনিলও হটিয়া আসিল। গণেশ কহিল—কেন ? এ ত'

भूव ভान बावातं।

হোক্ ভাল থাবার। কিন্তু গুণীকে তোমরা বেঁধে রেখেছ কেন? ও কীদোষ করল? আমাদের জন্মে কেন ও শুধু-শুধু কষ্ট পাবে?

অনিল জিজ্ঞানা করিল--কেন, গুপীকে তোমরা বেঁধে রেখেছ নাকি ?

- ই্যা। , দেখেছিশ দাদা, মাধোটা কেমন পাজী—ও ওদের বলেছে গুপীই দিনেরবেলা আমাদের নদীর পথ দেখিয়ে দিয়েছিল। তা'না হ'লে আমরা যেন আর বেকতে পারতাম না! সেইজত্যে ওকেও ওরা দড়ি দিয়ে গাছের সঙ্গে বেঁধে রেথেছে। ওকে কেলে আমাদের কি থাওয়া উচিত ?
- —কক্থনো না। ওরও বাঁধন খুলে দিতে হ'বে। দোষ ত' একলা আমাদেরই।

গণেশ কহিল—তা' কি হয় ? তা' করতে গেলে ওদের সঙ্গে দামার ঝগড়া হয়ে যাবে•ধে।

বুলু ফন্দি বাহির করিল; বলিল—বেশ ত' বাঁধন এখন ওর নাই বা খুললে, কিন্তু লুকিয়ে কিছু খাবার ওকে দিয়ে এলে ক্ষতি কী? ও খেল কি না খেল, মাঝিরা ত' তা' আর টের পাচ্ছে না।

অনিল কহিল—ই্যা, ওর। ত' আমাকে নামিয়ে দিয়ে ঐ দিকে কোথায় চলে' গৈল—

•বৃদ্ তাড়াতাড়ি থাবারের থালা হইতে যত পারিল ছই হাত ভরিষা তুলিয়া লইল—বাসি নিমকি আর গজা, টাটকা গোলাপজাম আর লিচু। বলিল—যদি দেখেই ফেলে, মারবে ত' আমাদেরই—তোমার সঙ্গে ঝগড়া হ'তে যাবে কেন? তুমি ত' আর ওর বাঁধন কেটে দিছে না। জলের মাসটা নিয়ে তুই আয়, দাদা।

বাধা দিতে গণেশের হাত উঠিল না, শুধু কহিল—তোমাদের জ্বন্মে কিছুই যে আর রইল না, বুলু।

বুলু ফিরিয়া দাঁড়াইল না, বলিল—না-ই থাক। আমাদের ঞ্চন্মে, যে কষ্ট করলে তাকে ত' আমাদেরই থেতে দেওয়া উচিত। আমরা ত' আর তেমন লোক নই যে, খাওয়ার লোভ দেখিয়ে ডাকাতের হাতে ধরিয়ে দেব!

সেই শিরিষ গাছের ভালের দক্ষে গুপীকে তেমনি বাঁধিয়া রাখা হইয়াছে।
ব্লু অনিলের কাঁধে চড়িয়া লম্বা হইয়া গেল এবং কোন রকমে গুপীর নাগাল
পাইল মা-হোক। ফ্রকের কোঁচড় মেলিয়া কহিল—তুমি এই খাবার নাও,

গুপী। পরে আবার তোমাকে জলের গ্লাসটা তুলে দিচ্ছি। বাঁধনও তোমার শীুগ্রির খুলে ফেলার ব্যবস্থা করব। ভয় নেই কিছু।

গুপী ছলছল চোথে বুলুর মুথের দিকে চাহিয়া রহিল। মেয়েটা যেন যাত্বকরী, মিষ্টি কথায় সমস্ত নিষ্ঠুরতা শিথিল করিয়া আনিয়াছে।

বুলু আবার কহিল—তোমার কিছু ভয় নেই—ওরা কেউ দেখতে পাবে না। টপাটপ মুখে তুলে নাও—দাদার কাঁধে নিশ্চয়ই লাগছে। ওকেও ওরা তোমারি মত অমনি বেঁধে রেখেছিল—বেচারার সমস্ত গায়ে ব্যথা।

নীচ হইতে অনিল কহিল—ছাই ব্যথা, ও একদিনে সেরে যাবে। আমার মোটেও লাগছে না—তুমি আন্তে আন্তে থাও গুপী।

গুপী অতি কটে হাতটা বাডাইতে গেল, দড়ির বাঁধন একটুও আলগা হইল না—বুলুই অতি কটে একটা-একটা করিয়া তাহার শীর্ণ প্রদারিত আঙুলের মধ্যে খাবারগুলি তুলিয়া দিতে লাগিল।

গুপীর চোথ বহিয়া টদ-টদ করিয়া জল গড়াইতেছে।

রাত্তে বুলুদের ঘরে দেদিন হরলাল আদিয়া শুইল—গণেশের আপত্তি **টি**কিল না। আর কথা বলে কাহার সাধ্য। যদি একটা কোথাও অস্পষ্ট শব্দ হইয়াছে, হরলাল অমনি তাড়িয়া উঠে। তুই ভাই-বোন অতি নিঃশব্দে প্রায় নিখাস বন্ধ করিয়া পড়িয়া রহিল।

আবার তাহারা কী করিয়া পলাইবে এই বিরাট অন্ধকারে তাহার কোথাও ফাঁক তাহাদের চোথে পড়িতেছে না। তাহারা কেবল ভাবিতেছে—কেন তাহারা সেই গাছের তলায় থামিল, থামিল ত' আবার আত্রয় পাইবার লোভে অজ্ঞানা লোকের সঙ্গ লইল কেন? তাহা না হইলে এতক্ষণে তাহারা বাড়ির বিছানায় আরাম করিয়া ঘুমাইতেছে—ঘরে তথন আর অমন বিকট একটা লৈত্য শুইয়া থাকিত না—শিয়রে মা বিদিয়া থাকিতেন—ভাহাদের মা!

আর একবার যদি তাহারা পলাইবার স্থযোগ পায়, তবে কথনই আর থামিবে না—কিছুতেই না। পা ছিঁড়িয়া পড়ুক, মাথার উপরে অন্ধকার ডাকাতের হাতে

আকাশে মেঘ ডাকুক, বৃষ্টিতে চক্ষ্ ঝাপদা হইয়া যাক্—তবু তাহারা ছুটিবে— শেষ পর্যন্ত ছুটিবে।

মা-কালী, তবু তোগাকেই ডাকিতেছি—পলাইবার জন্ম আর একবার পথ পরিষ্কার করিয়া দিবে না? ছেলেমানুষ একবার ভুল করিয়াছি বলিয়াই কি এমন করিয়া শান্তি দিবে?

পরদিন বিকাল হইতেই সনাতন অনিলকে লইরা বাহির হইয়া গেল। হরলাল গণেশকে চূপি-চূপি ডাকিয়া বলিল—তোর কথামত সেই ব্যবস্থাই তা' হুলৈ ঠিক করলাম। রাত করে' ছেলেটাকে বোনের বিছানা থেকৈ তুলে নিতে গৈলে হয় ত' কালাকাটি করবে—আর বোনটিও বেমন আথখুটে, হয় ত' দাদারই সঙ্গে যাবার জন্মে গোঁ। ধরে' বসবে। তাই নৌকোয় বেড়ানর ছুতো করে' ওকে আমরা এখুনি সরাহিছ। তুই ত' মেয়েটাকে অনায়াদে আগলাতে পারবি।

গণেশ কহিল—দে আর বলতে হ'বে না। কিন্তু আমাকে থবর পাঠাবি কথন তাহ'লে ?

হরলাল বলিয়া চলিল—একেবারে এখন থেকেই নৌকোয় গা ঢাকা দিয়ে থাকব। রাত না পড়তেই অমাবস্থা লাগবে—তার পর চারদিক বন নিঝুম হয়ে এলে কালী-মন্দিরে নিয়ে যাব। আগে কিছুই ওকে জান্তে দিই নি। সনাতন সেই যে বলেছিল, মা-কালী এবার মেয়ে চান—সেটা ভুয়ো কথা। তোকে থেপাবার জন্যে।

গণেশ হাসিয়া ক্লহিল—তা' আমি জানতাম। অমন মেয়ে কালীর থাবারের জন্মে তৈরি হয়নি।

হরলাল কহিল—কিন্ত ফৈজু মিয়াঁর জন্মে ত' হয়েছে। সে বাই হোক, তোড়জোড় সব হয়ে গেলে মাধোকে পাঠাব তোকে ডেকে আঁনবাঁর জন্মে। কাপালিক ত' সন্ধ্যে থেকেই পুজোর আসবাব-পত্র নিয়ে হাজির থাকবে।

গণেশ কহিল—আর আদবাবই বা কী ? মড়ার কয়েকটা খুলি, আর হাড়—আর পাচ-দাত পাত্তর তাড়ি!

— বাই হোক, মাধো এসে চুপি-চুপি ডাকলেই তুই বেরিয়ে পড়বি। তার

ব্দাপে মেরেটাকে ঘুম পাড়িয়ে রাথবি। গুপী আর মাধো হ'জনে পাহারা দেবে। টুঁশকটি পর্যন্ত কানে যাবে না। তুই ঠিক সময়ে না এসে পৌছুলে কিন্তু কিছুই হ'বে না। কোপ ত' তোকেই বসাতে হ'বে—

গণেশ উদাসীন কঠে কহিল—আমি যে সদার। তোরা ত' থালি ভোগ করবার দলে। মাধোকে ঠিকঠাক পাঠিয়ে দিস তা' হ'লে ? আমি বুলুকে ঠিক ঘুম পাড়িয়ে রাথব। গুপীকে তাড়া দেব'খন। এইবার একটুথানি এদিক-গুদিক করলে ওরই মাথা যাবে।

— নিশ্চয়। তবু কড়া না হ'লে কি চলে? তবে আমরা ওকে নিয়ে এপোই। মেয়েটাকৈ তুই ভূলিয়ে রাধ। গুপীকে আমি আগেই বলে রেখেছি। স্ব বন্দোবন্ত সারা হয়েছে। হয়লাল তুই পা আগাইয়া আবার কিয়িল; কহিল—একটা আপদ ড' ভালয়-ভালয় বিদেয় হ'ল—এখন মেয়েটাকে পছাতে পারলেই নিশ্চিস্ত। তা' য়তন সকালবেলা এসে ধবর দিয়ে গেল য়ে, কাল য়াতে কৈছু আস্ছে। যা পাওয়া য়ায়—কী বলিন ?

—নিশ্চয়। গণেশ সায় দিল। কথা একবার আগেই পাকা হইয়া য়িয়াছে, এখন আর নড়চড় হইবে না।

বৃশুকে কাছে রাধিবার আর মাত্র একটি দিন—চবিবশটি ঘণ্টা মোটে হাতে আছে। তাহার পর বৃলুও তাহার টগরের মত অকৃল জনতার সমূত্রে কোখায় হারাইরা ষাইবে—আর তাহার ঠিকানা পাওয়া যাইবে না।

হরলাল কহিল—বলি দেবার লগ্ন কাপালিকই ঠিক করে' দেবে। অবশ্য তার অনেক আগেই মাধোকে পাঠিয়ে দেব। লগ্ন একবার ফসকালৈ কিছ ৰলি অশুদ্ধ হয়ে যায়—আর তাকে ছোঁয়া যাবে না—মনে আছে ড'?

গণেশ বিব্ৰক্ত হইয়া কহিল—তুই কাকে এ-সব শেখাচ্ছিস আৰু ? পাঁচটি বছর সমানে এমনি বলি দিয়ে আসছি—লগ্ন অমনি ফসকালেই হ'ল ?

হরলাল বলিল—তবু একবার মনে করিয়ে দ্বিলাম। বলিয়া সে হনহন করিয়া চলিতে লাগিল। সনাতন অনিলকে নিয়া তাহার ক্ষা নৌকায় অপেকা করিতেছে।

ভাই বোন ত্ব'টিকে বিচ্ছিন্ন করিবার জন্ম যে বড়বন্ধ করা হইল ভাহা ভাহার। ঘুণাক্ষরেও টের পাইল না। অনিল নৌকায় উঠিয়া ভাবিল কোন ক্ষমোগে পলাইবার পথ একটা হয় ত' পাওয়া যাইবে। কিন্তু সে জানিতেও পারিল না, কী সর্বনাশ ঘনাইয়া আসিয়াতে।

অনিল জিজ্ঞাদা ক্রিল—আমাকে তোমরা ডাকাতদের দলে ভূতি করে' নিলে নাকি?

मनाजन तोका छाछिया निया विनन-त्कन, भारति तन ?

— খ্ব পারব। ন্তন আনন্দে অনিলের তুই চক্ষ্ উজ্জ্বল হইয়া উঠিল।
তাহার মনে হইল, এতক্ষণে তবে দে পথ দেখিতে পাইয়াছে। কোন না
কোন ছুতায় মৃক্তি তাহাদের মিলিবেই। এইভাবে দলে ভিড়িয়া এক লময়
বিশাসঘাতকতা করিয়া দে বুলুকে নিয়া সরিয়া প ড়িবে। কিছু লময় চাই মাত্র।
▶ সহ্ করিয়া থাকিতে হইবে বৈকি। ইহার মধ্যে প্লিশ আসিয়া উদ্ধার
করিলে ত' ভালই, নতুবা দে-ই নিজের পথ খুঁজিয়া নিবে।

অনিল জিজ্ঞাসা করিল—আজকে কোণাও ডাকাতি করবে না ? স্নাতন হুঁকা ধরাইতে-ধরাইতে কহিল—দেখা যাক।

কিন্ত সারা সন্ধ্যা ধরিয়া তাহারা নিরীহ ভাস মার্ক্তবের মত ধালি নৌকাই টানিতে লাগিস। থাল ছাড়িয়া বড় নদীর ধারেও গেল না। দ্বে কোন নোকা যাইতে দেখিলেই অনিলের মন আনচান করিয়া উঠে—হয় ত' উহারা বাক্স-প্যাটরা সাজাইয়া বাড়ি চেলিয়াছে। কোথায় না-জানি উহাদের ঘর! সামনে দিয়া গেলে অনিল উহাদের ভাকিয়া জিজ্ঞাসা করিত। এখন ভাকিতে যাওয়া বৃথা—ভাকিতে গেলে জলের মধ্যে নির্ঘাৎ উহাকে চুবাইয়া মারিবে।

অনিল অন্তির হইয়া বলিল—এথানে এমনি থালি ঘুরবে নাকি ? ৃৰজ্ নদীতে যাবে না ?

স্বলাল ধনক দিল—কেন, এই বা মন্দ কী! বেশ ত' হাওয়া খাচ্ছিল।
মাধৰ নাক কুঁচকাইয়া টিয়্পনি কাটিল—ছোড়ার বাব্য়ানী বোল আনা।
বসতে পেলে শুতে চান একেবারে!

না, মন্দ কা । ভালই ত' দে বেড়াইতেছে। বুলুকে লক্ষে আনিলে আরও ভাল লাগিত। আদিবার আগে তাকে জানান পর্যস্ত হইল না। অনিলের প্রতি উহারা হঠাৎ এমন সদায় হইরা উঠিল কেন বুঝা কঠিন।
অথচ ইহারাই আজ সমস্ত দিন ধরিয়া তাহার উপর কী অত্যাচারই
না করিয়াছে! এত অল্প সময়েই ইহাদের স্বভাবে এমন অভুত পরিবর্তন
সম্ভব হইল কী করিয়া? সনাতন এমন সদাশয় যে, হাতের হুঁকা পর্যন্ত তাহার
দিকে বাড়াইয়া দিয়া বলিতেছে—টানবি নাকি একটু? কোনদিন খাবার
এমন স্বযোগ পাবি কি না কে জানে!

কোন কথা না বলিয়া অনিল মুথ ফিরাইয়া রহিল।

मक्ता হইয়া গেল—তবু দাদার ফিরিবার নাম নাই। বুলু অন্থির পায়ে
কেবলই ঘর-বাহির করিতেছে। ব্যস্ত হইয়া গণেশকে আবার জিজ্ঞাসা
করিল—দাদা ক্থন ফিরবে ?

গণেশ কহিল—এই ফিরল বলে'। হাওয়া থেতে বেরিয়েছে কি না—

- —হাওয়া থেতে বেরিয়েছে—আমিই বা এমন কী লোষ করলাম!
- —চাই কি পথে ত্'একটা শিকারও ত' মিলে যেতে পারে। তুমি গিয়ে কী করতে?
- —বা, আমি থাকলে আগে থেকেই বলে দিতাম—এ নৌকোয় তোমরা উঠ না, এ ভাকাতে নৌঝো, সব তোমাদের লুট্ করে' নেবে—

গণেশ হাসিয়া কহিল—দেই জন্মেই ত' তোমাকে নিয়ে যায় নি। ভালই করেছে না নিয়ে। বুলু তবু মাথা নাড়িয়া প্রতিবাদ করিল—কিন্তু আমাকে ফেলে দাদা একলা গেল কী করে'?

গণেশ বলিল—ওকে জাের করে' ধরে' নিয়ে গেলে ও কী করতে পারে ? ভয়ে বুলুর আকঠ গুকাইয়া গেল; কহিল—জাের করে" ধরে' নিয়ে গেছে ? দাদাকে ? কােথায় ?

গণেশ, কণুটাকে সামলাইল; কহিল—কোথার আবার নিয়ে যাবে? হয় ত' ডাকাতি শেখাছে। তারপর হই আঙুলে ব্লুর কপালের উপর চুলের যুঙ্রি তৈয়ারী করিতে করিতে কহিল—কে জানে—য়েমন জাঁহাবাজ ছেলে ডোমার দাদা—হয় ত' এক ফাঁকে কোথা দিয়ে পালিয়ে গেছে। তাই হয় ত' হবে—নইলে এতক্ষণ আর কি ওরা ফিরে আসত না? হয় ত' ওর থোঁজে সারা নদী-বন টহল দিয়ে ফিরছে।

তুবড়ির মত ব্লুর সারা দেহে আনলের ফুলকি বিকীর্ণ ইইতে লাগিলঃ দীপ্ত কণ্ঠে কহিল—সত্যি বলছ, স্পার—দাদা পালিয়েছে? বল, বল, তুমি কী করে' জানলে? বলিয়া ব্লু ছই হাতে গণেশের হাত ধরিয়া ঝাঁকুনি দিতে লাগিল।

গণেশ চোথ বুজিয়া কহিল—আমার মন বলছে, সে পালিয়ে গেছে, বুলু—
দূরে, অনেক দূরে—কেউ তাকে আর ধরতে পারছে না।

— সত্যি ? তুমি ঠিক জানতে, সে পালাবে ? তুমিই তাকে পথ দেখিয়ে দিয়েছ বুঝি ?

গণেশ বুলুকে সহসা বুকের উপর জড়াইয়া ধরিয়া কহিল — আমাকে দেখাতে হবে কেন ? চালাক ছেলে, নিজেই ঠিক বার করে' নেবে, দেখ।

তাড়াতাড়ি বুলু গণেশের আলিঙ্গন হইতে আলগা হইরা হাঁততালি দিয়া
,উঠিল; কহিল—খুব ভাল হবে, সর্দার। তুমি যেন ওকে ধরতে যেও না।
বড় হয়ে ঠিক আমি তোমাকে—কী নেবে বল দিকি, আমার কাছ থেকে?
ও! বাড়ি গেলে মা কত খুদি হবেন বল ত'—তুমি একবার ভাবতে পার?

পরে সহসা আবার মৃথথানি মান করিয়া কহিল—কিন্তু আমাকে সক্ষে করে'ও নিয়ে গেল না কেন? মা যথন জিজ্জের করবেন, বুলু কোথায়, তুথন ও কী বলবে? না, আমাকে না-নিয়ে গিয়ে ভালই করেছে—কী বল, সর্দার? আমি ওর মত অত ছুটতেও পারতাম না, লাফাতেও পারতাম না। আমি সঙ্গে থাকলে আমিই হ'তাম একটা বোঝা। মা-বাবা জিজ্জেদ করলে ওর বলে' দিলেই চলবে—বুলু জলে ডুবে মরে' গেছে। আমার জত্যে কা'র বা কতটুকুন ভাবনা, বলিয়া ঝর্ঝর্ করিয়া দে কাদিয়া ফেলিল।

গণেশ আবার ভাহাকে বুকের মধ্যে জড়াইয়া ধরিয়া কহিল—কায়া কিমের, বুলু ? তুমি এবারে থেয়ে নাও—রাত ত' বেশ হ'ল, তারপর আমরা মুম্ব।

তুই হাতে চোথের জল মৃছিয়া ফেলিয়া বুলু কহিল—আজ আমি থাব কী, দর্দার ? দাদা পালিয়েছে, এই থবর পেয়েই ত' আমার পেট ভরে' গৈছে। ধাবার জার দরকার নেই।

—তবে শুয়ে পড়।

বুল্ চূপ করিয়া তক্তপোষের উপর শুইয়া পড়িল। দাদা যেন সত্যই আর ফিরিয়া না আসে—দূরে বছদ্রে চলিয়া যায়—ঠিক তাহাদের কলকাতার বাড়িতে—সতের নম্বর বকুলবাগান ফার্ড লেনে। ভোর হইলে বাড়িতে কেমন উৎসব লাগিয়া যাইবে—আকাশের ঐ তারাটির মত চোরের উপরে সব স্পার্ট দেখিতে পাইতেছে। দাদারই ত' প্রথম বাঁচা দরকার—তাহাকে দিয়া পৃথিবীর কত কাজ হইবে, তাহার কত কীর্তি ইতিহাসের পৃষ্ঠায় সোনার অক্ষরে লেখা থাকিবে, দিন-রাত্রির অনস্ত বলায়ও সে-অক্ষর মান হইবে না। সে মেয়ে বলিয়া তাহাকে দিয়াও কোন কাজ হইত না এমন নয়, কিন্তু এখন সে-কথা ভাবিয়া মন সে কিছুতেই খারাপ করিবে না। আগে দাদা বাঁচুক—দাদার জন্ম মরিতে তাহার ত্থে নাই।

কি-একটা কাব্দে গণেশ বাহিরে যাইতেই বুলুও বাহিরে চলিয়া আদিল; ।
কিন্তু দরজাব ওপারে গুলী হঁ দিয়ার হইয়া কড়া পাহারা দিভেছে। আজ্ব সে সহজে নড়িবে না।

গুপী কহিল-কোথায় যাচ্ছ খুকুমণি?

- त्क, खनी ? काक्षाय व्यावाय याव ?— नाना भानित्य एक, क्वारना ? ?
- —পালিয়েছে ? গুপী একেবারে তড়াক করিয়া লাফাইয়া উঠিল।
- —তুমি কিছু শোননি বৃঝি ? সেই সন্ধ্যের সময়—মাঝিরা ওকে ধরতেই পাছে না। কোথা দিয়ে কোথায় যে পালিয়ে গেল—টিকিটিও কেউ দেখতে পেলে না। বেলাতেই বাড়ি পৌছবে।

গুপী জোর দিয়া কহিল-মিথ্যে কথা।

— তুমি বললেই ত' আর মিথ্যে হয়ে বাবে না। সর্লার নিজে আমাকে বলেছে। তুমি ত' তার চেয়ে বেশি জানো না।

ব্যাপারটা 'এতক্ষণে গুপীর আয়ন্ত হ**ইল। ব্ঝিল, এই** চঞ্চল মেয়েটকে ভূলাইয়া রাখিবার জন্ম গণেশ এই কৌশল করিয়াছে। তাই সে নিশ্চিষ্ট হইয়া তাহার জায়গায় গাঁট হইয়া বসিয়া কহিল—পালিয়েছে ত' বেশ করেছে, তুমি এবার ঘুমোও গুে, যাও।

বুলু কৃথিল—ঘুম্ব কী! দাদা বন-নদী ভেঙে এখন ছুটছে, আরু আকি
ভাকাতের হাতে

ছুম্ব! বেশ বলছ, দেখি। ভোরবেলার দিকে দাদার ট্রেন যথন প্রায় শেরালদা গিয়ে পৌছবে, তথনই যদি একটু ঘূম আদে। তথন ঘুম্তে আমাকে হ'বেই। কেননা দাদার সঙ্গে আমাকে দেখতে না পেয়ে মা'র সেকালা আমি দেখতে পারব না।

পরে ঘনিষ্ঠ হইয়া বুলু কহিল—আজকের রাতে তোমাদের দৈ-বলি ত'আর হ'ল না।

গুপী সাবধানে কহিল—হ'ল না মানে ? হ'তেই হ'বে। বলি না হ'লে মা-কালী যে দল-কে-দল ধরিয়ে দেবেন।

- —সেই তোমাদের বিশ্বাস নাকি ? তা' মেয়ে যোগার্ড হয়েছে ?
- —হরেছে বৈ কি। না হ'লে চলবে কেন? যোগাড় একটা যে করে' হোক ক্রতেই হ'বে।
- —বেশ হ'বে তা' হ'লে। মাঝিদের ত' তা' হ'লে ফিরে আসতেই হ'বে—

 দাদার পেছনে আর ছোটা চলবে না। দাদা বেঁচে যাবে—আর দর্দারের

 কড়া হুকুমে আমার গায়ে ত' হাতই তুলতে পারবে না কেউ। ভালই হ'ল।
 ভা' কখন বলি হ'বে ?
- শীপ্ পির। তৃষি ঘুমিয়ে পড়, খুকি। বৃলির কালা ভিনতে নেই। ছেলেপিলেরা ভনলে তাদের অমঙ্গল হয়।

কুলু কান খাড়া রাধিয়া কহিল—এখান থেকে শোনা যায় নাকি? ভোমাদের সেই মন্দির কত দূরে?

- —এই ত' থানিকটা পথ। একটা ঝোপের মধ্যে।
- -- अनल की. व्यवक्र हव ?

গুপী মুক্ষ্বিয়ানা করিয়া কহিল—ছেলেপিলেদের কেউ শুনলে তাদের আত্মীয়ের মধ্যে একজন মারা বায়।

—তবে কাল্ক নেই আমার শুনে। আমি শুরে পড়ি গে। এ বি যে সর্লার একে পড়েছে। ঘুমিয়ে পড়লে কেউ যেন আমাকে জাগিয়ে দিও না, শুপী। ভাল হ'বে না তা' হ'লে। বলিয়া বুলু বিছানায় শুইয়া শুড়িল।

গণেশ শিররে ঝুঁকিয়া তাহার কপালে একথানি হাত রাধিয়া প্রশ্ন করিল—

মুম আসতে না, বুলু ? •

প্রাণিপণে চক্ষু বুঁ জিয়া রাখিয়া বুলু কহিল— এই আসছে। দাদাকে ওরা ধরতে পারেনি ত' দর্দার ?

গণেশের বুক ভেদ করিয়া শব্দ বাহির হইল—না। এইবার নিশ্চিস্ত হইয়া বুলু ঘুমাইবে।

কিন্তু ঘুম আদিতেছে না। দাদার কথা ভাবিয়া নয়; কালীর মন্দিরে অসহায় কোঁন অনাথ শিশুর অন্তিম আর্তনাদ শুনিবার প্রতীক্ষায় সে কান থাড়া করিয়া বহিয়াছে।

অনেক রাত ক্রিয়া নৌকা এক জায়গায় আদিয়া থামিল। সে জায়গাটা যেমন তুর্গম তেমনি অন্ধকার। বিস্তীর্গ নির্জনতায় ভয় পাইয়া চারিদিকের গাছ-পালা ঝোপঝাড়গুলি পরম্পরের অত্যন্ত ঘনিষ্ঠ আর রাশীভূত হইয়া উঠিয়াছে। পা কেলিতে অনিলের স্নায়্-শিরাগুলি কাঁটা দিয়া উঠিতেছিল—মাধ্বকে জিজ্ঞানা করিল—আমরা কোথায় যাজিছ ? বাড়ি যাবার এই কি রাজা নাকি ?

মাধব কহিল—বাড়ি যাব কোন্ ত্ংথে ? যাচ্ছি মন্দিরে। আজকে মা'র কাছে সেই বলি দেবার দিন না ? বলিয়া সে চোথ টিপিয়া শয়তানি হাসি হাসিয়া কহিল—তুই কিছু জানিস্না বুঝি ?

হরলাল বলিয়া উঠিল—না না, জেনে কাজ নেই। চল হে অনিলবার্। বলির কথা শুনিয়া অনিলের সর্বাঙ্গ অসাড় হইয়া আদিল। শুক্না গলায় কহিল—বলির মেয়ে ত' কই ধ'রে আনলে না ?

সনাতন তাহার পিঠে এক ধাকা মারিয়া কহিল—সেব্রুত্তে তোর মাথা ঘামাতে হ'বে না। যা, এগো।

তবে উহারা বুলুকেই বলির জন্ম ধরিয়া আনিবে নাকি। সর্দার কি তাহাতে বাধা দিবে না একটুও? আর সেই বলি অনিলকে চোথ মেলিয়া দেখিতে হইবে। একবার বেলতলা রোডের বারোয়ারি হুর্গা পূজায় সেপাঠা-বলি দেখিয়াছিল। মনে-মনে সে-কথা ভাবিয়া এখনও তাহার হংকম্প জরু হয়—তাহার পর কত রাত্রি তাহার হংকপ্রে কাটিয়াছে। সেই পাঠাটার মত্তই বুলু কাঠগড়ায় গলা পাতিয়া বিক্নত ম্বরে প্রাণপণে চীৎকার

ক্রিবে—আর অনিল তাহার দাদা হইয়া একটা আঙুলও তুলিতে পারিবে নাঁ।

গাছ পাতায় নিবিড় করিয়া ঘেরা ছোট্ট একটি ভাঙা মন্দিরের কাছে আদিয়া দকলে থামিল। এইখানে দমন্ত আকাশ রুক্ত ইয়া আছে—বাহিরে যে প্রকাণ্ড পৃথিবী নদ-নদী মাঠ-পর্বত বেপ্টন করিয়া চারিদিকে প্রসারিত ইইয়া আছে, এ-কথা ধারণাই করা যায় না। মন্দিরের সামনে কাপালিক আগে ইইতেই বিদিয়া আছে—দেই আজ রাত্রে পূজা করিবে। কাপালিকের বিশাল চেহারা, মাথায় ন্তুপীকৃত দীর্ঘ জটা, দারা গায়ে ভঙ্গ মাথা—চক্ষু তুইটি যেন আগুনের ডেলার মত গন্ গন্ করিতেছে। সকলকে দেখিতে পাইয়া কাপালিক কহিল—এলি এতফলে? গণেশ কৈ?

হরলাল আগাইরা আদিয়া কহিল—ওকে এখনি খবর পাঠাছি। প্রার , আয়োজন সব ঠিক করে' ফেলি আগে। পরে অনিলকে উদ্দেশ করিয়া কহিল—এই ছোঁড়া, প্রণাম কর এঁকে।

ভয়ে থরথর করিয়া কাঁপিতে কাঁপিতে অনিল কাপালিকের পায়ের কাছে নত হইল। লোলুপ চক্ষু দিয়া তাহার সর্বাধ লেহন করিতে করিতে কাপালিক কহিল—বাঃ। বেশ নধর ছেলেটি ত'। দেখে খুসি হওয়া গুল।

মন্দিরের গায়ে দড়ি বাঁধা একটা কেরোসিনের ডিবা জলিতেছে—তাহারই আলোতে জনিল পাষাণময়ী কালীকে দেখিল। রক্তপিপাস্থ জিহ্বা আগুনের শিখার মত লক্লক্ করিতেছে। সামনেই প্রকাণ্ড খড়্গা—তাহাতে আবার চক্ষ্ আঁকা! কাশালিক সিন্দুর দিয়া সেই খড়্গা চিত্রিত করিতে বসিল।

অনিল চারিদিকে ভাল করিয়া চাহিয়া দেখিল, বুলুকে দেখা গেল না।
অথচ অন্ত কোন বলিও এখন পর্যন্ত প্রস্তত হয় নাই। না হউক, দে আগাইয়া
আদিয়া মন্দিরের সামনে ভূমিই হইয়া দেবীকে প্রণাম করিয়া মনে মনে
কহিল—বুলুকে তুমি ভাল রাখ, দে যেন আর কই পায় না।

কাপালিক হাসিয়া কহিল—ছেলেটার দেখছি, ভারি ভক্তি।

সনাতন তাহার কানে কানে কহিল—এখনও জানতে দিই নি। নইলে এখন থেকেই চেঁচাতে শুক্ষ করবে। কাপালিক কহিল—হাঁা, অজ্ঞানেই ত' বেশি আনন্দ। বলিশ্বা সে মড়াৰ খুলিতে ঠোকর দিতে-দিতে কি সব দুর্বোধ্য মন্ত্র আওড়াইতে লাগিল।

অনিল মাধবকে কের জিজ্ঞাসা করিল—এখনও তোমাদের বলির মেয়ে এল না, কখন আসবে ?

সনাতন কহিল—এই আসছে। যা ত' মাধো, গণেশকে গিয়ে চুপিচুপি ধবর দে। ভুই কিন্তু ওথানে থাকিস, মেয়েটাকে পাহারা দিবি, যা।

মাধব অন্ধকারে অদৃশ্য হইয়া গেল।

তবে গণেশই বুলুকে লইয়া আসিবে নাকি? অথচ মেয়েটাকে পাহারা দিবার জন্ম মাধবকে ঐ দিকে মোতায়েন রাখা হইল। বুলুকে ছাড়া পাহারা দিবার মত আর মেয়ে কোথায় এখানে? কিন্তু বলির জন্ম মেয়েই বা কথন ধরিয়া আনিবে? অনিল বিমৃত চোধে ইহাদের কাণ্ড দেখিতে লাগিল।

কি-সব যাগ-যজ্ঞ শুরু হইয়াছে, মড়ার খুলিতে করিয়া কি সব তরল পানীয় খাইয়া ইহাদের চোথ-মূথ ক্ষিপ্ত, বীভৎস হইয়া উঠিয়াছে। উগ্র গন্ধে অনিলের নিখাস বন্ধ হইয়া আসিল। এথনও ত' অভিনয়ের শেব দৃষ্ঠ বাকি আছে। এক আশ্রয়চ্যুত হুর্বল শিশুর মূঙ্টা খাঁড়ার এক কোপে শরীর হইতে কেমন করিয়া আলাদা হইয়া আসিবে তাহা তাহার চোধ মেলিয়া দেখিতে হইবে! পুথিবীতে কোথাও এতটুকু ঝড় উঠিবে না।

গণেশ আদিয়া পৌছিল—তাহার হাত শৃষ্ঠ। বুলুকে তাহা হইলে আনে নাই—স্বার স্তাই খুব ভাল লোক—বুলুর উপব তার অগাধ মায়া!

र्त्रनाम क्रिकामा क्रिन—स्मार्यो की क्राइ ?

গণেশ কহিল—ঘুম পাড়িয়ে রেখে এসেছি। সব কৈরি ড'? বেশ! প্রদার আর বাকী কত?

অনিল স্বস্থির নিশাস ফেলিল। বুলু তাহা হইলে নিশ্চিম্ব হইয়া ঘুমাইতেছে। তাহাকে যে এই বাভংস দৃশ্য দেখাইতে উহারা তুলিয়া আনে নাই, এজন্ত মনে-মনে সে খুসি হইল। সে নিজেই বা এই দৃশ্য সহিতে পারিবে নাকি পূ সেই তুর্গা পূজার দিনে পাঁঠার সেই করুণ আর্ডম্বনি এখনও তাহার মনের মধ্যে ঘুরিয়া মরিতেছে। কিন্তু বলি কোথায় ? হয় ত' কাপালিকের ঝুলির মধ্যে কোন সভোজাত শিশুকে মুজিরা রাখা হইরাছে—এখনি দেখা ষাইবে।

বৃদ্ একলা ঘুমাইতেছে—রক্ষী মাত্র গুপী আর মাধব। গুপীই বা কোন্
ঘুমে চুলিয়া পড়ে নাই! অনিল দক্ষে থাকিলে আবার তাহারা পলাইয়া
মাইত—আর এবার দৌড়িতে আরম্ভ করিলে কখনই তাহারা থামিত না।
কাল ক্যী ভুলটাই যে হইয়া গিয়াছিল!

কাপালিক হঠাৎ গর্জন করিয়া উঠিল—পুজো শেষ। এবারে ধরেঁ নিয়ে আয়। থাঁড়াটাও আমি উৎসর্গ করে' দিয়েছি। ওকে চান করাবি না ?

কাহাকে যে উহারা কাপালিকের কাছে ধরিয়া নিয়া যাইবে অনিল চট্ করিয়া বুঝিয়া উঠিতে পারিল না। হতভদ্বের মত চারিদিকে চাহিতে লাগিল। গণেশ কহিল—চান করাবার সময় নেই। গোলমাল বাধ্তে পারে। বলিয়া সে হরলালকে ইদারা করিল।

হরলাল সহসা অনিলের হাত ধরিয়া টানিতে টানিতে কহিল—চলে এস বাছাধন। তোমার ত'একটা গতি করি, বোন্টার কাল ব্যবস্থা করা যাবে।

গণেশ ত্বই হাতে প্রকাণ্ড থড়গটা উত্তোলন করিয়াছে, কোমরে তাহার গামছা বাঁধা। প্রবল কণ্ঠে সে গর্জন করিয়া উঠিল—পা হুটো ধরে' তুলে আনু সনাতন! শীগ্গির।

ক্রপালিক চক্ষু মুদিয়া বজ্রম্বরে হাকিয়া উঠিল—জয়, মা, ভৈরবী !

সনাতনকে সাহায্য করিতে হইল না, হরলাল একাই অনিলকৈ টানিয়া আনিতে পারিয়াছে; অনিলের ব্বিতে আর কিছু বাকী নাই, কিছু সতাই যে সে কি ব্ঝিল—তাহা কে বলিবে! তাহার চোথের উপরে অন্ধকার জমাট বাঁথিয়া নিরেট পাহাড় হইয়া গেল, বাতাসের চলাচল বন্ধ হইয়া গেল—ছোটার বেগে কোন, একটা গ্রহের সঙ্গে ধাকা খাইয়া কাঁচের বাসনের মত পৃথিবীটা নিমিষে যেন টুক্রা-টুক্রা হইয়া গেল। অন্ধকার আকাশ বিদীর্ণ করিয়া অনিল চীৎকার করিয়া উঠিল—মাগো! বুলুরে—

সেই চাৎকার গুনিয়া কাপালিক অট্টহাস্ত করিয়া উঠিল। গণেশ পুনরায় গর্জন করিয়া উঠিল—ঘাড় মৃচ্ছে দে না ওটার!

জনিলের মৃথ দিয়া আবার একটা ভয়বিহ্বল অসহায় আর্তনাদ বাহির হৃইয়া আসিল। কিন্তু গলার উপরে হরলালের দশটা আঙুলের দৃঢ় প্রাণাস্তকর টাপে দেই স্বর অর্ধপথে মৃ্দ্রিত হইয়া পড়িল। অনিলের কোন কথা আর মনে রহিল না—মা'র মুখ, বুলুর চক্ষ্ গুইটী, বাবার কথা, ঘর বাড়ি ইকুল, রান্তা ট্রাম মোটর, মহুমেন্ট মিউজিয়ম দব তাহার চোখের পদ্মুখ দিয়া বায়স্কোপের ফিতার মত ঘুরিয়া চলিল। বুলুকে আর একবার দেখিয়া আদা হইল না, এ-কথা শুনিলে মা আর বাঁচিবেন না। তবুও মনে-মনে দে একবার বলিল—আমাকে ত' নিলে, কিন্তু হে মা কালী, বুলুকে তুমি দয়া কর। ওকে মা'র কোলে ফিরিয়ে দিয়ে এদ।

গণেশ শৃত্যে গড়গটা তৃইবার নাচাইয়া ক্ষিপ্তের মত চেঁচাইয়া উঠিল— শীগ্গির কর হরলাল—শীগ্গিরি!

হাত তুলিয়া কাপালিক নির্মম কঠে জয়ধ্বনি করিয়া উঠিল—জয় মা, কালিকে—জয় মা!

গণেশ কথন শিয়র হইতে উঠিয়া গেল বুলু ঠিক টের পাইয়াছে। কিন্তু জাগিবার এত টুকু লক্ষণ সে দেখাইল না। সদার এত রাতে কোথায় যায়! দরজাটা প্রায় থোলাই রহিল। যাইবার সময় গুপীকে সে বলিয়া গেল—আমি থানিক বাদেই আদছি—কাজটা সেরে। হুঁসিয়ার থাকিস্ গুপী!

গুপী ঘুম-জড়ান চোথে বলিল--ছ ।

গণেশ আবার কহিল—বুলু অবিশি ঘুমোচ্ছে। বেশ ঠাণ্ডা মেয়ে—ওর দাদার মত নয়। ওর জন্মে ভয় করি না। তবু চোথ রাখিদ। কিছু একটা হ'লে ওদের কাছে ম্থ দেখাতে পারব না। তুইও এথানে থাক্, মাধো। বলিয়া গণেশ পায়ে-পায়ে লতা-পাতার শব্দ করিতে করিতে চলিয়া গেল।

যাক্, আরও দ্রে যাক্! বুলু মৃচকিয়া হাসিল—দে ঠাণ্ডা মেয়ে বৈ কি, এখন ত' তার ঘুমাইবার কথা!

মাধব গুপীর গায়ে ঠেলা দিয়া কহিল—ঐ ত' এক-রত্তি পুঁচ্কে মেয়ে—তুই একা সামলাতে পারবি নে ? ঘুমে জড়াইয়া জড়াইয়া গুপী কহিল—খুব পারব!

— আমি তবে বলিটা একটু লুকিয়ে দেখে আসি, কেমন ? নতুন ধরনের বলি কি না—বুঝলি নে ? কাউকে বলে' দিস নে যেন !

--- ना, या जूरे । याधव जश्नि जज পर्व यन्निरदद पिरक कूछे पिन ।

বলি! নতুন ধরনের বলি! বুলু বিছানার উপর উঠিয়া বসিল। হোক গেবলি, বুলুর তাহাতে কণামাত্র কৌতৃহল নাই; এক-রন্তি পুঁচকে মেয়েকে গুপী একা সাম্লাইবে বৈ কি! দে এইবার আন্তে আন্তে সরিয়া পডিবে।

মাধবও চলিয়া গিয়াছে। সারা নকাল প্রহার ও পীড়ন সহিয়া গুপী ক্লান্তিতে এখন নিশ্চয়ই ঝিমাইতেছে—ঘুমে তাহার স্বর আড়া দুর্গ দিয়া বাহির হইয়া গেলে নে টেরও পাইবে না।

আর টের যদি পায়ও, বুলুর বড় আশা হইল, গুপী নিশ্চয়ই তাহাকে পলাইয়া যাইতে বাধা দিবে না। সকালবেলা দাদার কার্বে চড়িয়া দে নিজে উহাকে থাবার থাওয়াইয়াছে। সে কথা কি সে এই কয়-ঘন্টায় ভূলিয়া যাইবে? তাহাকে দাদার পিছে-পিছে মা'র কাছে ফিরিয়া যাইতে দিবে নাঁ?

ু জুতা জোড়া পরিয়া নিবে নাকি? দরকার নাই, ফুটুক কাটা, বুলু কিছুতেই আর পেছপা হইবে না! জুতা পায়ে থাকিলে সে তাড়াতাড়ি ছুটিতে পারিবে না, তাহা ছাড়া জুতা পরিবার সময়ই বা এথন কোথায়? খুঁজিয়া নিতেও ত' দেরি হইয়া যাইবে। থাক্, বুলু পা টিপিয়া দরজার সাম্বন্ধ আসিল। মেয়ে বলিয়া দাদা যেন আর ভাহাকে ঠাট্টা করিতে না আব্রুণ? দাদার চেয়ে দে কিসে কম!

আত্তে আতে দরজাটা সে খুলিল—ঠিক, বেডার গায়ে হেলান দিয়া বিদিয়া গুপীচন্দ্র পা ছড়াইয়া ঘুম যাইতেহেল !

ঘুমাও গুপী, তোমাকে আমি বিরক্ত করিব না।

দরজার বাহিলে বুলু সবে এক পা বাড়াইয়াছে, অমনি রাত্রির নিজকতা জেদ করিয়া দ্র.হইতে একটা করুণ চীৎকার বুলুর বুকে আদিয়া বিদ্ধ হইল।
দ্র হইতে কে যেন তাহাকে ডাকিল—বুলুকে ডাকিল—হাা, তাহার নাম ধরিয়া
ডাকিল। সেই ভাক গাছ-পালায় বনে-বনাস্তরে প্রতিধ্বনিত হইয়া বারে-বারে
তাহাকে ডাকিতে লাগিল—বড় বিপদে পড়িয়াছি বুলু, আর ব্রি তোকে
দেখতে পেলাম না!

চীৎকার শুনিয়া শুপীও ধড়মড় করিয়া উঠিল। বুলু ব্যাকুল্ব হইয়া প্রশ্ন করিল—ও কে কাঁদে, গুপী! গুপী উঠিয়া বসিল না, নির্লিপ্তের মত কহিল—কে আবার! সেই বলি হচ্ছে না আজ। তার কানা।

—বলি হচ্ছে? স্তৈর মত তীক্ষ্ণ একটা কাঁপুনি বুলুর পা হইতে
মাথা পর্যন্ত ধীরে-ধীরে উঠিয়া গেল। প্রায় কাঁদো-কাঁদো হইয়া কহিল—
কিন্ত দাদা কাঁদছে যে! ঠিক দাদার গলা! দাদাকেই ওবা বলি দিচ্ছে
নাকি তবে?

গুপী কহিল—জা' কী করা যাবে!

—কী করা যাবে! বুলু ঘরের মধ্যে পাগলের মত ছই হাতে চুল ছিঁ ডিতে ছিঁ ড়িতে ছুটাছুটি করিতে লাগিল। ফাঁকি দিয়া দাদাকে উহারা কালী-মন্দিরে বলি দিতে নিয়া গিয়াছে! সে দাদার ছোট বোন হইয়া ইহার কোন প্রতিবিধান করিতে পারিবে না?

সময় নাই, সময় নাই—যাহা করিবার এখনই করিয়া ফেলিতে হইবে !ু কিন্তু কি করা যায়!

বিদ্যাৎ-বিকাশের মত বুলুর মাথায় কি-একটা চমক দিয়া উঠিল। তাই!
তাড়াতাডি বুলু কুলুদ্দি হইতে কেরোদিনের কুপিটা টানিয়া আনিয়া বিছানাময়
ছড়াইয়া দিল, ক্ষিপ্রহাতে বিছানার চারিধারে আর সব জিনিস-পত্র কাপ্ডজামা থড়-কুটা কাঠ-কাগজ যাহা যেখানে পাইল সব জড়ো করিয়া লইল।
কাল তামাক থাইবার জন্ম টিকে ধরাইয়া হরলাল দিয়াশলাইটা কোথায়
রাথিয়াছিল তাহা সে আগেই জানিত। সেই দিয়াশলাইটা খুঁটির পিছনে
বেড়ার গায়ে তেমনি আট্কান আছে। ভগবান, যেন উহাতে কাঠি থাকে!
একটু দয়া করিলে এতবড় স্ষ্টিতে তোমার কিছু ক্ষতি হইবে না।

কাঠি আছে, কাঠি আছে। বুলু ফস্ করিয়া কাঠি ধরাইল। আগুনের ক্ষণিক শিথায় বুলুর সে মৃথ কেমন রুক্ষ, কাতর, অসহিষ্ণু দেথা গেল। কেরোসিন তেলে ভিজ্ঞান রাশীকৃত বিছানার উপর কাঠিটা ফেলিয়া দিয়া বুলু নিমিষে ঘরের বাহির হইয়া আসিল।

প্রথমে খুব-থানিকটা ঘন-কালো ধোঁয়া তার পরে আগুন। সেই আগুনের উৎসবে অমাবস্থা রাত্রি আলোর আনন্দে উদ্দীপ্ত হইয়া উঠিল।

পোড়ার গন্ধ পাইয়া গুপী তন্ত্রা ভূলিয়া লাফাইয়া উঠিল। ঘরের চেহারা

দেখিয়া সে একেবারে শুরু হতবাক্ হইয়া গেল। কী যে এখন করা যায় চট্ করিয়া কিছুই সে ভাবিয়া পাইল না। চীংকার করিয়া উঠিল—বুলু!

—এই ষে। সামনে দাঁড়াইয়া বুলু চক্ষ্ বিক্ষারিত করিয়া সেই লেলিহান আগুনের নৃত্য দেখিতেছে।

হাওয়া ঠাণ্ডা হইয়া গিয়াছে—দগ্ধ জিনিসের টুকরা ছড়াইয়া পড়িয়া চারিদিক আচ্ছন্ন করিয়া দিয়াছে, আগুনের উদ্ধৃত শিথায় সামনে তারাগুলি চক্ষু মেলিয়া চাহিতে পারিতেছে না। শিশুর প্রতিহিঃপার এই উদ্দাম রূপ দেখিয়া গুপীর সমস্ত শরীর অসাড় হইয়া আসিল, কহিল—এ কী করলি, খুকি ?

বুলু মাটিতে লাথি মারিবা কহিল—বেশ করেছি, একশ বার করব। আমার দাদাকে ওরা মেরে ফেলেছে না ? আমাকেও এইবার মারুক। দাদাকে ছেড়ে আমি বাঁচব না। বলিয়া বুলু ফুঁ পাইয়া কাদিয়া উঠিল।

ক্ষরবাক মৃতপ্রায় অনিলের ঘাড বাড়াইয়া গণেশ প্রায় কোপ্ বসাইবে কাপালিক অমনি শৃত্যে হাত তুলিয়া গলা ছাড়িয়া চীংকার করিয়া উঠিল— আঞ্চুন, অণ্ডিন।

দক্ষিণের আকাশটা সম্দ্রের জলে স্থান্তের মত লাল হইরা উঠিয়াছে। গীলেশদেরই বাড়ি-ঘর সব পুড়িতেছে নিশ্চয়—ওদিকে বনের শেষে আর কাহারও বাড়ি নাই। গণেশের হাতের থাঁডা শিথিল হইয়া আসিল; কহিল— আমাদেরই বাড়ি নাকি রে, হরলাল?

হরলাল গাছের,ফাঁকে উকি দিয়া কহিল—তাই ত' মনে হচ্ছে।

—বলিস্ কি ? শীগ্গির ছুটে চল্—ঐ ঘরে যে বুলু শুয়ে আছে। বলিয়া হাতের থড়া মাটিতে ফেলিয়া দিয়া গণেশ দ্রুত অগ্রসর হইল।

সুনাতন চেঁচাইয়া উঠিল—কিন্তু কালী প্ৰাের বলি ?

শার কালী পূজো! আগুনের শিথায় রক্তলিগু লেলিহান রসনা দিকেদিকে প্রসারিত করিয়া উন্মাদিনী কালী আকাশে নৃত্য করিতেছেন। সমস্ত অত্যাচারের বিরুদ্ধে তাঁহার দণ্ড নিষ্ঠুর নিদারুণ রূপে দেখা দিয়াছে। ভয়ে ও ভক্তিতে অভিভূত হইয়া গণেশ বন-বাদাড় ভেদ করিয়া ছুটিতে লাগিল। হরলাল চেঁচাইয়া বলিল—ই্যা রে, আমাদেরই বাড়ি। গেল, সব পুড়ে ছাই হয়ে গেল—তোরা এগো শীগ্রির।

বুলু—বুলু আগুন লাগিবার আগে বাহির হইতে পারিয়াছে ত'?
সেই আগুন যেন গণেশের বুকের মধ্যে জিহ্বা বিস্তার করিয়া দিয়াছে।
হরলালও আর দ্বিধা করিল না, বেগে ছুটিয়া চলিল; কহিল ছোঁড়াটাকে
তুলে নিয়েচল। আর কেন?

সনাতন প্রশ্ন করিল—কেন, বলি হ'বে না তবে ?

কাপালিক উত্তর দিল—হাতের থাঁড়া যথন মাটিতে একবার থসে পড়ল তথন আর বলি কিসের? কোথায় যেন ভীষণ ক্রটি হয়ে গেছে হরলাল, দেবীর মূখ আজ প্রসন্ন নয়। দেখ, দেখ, ঐ চেয়ে দেখ, মা'র হাতের থড়া কেঁপে উঠছে। পরিণামে কোথায় একটা প্রলয় উঠবে ঠিক। জয় মা, কাত্যায়নী!

সনাতন ধীরে-ধীরে ঋনিলকে কাঠগড়া হইতে মুক্ত করিয়া লইল। তাহার নাক মুথ দিয়া টপটপ করিয়া রক্ত গড়াইতেছে—দেই রক্ত দেখিয়া ভয়ে সনাতন ছই পা পিছাইয়া আদিল, তাহাকে স্পর্শ করিতে আর হাত উঠিল না তাহার। মনে হইল, কালী যেন দেই রক্তের অন্তরালে জিহ্বা মেক্রিয়া সনাতনের দিকৈ চাহিয়া আছেন।

সহসা কাপালিক হুষ্কার দিয়া উঠিল—ঐ দেখ, কালী আকাশের বুক চিরে রক্ত থাচ্ছেন। এই না হ'লে মা অশিবনাশিনী! বলিয়া সে তাহার জিনিস-পক্ত ঝোলা-ঝুলিতে লইয়া গভীরতর বনের উদ্দেশে পাড়ি দিল।

সনাতন বিশায়াবিভূত কঠে অনিলকে কহিল—আর দাঁড়িয়ে রয়েছিস কেন ? তোর ত' আয়ুর বেজায় জোর দেখছি; খাঁড়ার তলায় শুয়ে বেঁচে উঠলি। কিন্তু 'আগুনে ওদিকে তোর বোন যে পুড়ে মরল। যাবি না ওদিকে ? না, হাঁ করে' দাঁড়িয়ে থাকবি ?

অনিলের এতক্ষণে একটু হঁস হইল। সে বাঁচিয়া আছে না মরিয়া গেছে তাহাই সে ঠিক ঠাহর করিতে পারিতেছিল না। বুলু—হঁদা, নামটা তাহার চেনা লাঁগিতেছে বটে! আকাশটা ঐ ত' টক্টকে লাল হইয়া উঠিয়াছে। পায়ের নীচে কী ওটা পড়িয়া আছে? খাঁড়া? অনিল নিহরিয়া উঠিয়া ঘাড়ের

উপরে হাত রাথিল, ছই হাতে মাথাটা ধরিয়া প্রবল ঝাঁকুনি মারিল—না, মাথা অটুট আছে। নাকের নীচে হাত পাতিয়া স্পষ্ট দে অহভব করিল, দেবেশ নিশাদ নিতেছে।

আন্ধ্রে-অন্ধ্রে সে এখন চারিদিককার অবস্থাটা আয়ত্ব করিতে পারিল। এতক্ষণ সে মৃতের রাজ্যে—চিরম্ভন্ধতার দেশের প্রায় সীমান্তে গিয়া পৌছিয়াছিল, সিঁডির শেষ ধাপে পা রাখিতে যাইবে অমনি কে তাহাকে ধান্ধা মারিয়া নীচে—মাটিতে ফেলিয়া দিয়াছে!

হাা, বুলু, বুলুর কী হইয়াছে বলিলে? অনিল এইবার ঠিক ব্ঝিতে পারিবে, তাহার মনে হইল।

তাহাকে হতভবের মত দাড়াইয়া থাকিতে দেখিয়া সনাতন ফের কহিল,
—তোর বোন যে পুডে' মরল! এদিকে বোনের জন্মে ত' কত কালা!

—পুড়ে মরে' গেছে? বুলু? অনিল আর একবার কালী-মন্দিরের কাছে
ধুপ্ করিয়া মাথা ঠেকাইয়া কহিল—আমারই মত বুলুকে বাঁচিয়ে দাও।
বলিয়া দে তীরের মত ছুটিয়া চলিল। সনাতন তাহার সঙ্গে পাল্লা দিয়া
পারিয়া উঠিতেছে না। জীবন ফিরিয়া পাইয়া ছেলেটা যেন কয়েক মৃহুর্তেই
শর্পারাজ্ব ঘোড়া হইয়া উঠিয়াছে।

দকলের আগে গণেশই প্রথম উপস্থিত হইল। আগুনের অবস্থা দেখিয়া গণেশের প্রাণে আর জল নাই—সব ঘর কর্মণানাই ধরিয়া গিয়াছে। কাল ভোরে সেই সব ঘর-ত্র্যারের কিছুমাত্র চিহ্ন থাকিবে না—থালি ক্য়েক মুঠা ছাই হাওয়ায় উড়িয়া হাইবে।

উঠানে আসিয়াই গণেশ ডাক দিল-বুলু!

পাশে একটা গাছের তলা হইতে বুলু নির্ভয় কঠে বলিয়া উঠিল—এই ত' মামি—এই দিকে।

শ্বর অনুসরণ করিয়া গণেশ গাছের তলায় গিয়া দেখিল, একটা শক্ত লতা দিয়া গুপী বুলুকে নির্মাভাবে বাঁধিতেছে।

গণেশ জিজ্ঞানা করিল—কেন, আগুন লাগল কিলে? গুপী উত্তেজিত হইগা কহিল—ওই ত' লাগিয়েছে। —লাগিয়েইছি ত'। একশ বার লাগাব। কেন তোমরা দাদাকে কেটে ফেললে? তার বদলে আমি তোমাদের ঘরে আগুন লাগাব না!

পাষাণকায়া কালীর চক্ষের মতই বুলুর ছই চোথ তীক্ষ হইয়া উঠিয়াছে। গণেশের বুক কাপিয়া উঠিল।

বাঁধন থুলিতে-থুলিতে গুপী আম্তা-আম্তা করিয়া কহিল—যদি আবার পালিয়ে যায়, সেইজন্মে বেঁধে রেখেছি।

বুলু মুখ-ঝামটা দিয়া উঠিল—তা' বাঁধবেই ত'! দাদার কাঁধে চড়ে' তোমাকে খাবার খাইয়ে দিইনি? না বাঁধলে দে-উপকার শোধ করবে কী করে'? পাহারা দেবার নাম করে' বাইরে বসে' ঝিমোও, আর ঘরের মধ্যে যাকে কয়েদ করে' রেথেছ সে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয়—আমাকেই ত'বাঁধবে? গারের জোরে তোমার সঙ্গে পারি না কি না?

তারপর বাঁধন থেকে ছাড়া পাইয়া বুলু হঠাৎ গণেশের হাত ছইটা চাপিয়া ধরিয়া মধুর কঠে কহিল—সত্যি কথা বল্লাম বলে' আমাকে খুব শাস্তি দেবে, সর্দার ? দাদার মত দা দিয়ে কেটে ফেলবে আমাকে ? তা'ফেল। দাদাকে ছেড়ে বাঁচতে আমার ইছা করে না।

গণেশ কোন উত্তর না দিয়া কিছুক্ষণ চুপ করিয়া থাকিবার পর হঠাৎ তাহার কঠিন হৃদয়ে যেন মমতার বান ডাকিয়া আসিল। তাড়াতাড়ি বুলুকে সে কোলে তুলিয়া লইয়া অগাধ ক্ষেহে বুকের উপা চাপিয়া ধরিয়া তাহার মুথে মাথায় হাত বুলাইতে অঞ্চভারাক্রাস্ত কণ্ঠে বলিল—শান্তিই তোমাকে দেব বৈ কি।

গণেশের এই স্নেহস্বরের গভীর অর্থ বুলু চট করিয়া বুঝিতে পারিল না, কহিল—তা' যা' খুসি তোমার শান্তি দাও। কিন্তু তুমি যদি দাদার ছোট বোন হ'তে, আর তোমার দাদাকে যদি ডাকাতরা কেটে ফেলত সদার, তা' হ'লে তুমি কী করতে, বল দিকি ? কিছুই কী তুমি করতে না ? দাও, আমাকে কোল থেকে নামিয়ে দাও, দাদার মত আমাকেও কেটে ফেল।

গণেশ বুলুকে বুকের উপর নিবিড়তর মমতায় আঁকড়াইয়া ধরিল। সে শান্তি না দিক্, কিন্তু আগুন লাগিবার কারণটা একবার জানিলে হরলাল ডাকাতের হাতে

উহাকে আন্ত রাখিবে না। সেই ব্যবহারটাই ত' হরলালের চরিত্রে অতি-মাজায় সঙ্গত হইবে। তাহাকে গণেশ কী বলিয়া বাধা দিবে? কী বলিয়া তথন বুলুকে বাঁচান যাইবে? যে-মেয়ে ঘর-বাড়ি ধন-সম্পত্তি সমস্ত আগুন ধরাইয়া ছাই করিয়া দিল, তাহাব জন্ম কোন্মুথে সে দয়া চাহিবে? দয়া চাহিলেই বা তা' শুনিবে কে, আর শুনিবেই বা কেন?

ঐ ত' হরলাল আসিয়া পিডল—আগুন দেখিয়া আশেপাশের দলের গুপুচররা সব ক্রমে ক্রমে আগাইয়া আসিতেছে। তাহাদের সমবেত আক্রমণ হইতে সে একা বুলুকে কী করিয়া রক্ষা করিবে ? সে ছাডা এই সর্বনাশের সময়ে বুলুর আর কে আছে।

ঐ—ঐ—পদধ্বনিগুলি কাছে আদিয়া পডিল! তাহার পর কাল ফৈজু আদিবে—উহার কাছে বুলুকে বেচিয়া দিবার কথা পাকা ইইয়া গিয়াছে।
এখন বুলুকে নিয়া পলাইতে না পারিলে আর উপায় নাই।

গণেশ মুহূর্তে মরিরা হইরা উঠিল। ইতন্তত না তাকাইরা দে বুলুকে কোলে লইরা উর্ধেশ্বাদে ছুট দিল। গুপী হাা-না একটা শব্দ ও উচ্চারণ করিতে পারিলনা।

বুলু আশ্চর্য হইয়া গেল; করুণ করিয়া কহিল—এইখানে আমাকে মারবে -র্ঝি; সর্লার ?

ততোধিক স্নেহে বুকের সঙ্গে বুলুকে সাপটাইয় ধরিয়া গণ্টেশ কহিল—
মারব না, তোমাকে মারব না, বুলু। কোন ভয় নেই। বেশ করে' গলাটা
আমার জডিয়ে ধর।

বুলু কহিল-আমাকে তবে কোথায় নিয়ে যাচছ?

- —দূরে, অনেক **ন্**রে—কলকাতায়, তোমার বাড়িতে। বাডি যাবে না?
- —বাড়ি ? আমাকে তুমি বাড়ি নিয়ে যাচ্ছ। বল কী, সর্দার ?
- ই্যা, বাড়িই নিয়ে যাচ্ছি। ঠিকানা তোমার মনে আছে ত'?
- িঠিকানা মনে নেই? আমাকে তুমি কী ভাব, শুনি ? সতৈর নম্বর ককুলবাগান ফার্ট লেন। কিন্তু দাদা? দাদাকে ছাড়া বাড়ি আমি কী করে? যাব, সদার? বলিতে বলিতে গণেশের কাধের উপর বুলুর চোথের জল ঝরিয়া পড়িতে লাগিল।

চলিতে-চলিতে গণেশ কহিল—দাদাও তোমার বাড়ি ফিরবে বৈ কি।

—দাদা বাড়ি ফিরবে ? বুলু গা-টা টান করিয়া গণেশের মুথের দিকে তাকাইয়া বলিল—দে কেমন, দদার ? মরা লোক আবার ফিরে আদে ?

—দাদা ত' তোমার মরেনি, বুলু। কালী যথন তাকে এবার বাঁচিয়েছেন, তথন আর তাকে ঠেকায় কে। বাড়ি একদিন ফিরবে বৈ কি সে।

দর্দার এই দব কী আজগুরী কথা কহিতেছে! তাহার বাড়ি-ফেরা নাহয় বিশ্বাদ করিল, কিন্তু মানুষ মরিয়া যাইবার পর কালীর আশীর্বাদে বাঁচিয়া
উঠিতে পারিলে আর কথা ছিল না। তর্ এমন কথা শুনিয়া বিরুদ্ধ যুক্তি দরেও
দে খুদি হইয়া উঠিল; কহিল—দাদা বেঁচে আছে? তবে ওকেও দঙ্গে করে'
নিয়ে চল। নিয়ে থেতেই হ'বে ওকে। আমি একা ফিরে গেলে বাবা-মা যথন
দাদার কথা জিজেদ করবেন, তথন আমি কী বলব ? দাদাকে না নিলে আমি
কর্থনও যাব না তোমার দঙ্গে। দাদা বেঁচে আছে। সত্যি বল্ছ ত'?

গণেশ এই এক নতুন মৃদ্ধিলে পড়িল। দাদা যথন বাঁচিয়াই আছে তথন উহাকে সঙ্গে লইতেই হইবে—বুলু দম্ভরমত হাত পা ছুঁড়িয়া গণেশের চুল টানিয়া নাক-মুথ থিমচাইয়া চেঁচামেচি শুরু করিয়া দিল। কিছুতেই মেয়েটা প্রবোধ মানিবে না।

অবশেষে বাধ্য হইয়া গণেশকে বলিতে হইল—পাগল নাকি? মরা সোক কথনও বেঁচে ভূঠে? ডাকলে দে কথনও ফিরে আদে? তুমি এত বোঝ আর এই ঠাট্টাটা বোঝ না?

বুলু চুপ করিয়া গেল। দাদার শোকে মুখথানি মান করিয়া দে গণেশের কোলের উপর ছবির মত বসিয়া রহিল। চলিতে চলিত বুলুকে লইয়া গণেশ এমন জায়গায় আদিল যেথান হইতে আগুনের শিথা আর চোথে পড়েনা।

আগুন দেখিয়া ইরলাল পাগলের মত হইয়া গেছে, কিন্তু এই আগুন সমস্ত কিছু গ্রাস করিয়া না পুড়াইয়া ক্ষান্ত হইবে না। কিছুই বাঁচান গেল না; যাহা কিছু লুট-করা জিনিস অন্তত্র সরাইতে পারে নাই—নানা রকম গুপ্তস্থানে লুকাইয়া রাথিয়াছিল, সব এইবার ধূলার সঙ্গে মিশিয়া গেল।

হরলাল গুপীকে দেখিতে পাইয়া গর্জন করিয়া উঠিল--গণেশ কোথায় ?

গুপী ভয়ে পাংশু হইয়া গেল, কহিল—মেয়েনিকে নিয়ে কোপায় য়েন সরে'পডল সে।

—সবে' পড়ল ? দে কী ? বলিয়া সে উচ্চকণ্ঠে ছাক দিল—গণেশ ! সে-ডাকের কোন সাড়া মিলিল না।

হরলাল ফের জি গাসা করিল—আগুন লাগল কী করে' ?

— ঐ মেয়েটাই লাগিয়েছে। বিছানায় কেরোসিন ঢেলে দেশলাই কাঠি ধরিয়ে দিয়েছে।

এমন সময় সনাতনের পিছে-পিছে কুঠিত শঙ্কিত মুখে অনিল আসিয়া দাঁড়াইল। দলের আরও কে-কে সব জড়ো হইয়াছে। হরলাল সনাতনের দিকে ফিরিয়া কহিল—এ মেয়েটারই নাকি এই কাণ্ড। গণেশ তাকে নিয়ে কোথায়.নাকি গেছে—গুপী ত'বলছে তাই।

সনাতন কহিল— হয় ত' এইবারে ও মেয়েটার মাথা গুঁড়িয়ে দেবে। বঙ্চ মায়া পড়েছিল, না ?

দাঁত কড়মড় করিয়া হরলাল কহিল—পেলে আমিই ছুঁড়ির মুখুটা চিবিয়ে থেতাম এখন !

শনাতন কহিল—এর পর আর কি সয়! কেটে-কুটে সভ্যিই এবার ও
 একটা কাগু করে' বসবে। একেবারে কেপে গেছে হয় ত'।

আন্তে-আন্তে অনিল একটু দ্বে সরিয়া দাঁড়াইল। বুলু তাহা হইলে আগুনে পুড়িয়া অঙ্গার হইয়া যায় নাই—গণেশই তাহাকে সঙ্গে করিয়া কোথায় নিয়া গিয়াছে! আবার তাহার একটু-একটু করিয়া আশা হইতে লাগিল—হয় ত' গণেশ তাহাকে কাটিয়া ফেলিতে পারিবে না, বড-জোর কোনও গাছের তলায় অচেনা জায়গায় রাথিয়া আসিবে।

হরলাল কহিল—কে জ্ঞানে, হয় ত' ফৈজুর কাছে দোজা গেছে। সুনাতন সায় দিল—তাই হ'বে। আগে কিন্তু বেচতেওঁ ওর আপত্তি ছিল বরাবর।

অনিলের মনে হইল, তাহাও সম্ভব নয়—এই রাতে সে কট করিয়া কি না তালতলা যাইবে মেয়ে বেচিতে! কে জানে, নদীর জলে ভাসাইয়া দিয়াছে কিনা!∵ৃতাই বৈ কি—•তাই কি না গণেশ সেদিন নৌকাতে তাহাকে জলে ভাদাইতে গিয়া শেষকালে বুকের মধ্যে জড়াইয়া ধরিয়াছিল—তারপর বাড়িতে নিয়া আসিয়া বুলুকে সাজাইবার দে কী ঘটা !

অনিল এক-পা ছ-পা করিয়া কিছু দূরে সরিয়া গেল। তাহার উপর কাহারও তেমন আর এখন লক্ষ্য নাই।

কিন্তু এই ভয়ন্বর ক্ষতি কি হরলাল চুপ করিয়া সহিবে নাকি? হঠাৎ সে গুপীকে উদ্দেশ করিয়াই কর্কশ কণ্ঠে কহিল—তুই কী করছিলি? তোকে পাহারা দিতে রেখে গৈলাম, আর তোরই চোখের সামনে ও আগুন ধরালে? বলিয়া বাঁ হাতের মৃঠিতে তাহার চুলগুলি চাপিয়া ধরিয়া ভান হাতে ধাঁ করিয়া গালে ভীষণ চড় বসাইয়া দিল।

তারপর একবার যথন প্রহারের বৃষ্টি শুরু হইল, তথন হরলাল আর থামিতে চাহিল না।

সনাতন চীৎকার করিয়। উঠিল—মাধোটা গেল কোথায় ? ওরও ত' পাহারা দেবার কথা। অর্থাৎ মাধবকে কাছে পাইলে দেও তাহাকে এমনি ঠ্যাঙাইয়া হাতের স্থুপ করিয়া নিত। কিন্তু মাধব আগে-ভাগেই খদিয়াছে—শীগ্রির আর দে সনাতনের ঘ্রি, কিল, লাথির নীচে পিঠ পাতিতেছে না নিশ্চরই। সনাতন অনিলকে প্রশ্ন করিল—মাধবকে কোথাও দেখেছিদ্ ?

অনিল গম্ভীর হইয়া কহিল—মন্দির থেকে আসবার পথে দেখতে পেলে। না ? আমাদের দেখে একটা ঝোপের পাশে গা ঢাকা দিলে।

—কোন্ জায়গাটায় বল ত'?

অনিল আন্দাজে দ্বে একটা জায়গার দিকে আঙুল তুলিয়া দেখাইল, ক্তিল—ঐ ত'।

কথাটা সংপৃথি সনাতন বিশ্বাস না করিলেও মাধবেরই থোঁজে সে এ-দিক ও-দিক উক্রিঝুঁকি মারিতে মারিতে ক্রমশঃ আগাইতে লাগিল।

এদিকে গুণীর উপরে প্রহারের বৃষ্টি তথনও বিরাম মানিতেছে না! নির্দ্ধীবের মত গুণী অনেকক্ষণ সহিয়াছে, কিন্তু পেটে একটা লাখি মারিয়া হরলাল যখন তাহাকে দ্রে ছিটকাইয়া ফেলিল, তখন সে আর মাটির উপর চুপ করিয়া শুইয়া রহিল না.। হাতের কাছে ভারি একটা পাথরের টুকরা কুড়াইয়া পাইয়া সে উঠিয়া দাঁড়াইল। আগুন তখনও সমানে জ্লিতেছে—তাহারই জালোতে

হরলালের চওড়া কপালটা স্পষ্ট প্রতিভাত হইয়াছে। গুপী সেই চওড়া কপাল লক্ষ্য করিয়া পাথরটা ছুঁড়িরা মারিল। অব্যর্থ দন্ধান, হরলালের ডান ভূকর উপর নজোরে লাগিয়া পাথরের টুকরাটা চোথের উপর হুইতে কপালের খানিকটা বিদীর্ণ করিয়া দিল। চকিত আঘাতে ত্রস্ত বিমৃত হুইয়া হরলালের মাথা ঘ্রিয়া গৈল, মৃহ্মান চোথে দেখিতে পাইল সামনে দিয়া গুপী উপ্রশাসে দৌড়িয়া চলিয়াচে।

রক্ত পড়িয়া চোথের দৃষ্টি ঝাপদা হইয়া আদিল বটে, তবু হরলাল বাঘের
মত গর্জন করিতে-করিতে গুপীর পিছু নিল। আরও যাহারা কাছে দাঁড়াইয়া
ছিল তাহাদেরও হুকুম করিল অন্ন্যুন করিতে। কিন্তু এই ঘনঘোর অন্ধকারে
কাঁটা-বন মাড়াইয়া দারা শরীর ক্ষতাক্ত করিয়া তুলিতে কাহারও দাধ হইল না।
তবু হরলাল একাই ছুটিয়া চলিল। ঐ তুর্বিনীত গুপীকে খুন করিয়া তাহার
ক্রাচা রক্তে স্কান না করিলে তাহার শান্তি নাই।

অনিলের চারিদিক এখন প্রায় ফাঁকা হইয়া গিয়াছে। আগুনের শিথা, আকাশের তারা ও দ্রের ঐ চিহ্নীন দিগন্ত-রেথা—সব যেন তাহাকে কীইসারা করিতেছে! দে প্রথমটা আলগোছে ভিড় এড়াইয়া একটু ফাঁকায় স্মাসিল ও যথন দেখিল সবাইর দৃষ্টি গুপী ও হরলালের দিকে নিবন্ধ, তখন সে ভাড়াতাড়ি পা চালাইয়া বনের মধ্যে মিলাইয়া গেল। মনে হইল, কে যেন অদৃশ্য থাকিয়া তাহাকে সম্মুখের পথে আকর্ষণ করিতেছে।

গুপী সেই খোলা মাঠের পথ নিয়াছিল—অনিল চুকিল বনে। গুপী যেন উড়িয়া চলিয়াছে চপল একটা ফড়িংয়ের মত, আর হরলাল যেন একটা উগাও হাতী! কত দূর ঘাঁয়, কিন্তু রক্তের স্রোতে হরলালের চোথের দৃষ্টি আবার ঝাপদা, বিবর্গ হইয়া আদে—অদ্ধকারে গুপীকে ঠিক আর অন্নদরণ করা যায় না। তবুও সে দুর্দমনীয় কালবৈশাখীর মত ছুটিয়া চলে।

কিন্তু কোথায় গুপী! শৃত্য মাঠ ভরিয়া অন্ধলার শব্দহীন ভাষায় আর্তনাদ করিতেছে। হরলাল কপালের ক্ষতস্থানে হাত দিয়া বদিয়া পডিল। এই উদ্ধত অবিনয়ের আর শাদন করা হইল না। কিন্তু যাইবে কোথায়—গুপীকে ্লে যে করিয়াই হউক, বাহির করিবে।

ও-দিকে সনাতন মাধবকে খুঁজিয়া পাইল না। বাড়ির কাছে আসিয়া থোঁজ

করিয়া দেখিল অনিলও অনৃশ্য হ্ইয়াছে। জিজ্ঞাসা করিল—হরলাল কোথায়, তাকে দেখছি না কেন?

রতন বলিল—গুপীর পেছনে ধাওয়া করেছে মাঠের দিকে। **ছোঁড়াটা** এবারে মরল। বলিয়া হরলালের এই রাগের কারণটা দে বিবৃত করিল।

খানিক বাদে হরলাল শৃত্য হাতে ফিরিয়া আদিল। চোথের যন্ত্রণায় ও পথশ্রমের ক্লান্তিতে শরীর তাহার অদাড় হইয়া আদিয়াছে। সে শিরিষ গাছের তলায় ধূপ করিয়া বদিয়া পড়িল, সনাতনকে কহিল—শীগ্রির আমাকে একটুজল এনে দে—

यारेवात जारा मनाजन विनन-सिरं द्यांजांगे मरतह प्रथि !

- —আর পারি না! সব আমাদের গেল, সনাতন। হরলালের সে কী হতাশ স্বর—গণেশ এখনও ফিরে আসে নি ?
- —না। কিন্তু ছেলেটাকে আমি ধরে' আনবই—কোথায় যাবে ? দাঁড়া, আগে তোকে জল এনে দি'।

হরলাল বাধা দিয়া কহিল—না, জল চাই না। তুই যা, দেখ ওকে ধরতে পারিদ্ কি না। ও পালালে দব ভেদতে যাবে। বংশীকে খবর দে, রতন—শীগ্রির। গুপী, আমার কী করেছে দেখেছিদ ?

সবাই ঝুঁকিয়া পড়িয়া দেখিল পাথরের আঘাতে হরলালের ভান চক্ষ্টা একেবারে থেঁৎলাইয়া গিয়াছে।

চোথটা চাপিয়া ধরিরা রক্তের স্রোত বন্ধ করিবার চেষ্টা করিতে করিতে হরলাল বলিল—আমার জন্মে ভাবিদ্নে। আমারটা আমি করতে পারব। ভোরা এখন দেখ্ ছোঁড়াটাকে পাদ কিনা। ছোরা-টোরা ছু' একটা নিতে পারবি না ৃ পাবি না খুঁজে ৃ পিন্তলটায় তু' আর গুলি নেই।

সনাতন কোমর বাঁধিতে বাঁধিতে কহিল—ওকে ধরতে আবার ছোরা-পিন্তল লাগে নাকি? একেবারে টুঁটি টিপে ধরে' ঠাণ্ডা করে' দেব—তার পর দেব ভাসিয়ে। আহ্বক না লড়তে। চল রতন, আয় বিষ্ণুপদ! তারপর মাধোকেও আমি দেখাছি।

হরলালের কেমন মনে হইল, সমন্তই নিফল আক্ষালন। গণেশ এখনও ফিরিয়া আসিল না কেন ?

শনিবের কাছে সমস্ত বন যেন পথ উন্মুক্ত করিয়া ধরিয়াছে। সামনে ছাড়া কোন দিকে তাহার লক্ষ্য নাই—এই অন্ধকার উত্তীর্গ হইয়া প্রভাতের দেশে সে অবতরণ করিবে। তঃস্বপ্রের পর আবার সে জানালার ওপারে ভোরের ভকতারাটির মত মায়ের আশীর্বাদ শ্লিগ্ধ কোমল মুখখানি দেখিবে। কে যেন তাহার মনে বঁপিয়া বলিতেছে—ভয় নাই, ভয় নাই!

পথের মাঝে সে কোন্ কাটা-গাছের শীর্ণ ও দীর্ঘ একটা ভাল কুড়াইয়া পাইল। দেটা সে দঙ্গে নিল—আততায়ী আদিয়া পড়িলেও সে বিনামুদ্দে হার মানিবে না। পকেট ভরিয়া ঢিল নিল—গুপীর কীর্তি ত' সে স্বচক্ষেই দেখিয়া আদিয়াছে। নিজেকে হঠাৎ তাহার অত্যন্ত বলশালী মনে হইল—গায়ে যেন তাহার বাঘের শক্তি, চোথে তাহার রৌদ্রের তীব্রতা। ইচ্ছা করিলে সে হয় ত'.নদীটাও সাঁতরাইয়া পার হইয়া যাইতে পারিবে।

় অনিলের থোঁজে এক-একজন এক-এক দিকে বাহির হইয়া পড়িয়াছে। বংশীও থবর পাইয়াছিল। লঠন লইয়া সেও খুঁজিতে চলিয়াছে। আলো ছাড়া দে পথ চলিতে পারে না—সাপথোপের ভয় আছে, পৃথিবীতে আরও কত-কি ভয়ের জিনিস আছে তাহা ভাবিতেও তাহার ভয় করে। আলো একটা সঙ্গে থাকা ভাল।

শেই আলোটা অনিলেরই নিকটবর্তী হইতে লাগিল। এ আর অন্ত লোক নয়—অনিল আলো দেখিয়া তাহাকে ঠিক চিনিয়াছে। নিমিষে তাহার সমস্ত উৎসাহ জুড়াইয়া আদিল—গায়ে সামান্ত একটা থরগোদেরও শক্তি রহিল না। চারিদিকের উন্মুক্ত পথে সহসা প্রাচীর থাড়া হইরা উঠিল—আবার সে বন্দী।

মনের মধ্যে বৃসিয়া ঠিক মা'র কণ্ঠস্বরে কে যেন বলিল-ভয় নাই।

চট করিয়া অনিলের মাথায় এক বৃদ্ধি আসিল। আর না ছুট্টুয়া স্থামনের একটা গ্লাছে তরতর করিয়া সে উঠিয়া পড়িল। কি গাছ তাহা সে ভাল করিয়া চিনে না—অন্ধকারে চিনিবার উপায় নাই। লগ্রনটা ক্রমেই আগাইয়া আসিতেছে।

্বু অনিল তাড়াতাড়ি পরনের কাপড়টা থুলিয়া ফেলিল। হাতের সরু ডালটার ডুগায় কাপড়ের একটা প্রাস্ত আটকাইয়া অগু অংশে নিজের শরীরটাকে আগাগোড়া আর্ত করিয়া সে লম্বা হইয়া দাঁড়াইয়া রহিল। হাতটা মাথার উপর তুলিয়া ধরিয়াছে—তাহার মধ্যে লম্বা সেই ডাল—ঘোমটার মত করিয়া কাপডের উপরের ধারটা সুইয়া পড়িয়াছে—সমস্ত দৈর্ঘ্যটা অনিলের স্বাভাবিক চেহারার দ্বিগুণ হইয়া উঠিল। মুখ হাত-পা দেখা যায় না, থালি একটা শাদা কাপড় গাছের উপর খাডা হইয়া ঝুলিতেছে।

অনিল কাঠির তগাটা আন্তে-আন্তে নাডিতে লাগিল। দূর হইতে ঠিক মনে হইবে যেন গাছের উচু ভালে একটা পেত্মী বিদিয়া ঘোমটার তলায় মাথা নাড়িয়া-নাড়িয়া লোকজনকে নীরবে আহ্বান করিতেছে—আয়, আয়; আমার কাছে আয়!

লঠনটা আরও ক্লাছে আদিল বুঝি, অনিল নিশাস বন্ধ করিয়া ঈশরের নাম লইতে লাগিল।

গাছের উপরে ঐ মূর্তি দেখিয়া বংশী দেখিতে দেখিতে বরকের মত ঠাণ্ডা হইয়া গেল। ভালের উপর পেত্রী বিদিয়া ঘোমটা নাড়িয়া তাহাকে আদর করিয়া কাছে ভাকিতেছে। সমস্ত বন কাঁপাইয়া শন শন করিয়া হাওয়া বহিল —পেত্রীটা যেন নাকি-স্থরে কথা কহিয়া উঠিল। হাওয়ায় একটা শুকনো ভাল খিদিয়া পড়িল, পেত্রীটা তাহারই মাথা লক্ষ্য করিয়া ছুঁড়িয়া মারিল ব্ঝি।

—বাবা গো, মা গো। গেলাম গো, মেরে ফেললে গো!—বলিয়া বংশী চোঁচা দৌড় মারিল। যত ছোটে ততই মনে হয় পেত্রীটা যেন তাহাকে তাড়া করিতেছে—এই বৃঝি ধরিয়া ফেলিল। একেরারে বাড়ি ফিরিয়া দরজায় থিল লাগাইয়া দিল সে। তবু তাহার স্বস্তি নাই—পেত্রীটা জানালা দিয়া হাত বাড়াইয়া দিয়াছে। জানালাটাও বন্ধ করিল। তারপর পেত্রীটা তাহার ঘরের চালে দাপাদাপি শুরু করিল। বংশী বাকি রাত ঘুমাইতে পারিল না।

বংশী অদৃশ্য ইইয়া গোলে অনিল স্বন্ধির নিশ্বাসে ছণ্টিন্তার পাথরটা সরাইয়া
দিয়া একলাফে নামিয়া পড়িয়াই আবার ছুট দিল—আর তাহাকে আটকাইবে
কে? অতি কাছেই থালের জল কুলকুল করিয়া তাহাকে ডাকিতেছে—
শেষরাত্রে জোয়ার আদিয়া গিয়াছে বুঝি।

রাত্রি এর্গন শিশুর চোথের মত তরল হইয়া আদিয়াছে। ভোর হইতে আর দেরি নাই।

খালের ধারে একটা নৌকা বাঁধা। তাহারই জন্ম যেন কে তৈয়ার রাখিয়াছে। সন্ম ঘুম ভাঙিয়া মাঝি একটা ছইয়ের ভিতরে কাহাকে কি যেন বলিতেছে। অনিলের ভয় করিতে লাগিল। তবু সে ডাকিল—মাঝি!

মাঝি চাহিয়া দেখিল। কহিল—দোয়ারি আমি আর নিতে পারব না।

মাঝির এই কথায় বিপদের আশস্কাটা থানিক প্রশমিত হইল। অনিল কহিল—দয়া করে নিয়ে চল মাঝি, তোমার ছটি পাস্থে পডি। ষ্টামার ঘাটে পৌছে দাও, তোমাকে আমি অনেক—অনেক বকশিস দেব।

বাহিরের লোককে না শুনাইয়া ছইয়ের ভিতর হইতে কে তীব্র চাপা গলায় প্রতিবাদ করিয়া উঠিল—না, গফুর, থবরদার। আর কাউকে নিতে পারবে না। আজকের দিনে আমার একটা কথা রাথ। সেই রার্ত্তির কথা মনে আছে? গফুর বলিল—আছো। বলিয়া সে নৌকা ছাড়িয়া দিল।

নৌকাটাকে চলিয়া যাইতে দেথিয়া অনিল নৈরাশ্যে একেবারে ক্লান্ত ইইয়া উঠিল। আর্তকণ্ঠে আবার ভাক দিল—আমাকে তুলে নাও মাঝি, আমি তোমার কোন ক্ষতি করব না।

নৌকাটা তবু থামিল না। অনিল দিখিদিক জ্ঞান হারাইয়া জলের মধ্যে আঁপাইয়া পড়িল।

এই দৃশ্য দেখিরা গদ্র চঞ্চল হইয়া উঠিল; কহিল—ছেলেটা, জলে পডল ইয়। সকালবেলা মারা যাবে নাকি? শেষকালে একজনের আত্মহত্যার পাপের ভাগী হ'ব?

ভিতরের আরোহীর কোন কথায়ই দে কান পাতিল না। তাঁড়াতাড়ি নৌকা ঘুরাইয়া জলে-নামিয়া অনিলকে দে নৌকায় তুলিয়া আনিল।

অনিল স্বৃত্তির নিখাস ছাড়িবে—কিন্তুও কে? ছইয়ের ভিতর ছালার চটুমুড়ি দিয়া চোথ মুথ ঢাকিয়া জড়োসডো হইয়া কে বসিয়া আছে!

এ আবার কোন কারদান্ধি! অনিলের মুথ রটিং-কাগজের মত শাদ। হইয়া গেল। মুক্তি কি তাহার মিলিবে না তবে ?

ষ্টিমারের চোঙাটার কাছে গরম বলিয়াই আর কেহ দেখানে বদে নাই— ভাকাতের হাতে গণেশ বুলুকে দেইখানে একথানা চাদর বিছাইয়া দিয়া কহিল—এখানেই বসা যাক্। ভারি ভিড় হয়েছে, দেখছি।

বুলু দেইথানে বদিয়া আনন্দে ছুই চক্ষু মেলিয়া ধরিয়া নদী দেখিতে লাগিল। তাহা হইলে সত্যই সে বাড়ি চলিয়াছে।

দকালে হাটে গিয়া গণেশ চেনা এক স্থাকরার কাছে বুলুর গলার হার বেচিয়া টাকা সংগ্রহ করিয়াছে। তারপর একটা হোটেলে গিয়া কলাপাতায় করিয়া বুলুকে ভাত থাওয়াইল। গণেশকেও থাইতে হইল—নইলে মেয়েটা ছাড়িবে না। তারপর একথানা ধোয়া কাপড় ও একটা ডুরে শার্ট কিনিয়া গায়ে আঁটিয়া গণেশ দেখিতে-দেখিতে ভদ্রলোক হইয়া গেল।

বুলু হাসিয়া কহিল—তোমাকে ঠিক এখন বাবার মুহুরির মত দেখাচ্ছে।

ই্যা, কাপড়-চোপড় পরিয়া ভদ্র না দাজিলে যদি লোকে সন্দেহ করে!
মেয়ে চুরি করিয়া পলাইতেছে বলিয়া তাহাকে যদি পুলিশের হাতে ধরাইয়া
দেয়! চুরি করিয়াই দে পলাইতেছে বটে—চুরি না করিলে বুলুকে আজ আর
কী করিয়া উদ্ধার করা যাইত ?

ষ্টীমারে একজন ভদ্রলোক বুলুকে জিজ্ঞাসা করিয়াছিল—কোথায় যাচ্ছ ? বুলু গন্তীর হইয়া বলিয়াছিল—কলকাতায়।

- —সঙ্গে ও কে ?
- —আমাদের মুহুরিবাব। আমার বাবা যে হাইকোর্টের উকিল।
- —একা-একা যাচ্ছ যে ! সঙ্গে আর কেউ নেই ?
- বা, মুহুরিই ত' আছে। ও না থাকলেও আমি থেতে পারতাম।
 ষ্ঠীমার রাত্রে গোয়ালন্দ পৌছবে—রাত্তির কটার বাদুন ত'? তারপর
 নেমেই ট্রেন তৈরি—চা থাবার আগেই বাড়ি যাওয়া যাবে। কেমন, ঠিক
 বলছি না. আমি?

ভদ্রলোকটি আর কোন প্রশ্ন করিল না, সঙ্গীকে উদ্দেশ্য করিয়া বলিল— মেয়ে দেখছি ধুরন্ধর।

বুলু গণেশকে এমনি অগাধ বিশ্বাস করিয়াছে! ভাকাত জানিয়াও পাঁচজন ভদ্রলোকের সাহায্য লইবার জন্ম খীমারে উঠিয়াও চেঁচামেচি করে নাই। ঠিকু তাহার হারানো টগরের মতই সরল বিশ্বাসে তাহার উপর নির্ভর করিয়া

আছে। গুণেশকে দে তাহার বাড়ি নিয়া যাইবেই—এত যে তাহার উপকার করিল, তাহাকে দে মা'র হাতের থাবার থাওয়াইবে—কত দামী জিনিস উপহার দিবে—যা দে চায়! বড় হইয়া ডাক্তারি করিবার সময়ও তাহার কথা বুলু ভূলিবে না।

গণেশ বলিয়াছিল—কিন্তু ডাকাত জেনে তোমার বাবা যদি আমাুর হাতে হাতকড়া লাগান ?

—বা, আমি তা' জানতেই দেব কিনা? যে ডাকাত, দে বৃঝি মেয়ে খুঁজে বাড়ি ব'য়ে দিয়ে যায় কথনও? তা' ছাড়া আমি তোমাকে কত ভাল বলব, দেখ। কিদের তুমি ডাকাত—তুমি আমাদের মৃহরি,। বলিয়া বৃলু থিল থিল করিয়া হাসিয়া উঠিল।

ভোঁ। দিয়া ষ্টীমার ছাড়িল। চাকার শিকলে টান পড়িল। ছুই পাশে 'ফেনার ফুল ফুটাইতে-ফুটাইতে ষ্টীমার আগাইয়া চলিল।

দাদার কথা ভাবিয়া বুলু চোথের জল আর চাপিয়া রাথিতে পারিল না। দাদা যদি এখন সঙ্গে থাকিত। মাকে গিয়া সে কী বলিবে ?

দাদার কথা জিজাসা করিলেই গণেশ চুপ করিয়া যায়। কি-রকম করিয়া

-যেন তাকায়। সেই চাউনি দেখিলে বুলুর ভারি ভয় করে। গণেশের সঙ্গে

লুকানো অন্ত আছে কি না কে জানে। আচমকা যদি তাহাকেও ঘায়েল করিয়া
বিদে! সেই ভয়েই সে ও-কথার ধার ঘেঁষে না। অন্ত কথা পাড়িলেই গণেশের
চোথ-মুথের ভাব স্থিয় হইয়া আরস।

গণেশ ঠোঙায় ক্লরিয়া চিনি ও কলাপাতায় করিয়া পাতক্ষীর লইয়া আদিল।
বুলু অবাক হইয়া কহিল— গ্রীমারের মধ্যেই দোকান আছে নাকি?
আসবার সময় ত' দেখিনি। তথন ছিলাম একটা ঘরের মধ্যে গদি-ওলা
বিছানায় গুয়ে— সেকেণ্ড ক্লাশে। তা'কী আনলে, দদার?

भर्गम ठाभा भनायं किशन--- मर्गात ना, मृहतिवात्।

' — হ্যা; মুহুরিবাবু, কী আনলে?

গণেশ হাসিয়া কহিল—পাতক্ষীর। সেই বংশী তোমাদের থাওয়াবার
, ল্যোভ দেখিয়েছিল না? এই দেখ। খেয়েছ কোনদিন?

পাতক্ষীর দেখিয়া বুলুর আবার দাদার কথা মনে পড়িয়া গেল। কালা-

ছলছল চোথে কহিল—ও আমি থাব না। দাদাকে ফেলে ও-জ্পিনিস আমি মৃথে তুলতে পারব না। আমার থিদে নেই একটুও।

একবার যথন ঘাড় বাঁকাইয়াছে শত তেল মাথাইয়াও বুলুর সে-ঘাড় আর সোজা করা যাইবে না।

ষ্ঠীমারের একটানা ঝকঝক শুরু হইয়াছে—ভীষণ গ্রম, যাত্রীদের কোলাহলের অবধি নাই। হাসাহাসি, ঝগড়া, টেচামেচি, হারমোনিয়ম বাজাইয়া গান—তুমূল একটা হাট বসিয়া গিয়াছে। ইহার মধ্যে বলু নিতান্ত শুরু হইয়া দাদার কথা ভাবিভেছিল। দে এখন কোথায়—কত দ্রে না-জানি চলিয়া গিয়াছে! বুলুর এই ষ্ঠীমারে করিয়া বাড়ি যাওয়া কি সে দেখিতেছে না? ছোট বোনটির জন্ম এতদিনে বুঝি সে নিশ্চিন্ত হইল।

চোথের জল মুছিয়া বুলু কহিল—আমাকে যে বাড়ি নিয়ে যাচ্ছ, সেথানে যদি মা-বাবাকে দেখতে না পাই ? তাঁরা যদি এখনও না ফিরে থাকেন ?

—পাগল! গণেশ তাহার কানের কাছে মৃথ আনিয়া কহিল—বাড়ি ফিরবেন না? তাঁরা দেইদিন দকাল বেলায়ই নৌকো পেয়েছেন। বাড়ি গিয়ে বাবার কোলে চড়ে' আমাকে ভূলে যাবে, বুলু ?

গণেশ বুলুর চুলে হাত বুলাইতে লাগিল।

বুলু কঁহিল—কক্থনও ভুলব না। এত যে উপকার করে তাকে আবার লোকে ভোলে নাকি? আমাকে কি তুমি গুপী ঠাওরালে যে, যে-লোক কাঁধে চড়ে' খাবার তুলে দেয় তাকে বেঁধে রাখব?

গণেশ কহিল—তোমার গলার হার পর্যন্ত বেচতে হ'ল। দিতে ত' কিছু পারলামই না, বরং—

- ্ —বেচবৈ না? না বেচলে টিকিটের পশ্নসাহ'ত কী করে'? ভাগ্যিস ওটা ছিল। চল না, তোমাকে মা'র একটা নেকলেস দিয়ে দেব। তার পর বড় হ'য়ে—
- —বড় হ'য়েও আমাকে মনে রাখবে ? বড় হ'য়ে তোমার বধন বিয়ে হ'বে—তথন ?
 - স্থা, ঠিকানা দিয়ে চিঠি লিখে স্থানিয়ে ঠিক নেমস্তন্ন করব, দেুখ ৷
 - যথন আমি খুব বুড়ো হ'য়ে যাব ?

—-ই্যা, এদ আমার বাড়ি। আমার বাগানের মালী হ'বে। তুমি এ-কাজ ছেড়ে দাও; দদার।

গণেশ হাসিয়া কহিল—ছেড়ে ত' দিয়েইছি। আমি ত' আর সর্দার নই, আমি ত' তোমাদের মূহুরি! তোমার বিয়ে যদি কোন হাকিমের সঙ্গে হয়, আমাকে তবে তোমার বরের দপ্তরী রাখবে?

মৃথ ভীষণ গম্ভীর করিয়া বুলু কহিল—তা' আমি কী করে' বলর ? আমি
নিজে হালিম হ'লে বরং বলতে পারতাম! কিন্তু কী গরম দেখেছ!
রেলিঙের পাশে একটু গিয়ে দাঁড়াই না ?

গণেশ কহিল-না!

বুলু আর অমুরোধ করিল না। রেলিঙ ধরিয়া দাঁড়াইয়া একা-একা সে কী দেখিবে ? পাশে আজ দাদা নাই। সে কতদ্রে—কোথায় না-জানি চলিয়া গিয়াছে এতক্ষণে!

গোয়ালন্দে গণেশ বুলুকে লইয়া ট্রেনে উঠিল—থার্ড-ক্লাশ কামরায় সাজ্যাতিক ভিড়। তবু এমন একটি ফুটফুটে মেয়ে দেখিয়া সবাই জায়গা ছাড়িয়া দিল। অনেকেই গায়ে পড়িয়া গল্প-গুজব করিতে আসিল, কিন্তু গণেশ্বের নির্দেশমত বুলু কহিল—আমার বেজায় ঘুম পাছে। আর বকতে পারি না। বলিয়া হাঁটু ফুইটা বুকের কাছে গুটাইয়া কোনরকমে শুইয়া পড়িল।

আর শুইয়। পড়িয়াই একেবারে তাহার দারা গা ভরিয়া ঘূমের বৃষ্ঠা নামিয়া আদিল তথন তথ্নই।

নৈহাটির পরেই ট্রেনের কামরাটা অনেক পাংলা হইয়া আসিল। তাহার পর বারাকপুর! বুলু তথনও বিভার হইয়া ঘ্মাইতেছে—ম্থে কি মধুর সারল্য, শেষরাত্তির আকাশের মতই ম্থথানি কোমল, লাবণ্যময়! সে-ম্থে বেদনার কোমল একটু আভা পড়িয়াছে।

দমদম পার হইতেই গণেশ বুলুকে ঠেলিয়া তুলিল; কহিল—কলকাতা "এসে পড়ল এবার। চোথ কচ্লাইয়া বুলু ধড়মড় করিয়া উঠিয়া বদিল। ই্যা, এই ত' উন্টাডিঙির ব্রীজ—নৌকা কতকগুলি জড়ো হইয়া আছে। ঐ ত' দ্বে একটা মোটর চলিয়া গেল—ঠিক, আর ভুল নাই। বুলু হর্ণ শুনিতে পাইতেছে।

প্লাটফর্মের বাহিরে আদিয়া বুলু কহিল-এ ত' বাস দাঁড়িয়ে- :

গণেশ কহিল—বাস নয় ট্যাক্সি নিলে ঢের আগে বাড়ি যাওয়া যাবে। বাস্-এ অনেক ভিড়।

ট্যাক্মি পিচের রাস্তা ধরিয়া তীরবেগে ছুটিয়া চলিয়াছে। রাস্তার তুইধারে বাড়িগুলি তেমনি অটুট—এই কয়দিনের অদর্শনে কলিকাতার কিছুই বদল হয় নাই। বুলু ভাবিয়াহিল সে নাই বলিয়াই হয় ত' কলিকাতা অভিমানী বন্ধুর মত মুখ ভার করিয়াছিল—হয় ত' ছিল, কিন্তু তাহাকে কাছে পাইয়া আগের মতই হাদিয়া উঠিয়াছে।

ল্যাম্পডাউন রোড—ও মা, ইহারই মধ্যে ল্যাম্পডাউন রোডে আসিয়া পড়িরাছে ! আর কি, মার্কেটের পাশ দিয়াই ত' তাহাদের বাড়ি যাইবার গলি। বুলু গণেশের ম্থের দিকে চাহিল। সে-মুথ কেমন থম্থমে, দৃষ্টি কেমন ঘোলাটে মনে হইল।

বাড়ি যতই কাছে আসিতে লাগিল ততই বুলু ছঃথে মুষড়িয়া পড়িতেছিল। এতবড় ছঃসংবাদ সে কেমন করিয়া শুনাইবে ? আবার সে জিজ্ঞাসা করিল —সত্যিই ওরা দাদাকে মেরে ফেলেছে, সর্দার ?

এত ক্তি ও বিফলতার পরেও যে হরলাল আর সনাতন অনিলকে ছাড়িয়া দিবে তাহা, গণেশের মনে হইল না। একে তাহার কোপ বসাইতে এক সেকেও দেরি হইল, তাহার পর বুলু ঘরময় আগুন ধরাইয়া দিল—তাহারা যে বাগে পাইয়াও অনিলকে ছাড়িয়া দিবে তাহা গণেশ কী করিয়া বিশাস করে? গণেশের থড়া হইতে সে রক্ষা পাইয়াছে বটে, কিন্তু দলের মধ্যে একলা সেই ত' অস্ত্র চালনা করে' না। এখন নিশ্মই আর সে বাঁচিয়া নাই। বুলুকে মিথ্যা আশা দিয়া লাভ কী? গণেশ কহিল—এমন রাতে ছেড়ে দেবার জন্মে. ত' কাউকে কালী-মন্বিরে নিয়ে যায় না, বুলু। মনে হয়, দাদা তোমার নেই।

বুলু অক্টম্বরে আর্তনাদ করিয়া উঠিল। তাহার পর ড্রাইভারকে কহিল— ডাইনে যাও।…ঐ—ঐ আমাদের বাড়ি।

সদর বন্ধ, জ্ঞানালায় জ্ঞাপানী পর্না ঝুলিতেছে; ঐ পর্নাটা ত' বুলুই সেলাই করিয়াছিল—শ্বান্তায় সহা জল দিয়া গিয়াছে—এখনও কাহারও ঘুম ভাঙে নাই। রোয়াকে রান্তার লোক শুইয়া আছে।

গণেশ কহিল-এ তোমাদের বাড়ি ?

বুলু দোতলার বারান্দার দিকে চাহিয়া থাকিয়া কহিল—হাা, এই ত' দরজার ওপরে বাড়ির নম্বর লাগান আছে, দেগছ না ? ওপরে ঐ ত' আমাদের পড়ার ঘর'।

গণেশ মলিন মুথে কহিল—বড হ'য়েও আমাকে চিনতে পারবে, বুলু? বাগানের মালী রাথবে ?

সে-কথায় কান না দিয়া বুলু কহিল—দাঁড়াও, আগে দেখি বাডিতে মা ওঁরা ফিরেছেন কিনা—এথুনি তোমাকে নেকলেদ্ কী করে' দিই ?°

---নেকলেশ্ আমি চাইছি নাকি?

— আচ্ছা, নগদ টাকাই দেওয়া যাবে। হাঁা, মা আছেন, দর্দার। দড়িতে তাঁর সেই শাড়ি ঝুলছে—যেটা দেদিন তাঁর পরনে ছিল। বলিয়া কোনদিকে জক্ষেপ না করিয়া দে ছুটিয়া রোয়াকে উঠিয়া তুই হাতে কড়া নাড়িতে লাগিল।

কাহারও কোন সাড়া-শব্দ নাই যে! ফিরিয়া চাহিয়া দেখিল গণেশও কথন অন্তর্হিত হইয়াছে। তাহাকে পৌছাইয়া দিয়া কোথায় গেল দে? দে কী নেকলেশ নিবে না? এ-দিক ও-দিক চাহিয়া দেখিল, কোথাও দে নাই। সহসা ব্লুর অত্যন্ত ভয় করিতে লাগিল—মনে হইল, তাহাকে ধরিয়া নিবার জন্ত আবার কাহারা ষড়য়ন্ত্র করিয়া নির্জন রাভায় বাহির হইয়া পড়িয়াছে হয় ত'। গণেশই তাহাদের সদার।

বুলু দরজার উপর লাথির পর লাথি মারিতে লাগিল, চীৎকার করিয়া কহিল—শীগ্রি দরজা খুলে দাও মা, আমি বুলু এদেছি—আমাকে আবার কারা দ্ব ধরতে এল ব্ঝি—শীগ্রির নেমে এস, মা। ও মা!

রুলুর এই চীৎকারে ঘরের মধ্যে নিদ্রোখিতদের তুম্ল সোরগোল পডিয়া গেল। যেন ভীষণ ভূমিকম্প শুরু হইয়াছে! সিঁডি দিয়া একসঙ্গে নামিতে গিয়া কেউ কেউ হোঁচট খাইল, সহসা কী যে হইল ঠিক কেহ বুঝিলুনা।

মাছুটিয়া আসিয়াদরজ্ঞাখুলিয়া দিলেন।

—বুলু, বুলু যে! আমার বুলু এদেছে!

তীরের উপরে সম্দ্রের তেউয়ের মত বুলু মায়ের কোলে ঝাঁপাইয়া পড়িল।
চতুর্দিক হইতে শত-সহস্র কঠের প্রশ্ন শিলাবৃষ্টির মত নিক্ষিপ্ত হইতে লাগিল—
কেমন করিয়া আসিল, কোথায় ছিল এই কয়দিন একেবারেই থাইতে পায় নাই
বৃঝি! কিন্তু সবারই প্রশ্ন ভেদ করিয়া মা'র মর তারের মত বুলুর বৃক্তে আসিয়া
বিঁধিল—তিনি কহিলেন—অনিল? অনিল কোথায়? অনিল আসে নি?

বুলু মা'র কাঁধের উপর মুখ লুকাইয়। উচ্ছুসিত হইয়া কাঁদিয়া উঠিল—
দাদাকে ডাকাতরা কাল রাতে কালীমন্দিরে নিয়ে গিয়ে বলি দিয়েছে!

— এঁ্যা ? কী বল্লি ? সেই নিদাকণ তঃসংবাদ সহ্ করিতে না পারিয়া মা বৈঠকথানার একটা তক্তপোষে আছাড় খাইয়া পড়িলেন। আনন্দে ও তঃখের উত্তেজনায় বুলুও অসাড় হইয়া পড়িল।

তুমুল কালা লাগিয়া গেল।

অমরেশবাব বুলুর কাকাকে কহিলেন—খানায় গিয়ে শীগ্গির একটা থবর দিয়ে এদ, কুমার। ইন্স্পেক্টারবাব ধেন একবার আদেন। এতদিনে ত' কিছু স্বিধে করতে পারলেন না, বুলু এবার যথেষ্ট রু দিতে পারবে। যাও। পরে স্ত্রীকে বলিলেন—একটু থাম, আগে শুনি সবটা।

কিন্তু জমরেশবাবু আর কী শুনিবেন ? বুলু বলিল—সর্ণার-ভাকাত নিজে বলে দিয়েছে, অনিল আর নাই। অমরেশবাবু ছই হাতে মুখ ঢাকিয়াঁ ছেলেমামুষের মত কাঁদিতে লাগিলেন।

বুলুগ পি সিমা কহিল—অন্তত একজনকে ত' পেয়েছ, তাকেই বুকে করে' থাক, বৌ।

বুলু কাঁদিতে কাঁদিতে কহিল—আমি না ফিরে দাদা ফিরলে কত ভাল হ'ত। আমি মেয়ে—আমাকে দিয়ে কী কাজ হ'বে ? আমাকে কেন বলি দিল না ।

পিসিমা তাড়াতাড়ি বুলুকে বুকের মধ্যে টানিয়া লইলেন।

কতক্ষণ বাদেই ইন্স্পেক্টারবাব্ আদিয়া পড়িলেন। কুমার বলিল— এখন দয়া করে' তোমরা একটু থাম। ব্যাপারটা দব শোনা যাক্ আগে—

কিন্তু গণেশের কথা অবিখাদ করিবারই বা কা আছে ?

চটের ভিতর হইতে লোকটা মিট্মিট্ করিয়া তাকাইতেছে, অথচ অনিলকে তক্ষ্নি আক্রমণ করিতে আগাইয়া আদিতেছে না। নৌকা চলিগ্নাছে বটে। গোফুর বলিল—অমন ধারে গিয়ে দাঁড়িও না বাবু, পডে' যাবে। আচ্ছা বিনি-প্রদার কিরায়া পেলাম আজ। সক্কালবেলাতেই অমনি—

অনিল ইচ্ছা করিয়াই ধারে দাঁডাইয়াছিল, লোকটা আক্রমণ করিতে উত্তত হইলেই জলে ঝাঁপাইয়া সে পড়িবে। পদ্মপুকুরে নামিয়া সে বৃথাই আর সাঁতার শিথে নাই। লোকটার সঙ্গে সাঁতারেরই এতিযোগিতা করিয়া দেখিবে—আগের মত সহজে সে ধরা দিবে না।

লোকটা আন্তে-আন্তে ম্থের আবরণ উন্মোচন করিল। শরীরের সমস্ত চেতনা হুই চোথের দৃষ্টিতে কেন্দ্রীভূত করিয়া অনিল তাহার দিকে চাহিয়া রহিল।

লোকুটা গায়ের থোলদ খুলিয়া ফেলিয়া কহিল—তুই ? অনিল।

অনিলও তৎক্ষণাৎ লাফাইখা উঠিল—আরে, গুপী নাকি ? আমাকে ধরিট্রে দিবি না ত' ?

গুপী হাসিয়া কহিল—তুই আমাকে ধরিয়ে দিবি না ত' ? বোদ এগানে। ওরে গোফুর, একটু জোরে বেয়ে চল্ ভাই।

তৃহিজনে ছইরের মধ্যে পাশাপাশি বদিল। ৢগুপী কহিল—খুব দেখা হয়ে গেল ভাই। আমার প্রথমটা এমন ভর হয়েছিল—

অনিল কহিল—আর আমি ত' জলে ঝাঁপিরে পড়বার জন্মে রেডি ছিলাম।
গুলুর টিপ্লনি কাটিয়া বলিল—এত তোদের ভাব, অথচ ওকে কিনা তুই
ফেলে যাচ্ছিলি, গুপী ?

গুপী জিজাদা করিল—এখন তুই কোথায় যাবি ?

- —আগে ষ্টামার-ঘাটে ত' পৌছে দিক্, তারপর দেখা যাবে।
- —বাড়ি যাবি ত['] ?
- .--- र्गा. यमि जात्र ना धरत ।
- —আর ধরতে দিলে ত'? আমরা এখন ষ্টীমার ঘাটে না গেলাম—ওরা নিশ্চয়ই ও-পথে এং পেতে আছে। আমরা যাই এখন বেল-তলি, সেখানে থাকবার জায়গা পাওয়া যাবে—পায়সাও কিছু তোর যোগাড় করে' দিতে পারব হয় ত'। একমিন জিরিয়ে গেলেই ভাল হ'বে।

ष्यित दाक्षि इटेन। किटन-किन्छ এट माबित्क की त्म उद्या यात्व ?

—গদুরকে ? ওকে একবার যা বাঁচিয়েছিলাম তাই মনে করে' আবার পয়সা নেবে নাকি ? সেবার ডাকাতি করতে যাব—হঠাৎ আর একটা নৌকোর দরকার হ'ল। ডাক পড়ল গদুরের। ও কিছুতেই নৌকো দেবে না। হরলাল ওকে এই মারে ত' দেই মারে। আমি আলগোছে ওর হাতে একটা ছোরা চালান্ করে' দিলাম। 'ডাকাতের বাপ ডাকাত' বলে' হরলাল ভাগ্ল। সে-কথা মনে আছে, গদুর ?

গছুর বলিল—কিন্তু ওরা এসে টুঁটি কামড়েধরে' সব না ভুলিয়ে দেয় এবার !
গুপী বলিল—তোর সব ফাঁকির রাস্তা দিয়ে বেয়ে চল্। ব্রলে অনিল,
গছুর সেদিনের সেই উপকারের কথা ভোলে নি। তোমরা সেদিন আমার
থিদের সময় 'ম্থের সামনে থাবার তুলে ধরেছিলে, সেই উপকারের কথা
শামি ভুল্লাম কী করে'? বুলুকে কি না মোটা একটা লতা দিয়ে বেঁপে'
রাখলাম !

থামিয়া আবার সে কহিল—কিন্তু সে-পাপের প্রায়ণ্টিত্ত আমি এখন করব, অনিল। ভাকাতেব দলে খেকে একেবারে অধঃপাতে গেছি—কী বলিদ গড়ুর ? কোথায়ই বা যাব ? কেই বা আমার আছে ?

অনিল কহিল—কিন্তু ওদের দলে ফিরে যাবার ত' আর রাস্তা নেই।

গুপী হতাশার স্থরে কহিল—রাস্তা কোথায়ই বা আছে? ধেই সব ত্রংথের কথা তুমি বুঝবে না, অনিল। আর যথন আমাদের দেখা হ'বে না, তথন বলেই বা আর লাভ কী ?

—আর দেখা হ'বে না কেন ?

গুপী কহিল—কী করে'ই বা হ'বে ? কোথায় ভেদে যাই, ঠিক কী ?

এই কথায় অনিলের মন ভারি উদাস হইয়া উঠিল—বুলুর সঙ্গেও কি আর তার দেখা হইবে না? শেষকালে গণেশই নিজে তাহার গায়ে হাত তুলিল? গুপী পাপের প্রায়শ্চিত্ত করিয়াছে বটে। সারাদিন কোথায় কোন্-কোন্ চেনা বাড়িতে ঘুরিয়া-ঘুরিয়া চাহিয়া-চিস্তিয়া সে পয়সা যোগাড় করিল—গছুরের কোন্ আত্মীয়-বাড়িতে পরম পরিতোষের সহিত ঘুইজনে মুর্গি আর পরোটা থাইল; রাত্রে শুইবার একটু জায়গা কয়িয়া লইল—আর রোদ

উঠিতেই জার একটি লোক নিয়া গফুরই ষ্টেশন-ঘাটে তাহাদের পৌছাইয়া দিল। কোথাও ডাকাতদের ক্ষীণ একটু ছায়াও পডিল না।

তুপুরে গ্রীমার আসিবে—ততক্ষণ তুইজনে বঁড়শী যোগাড করিয়া মাছ ধরিল। নৌকা হইতে গফুরের একটা ময়লা চাদর পরিয়া একসঙ্গে, তুইজনে স্মান করিল ও প্রেশনের দোকান হইতে টাট্কা মুডি, ফেনি বাতাসা .ও খুরিতে করিয়া চা কিনিয়া আনিয়া তাহারা চমৎকার ফলার করিল।

ষ্টীমার আসিতেছে।

কিন্তু গুপী টিকিট কাটিল মোটে একজনের। টিকিট্টা অনিলের হাতের মধ্যে গুঁজিয়া দিয়া গুপী কহিল—নে, উঠে পড়; সিঁড়ি দিয়েছে।

अनिन कहिन—এই यে वननि, जूरे आभात मल कन्काजात्र भावि ?

তাহার কাঁধ চাপড়াইয়া গুপী কহিল—পাগল! আমার যাবার জায়গার ব্যভাব কোথায়! নে, ওঠ্ এবার, মন থারাপ করিদনে—বাড়িই ত' ফির যাচ্ছিদ্? তোর হুঃধ কী তবে?

সিঁডির তব্দায় উঠিয়া অনিল আবার কহিল—এখন কোথায় ধাবি তবে?
গুপী কহিল—বে-দিকে তু' চোখ ধায়। পৃথিবীতে ধার কেউ নেই তার আবার ভাবনা আছে নাকি? বলিয়া সে অভ্যমনই ইইবার চেষ্টায় গুন্গুন্
করিয়া পান ধরিল।

ষ্টীমারটা চলিতে শুক্ত করিয়াছে।

বেলিও ধরিয়া দাঁডাইয়া অনিল অপলক চোথে তাহারই দিকে চাহিয়া আছে বৃঝি। আকাশে থট্থটে রোদ থাকিলেও গুপী দেখিল সমন্ত কিছু ক্যাশায় আছে হইয়া গিয়াছে। ষ্টীমারটিকে আর দেখা যায় না—তাহার ছই চোথে অশুর নদী ছলিয়া উঠিয়াছে। বুকের মধ্যে ষ্টীমার চলার শব্দ অুরাক্ত হাহাকারের মত কেবলি বাজিতে লাগিল অনিলের।

কলিকাতা শহরটা অনিলের কাছে একটা প্রাণবান দানব বলিয়া মনে হইত—কিন্তু ভোরবেলায় শিয়ালদহে ট্রেন আদিলে চারিদিকে চাইিয়া দেখিল, দেই দানঘটা শরবিদ্ধ ইগলৈর মন্ত মৃত্যান হইয়া পড়িয়া আছে। অঙ্গপ্রত্যকে

তার চাঞ্চ্যা নাই, ছই চোথ অন্ধের দৃষ্টির মত করুণ ও উদাস—মুথভাবে শোকের বিষয়তা।

সঙ্গে তাহার বুলু নাই আজ। দাদা হইয়া ছোট বোনটিকে সে রক্ষা করিতে পারিল না কোনক্রমেই! তাহাকে সেই জন্ধলে ফেলিয়া রাখিয়া সে 'একলা চলিয়া আদিয়াছে।

অনিল একটা বাদ লইল। রাস্তা ঘাট এখনও প্রায় নির্জন, শহরটা মৃতপ্রায়। আবার নিরুম ভোরবেলা—জনশৃত্য রাম্তা—চিত্রার্পিতের মত নিম্তর শহরের সমস্ত বাড়িগুলি।

মা যথন জিজ্ঞাদা করিবেন—বুলুকে কোথায় রাথিয়া আদিলি? তথন দে-লজ্জা ও ছঃখ দে রাথিবে কোথায় ?

মা-বাবারাও নির্বিয়ে ফিরিয়া আপিয়াছেন কি না কে বলিবে ?

শ অত্যন্ত অপরাধীর মত মান কৃষ্ঠিত মুখে রোয়াকে দাঁড়াইয়া অনিল অতি আন্তে-আন্তে কড়া নাড়িতে লাগিল। তাহার প্রত্যাবর্তনটা যুদ্ধজ্ঞীর মত নয়, হারিয়া গিয়া মুখে চূন-কালী মাথিয়া নিতান্ত নির্লম্ভের মতই দে ফিরিয়া আসিয়াছে। কড়া-নাড়ার শব্দ উপরে গেল না, নীচে স্থিয়া চাকর শুইয়া ছিল, দে আসিয়া দ্রজা খুলিল।

এবং দরক্ষা খুলিয়াই সে হাঁ হইয়া গেল। হারানো অনিলকে ফিরিয়া আদিতে দেখিয়াও স্থিয়া আনন্দে কলরব করিয়া উঠিল না। কপালে চোথ তুলিয়া সে কয়েক পা পিছাইয়া গেল!

অনিল কহিল-কি রে স্থিয়া ? আমাকে চিন্তে পার ছিল্ না--?

্ষ্থিয়া অনিলকে চিনিবে কি, টেবিলের পায়ার গুঁতা থাইয়া, দরজার উপরে হমডি থাইয়া পড়িয়া, দরজার পর্দা ছিঁড়িয়া মরি-বাঁচি করিয়া উপরে টুঠিয়া গেল। অমরেশবাব্র ঘরের দরজায় সজোরে ধাকা মারিতে মারিতে 'সে তারস্বরে কহিল—শীগ্ গির দরজা খুল্ন বাব্, নীচে দাদাবাব্র ভূত এসেছে!
১নি ডির উপর দাঁড়াইয়া স্থিয়া ঠক্ঠক্ করিয়া কাঁপিতে লাগিল!

অ্মরেশবাবু দরজা খুলিয়া বাহিরে আসিয়া বলিলেন—কী বলছিদ যা-তা ? ভ্ত কি রে হতভাগা ? বলিয়া তাহাকে ধম্কাইয়া দিলেন। স্থিয়া বলিল—ইয়া বাবু, দরজা খুলে দিতেই বৈঠকধানায় এলে চুকলে।

অমরেশ্বাব্ কহিলেন—যা যা, এখন নিশ্চয়ই চলে' গেছে। কাল রাতে ঠেদে খুব সাঁজা থেয়েছিদ বৃঝি ? যা, দরজা বন্ধ করে দে।

—কী হয়েছে ? বলিয়া অনিলের মাও তাঁহার ঘর হইতে বাহির হইয়া আসিলেন । পিছনে বুলু।

— কী-নাকি এক ভূত দেখেছে। যত আজগুবি —মাথাম্ণু!

অমরেশবার্ কহিলেন—নীচে এখন বসে' আছে কি না! তুই যা না নেমে। ভূত আর কাকে বলে? তু-ই ত'একটা আন্ত ভূত, দেখছি।

স্থিয়া তথনও দেয়াল ধরিয়া কাঁপিতেছে।

কুমার বলিল—যাই বল, শীগ্সিরই গয়ায় একটা প্লিণ্ডি দেবার ব্যবস্থা করা দরকার।

নীচে অনিল থানিকক্ষণ অপেক্ষা করিল, কিন্তু কেহই নামিয়া আসিল না দৈথিয়া দে অন্থির হইয়া উঠিল। বুলুকে সঙ্গে আনিতে পারে নাই এই লজ্জাই তাহাকে কুঠিত করিয়া রাথিয়াছে—কিন্তু, তাই বলিয়া দে ফিরিয়া আসিতে পারিল বলিয়া বাবা-মা তাহাকে একটুও অভ্যর্থনা করিবে না? তাহাকে দেথিয়া স্থিয়া কি না পাগলের মত মুখ-ভিন্ন করিয়া পলাইয়া গেল। দে নিজের বাডিতেই আসিয়াছে ত'? গ্রা, ঐ ত' বাবার স্বেক্টোরিয়েট্ টেবিল, দেয়ালে চন্দন-কাঠের ফ্রেমে সেই ঘড়িটা, সেই ক্যালেগ্রার! তবে বাবা ফিরিয়া আসেন নাই? পিসিমা ত' আছেন।

ধীরে ধীরে অনিল গিঁড়ির নীচে আসিয়া দাঁড়াইল। উপরে উত্তেজিত কঠে কাহারা সব কথা কহিতেছে—সে কান থাড়া করিয়া রাখিল। মা, বাবা, কাকা, পিদিমা—বুলুঁ! ই্যা, বুলুরই ত' কণ্ঠস্বর! চারিদিকে আবার সে চাহিয়া দেখিল—ভুল করিয়া সে অন্থ বাড়িতে চুকিয়া পড়ে নাই ত'?

বুলুর গল', বুলু কথা কহিতেছে, বুলুর মুখ হইতে ঝণার জলের মত শব্দ' বাহির হইতেছে—

্ৰানল এক লাফে তিন সিঁড়ি করিয়া লাফাইয়া উঠিতে লাগিল। তাহ্রুকে অমন্ত্রিকৈতে উঠিতে দেখিয়া স্থায়া ভয়ে একেবারে চীৎকার করিয়া উঠিল—
ঐ এলু, আমাকে মেরে ফেললে বাব্! বলিয়া প্রাণপণ শক্তিতে সে অমরেশবাবুকেই জ্ঞাইয়া ধরিল।

অনিলকে দেখিয়া সবাই আকম্মিক বিশ্বয়ে রুদ্ধবাক্, ভাজিত হইয়া গেছে বুলু—যে বুলু, সেও পর্যন্ত তাহাকে দেখিয়া আনন্দে আর্তনাদ করিয়া উঠিতেছে না! অনিল ভাল করিয়া চাহিয়া দেখিল—হাা, তাহারই ত' বাবা, মা, ঐ বুলু, কুমার-কাকা—তবে এ কেমন অভূত লাগিতেছে!

অনিল সকলের দিকে চাহিয়া মৃচ্কি-মৃচ্কি হাসিতে লাগিল।

সবাই তথন সম্প্ররে বীণার সমস্ত তারের সমবেত ঝঙ্কারের মত আর্তনাদ করিয়া উঠিল—কে, অনিল না ?

---ই্যা, আমাকে তোমরা চিনতে পারছ না ?

মা ছুটিয়া আদিয়া ছুই ব্যগ্র বাহুতে অনিলকে আছেন করিয়া বসিয়া পড়িলেন! ঠিক কাঁদিতেছেন না হাসিতেছেন—তাঁহার মুথের সেই বিকৃত শব্দটার কোন অর্থই স্পষ্ট বোঝা গেল না। ছেলের সর্বালে ত্নেহ-হন্ত বুলাইয়া কপালে ও গালে অসংখ্য চুমা খাইয়া মা বলিলেন—ভুতই ত'্বটে!

वृ्न्द्र भा সেই সংস্থ কোলে ভাকিয়া লইলেন। বৃ্লু কহিল—কী করে এলি দাদা, আগে বন্।

অনিশ বুলুর ভান হাতটা নিজের মৃঠিতে টানিয়া লইয়া কহিল—তুই কী করে' এলি, তাই বল ? '

অনিল ও বুলুকে কোলে লইয়া মা চক্ষ্ বৃজিয়া এই তীব্র অহড়তিটা আয়ন্ত ।
করিবার চেষ্টা করিতে লাগিলেন।

জম্বেশবাবু কহিলেন—তুই একবার শা, কুমার। থানায় গিয়ে ইনস্পেক্টরবাব্কে প্রবর দে, ডাকাতদের থোঁজ করবার জভে ব্যস্ত হবার ড'ব দরকার নেই। অনিলও এনে পড়েছে।

্কুমার বাহির হইয়া গেল।

সারা বাড়িতে উৎসবের সমারোহ চলিল। তাহার কী বর্ণনা করি বি মরিরা গিয়াছে বলিয়া তোমাদের বিখাস, সে যদি একদিন সত্য-সং সশ্বীরে বাড়ি ফিরিয়া আসে, তথনকার সেই আনন্দের ছবি তোমরাই ক্লিস্ত করিয়া দেখিও।